The field of AI is dynamic and constantly evolving, and AI tools must keep up with the latest advancements and emerging techniques. This section emphasizes the importance of continuous improvement and updates for AI tools to enhance their performance, address limitations, and incorporate state-of-the-art algorithms. It discusses strategies such as community feedback, user-driven development, and regular updates to ensure that AI tools remain relevant and effective.

**AI Tools for Ethical AI Auditing and Compliance**

With the increasing scrutiny around ethical AI practices, AI tools can play a vital role in auditing AI systems for bias, fairness, and ethical compliance. This section explores the development and application of AI tools specifically designed for auditing AI models and systems. It discusses techniques such as algorithmic fairness metrics, bias testing, and explainability audits, enabling organizations to assess and mitigate ethical risks associated with their AI deployments.

**AI Tools for Real-time Decision Making**

Timely and accurate decision-making is critical in various domains, and AI tools can provide valuable support in this regard. This section explores the use of AI tools for real-time decision making, including real-time analytics, predictive modeling, and anomaly detection. It discusses the challenges and opportunities in deploying AI tools for time-sensitive decision-making scenarios and highlights their potential impact on industries such as finance, cyber security, and emergency response.

**AI Tools for Personalized User Experiences**

AI tools can personalize user experiences by leveraging user data and preferences to deliver tailored recommendations and services. This section explores the use of AI tools in creating personalized user experiences across domains such as e-commerce, entertainment, and healthcare. It discusses the challenges of privacy and data security in implementing personalized AI-driven experiences and highlights the potential benefits in terms of user satisfaction and engagement.

## AI Tools and Global Collaboration in Addressing Societal Challenges

Societal challenges, such as climate change, pandemics, and poverty, require global collaboration and coordinated efforts. This section examines the role of AI tools in facilitating global collaboration and data sharing for addressing these challenges. It discusses the potential of AI tools in analyzing large-scale data, modeling complex systems, and providing insights to inform evidence-based policy-making and decision support.

## AI Tools and Responsible AI Development

Responsible AI development entails considering the broader societal implications and ethical considerations associated with AI tools. This section focuses on the role of AI tools in promoting responsible AI practices, including bias detection and mitigation techniques, explainability methods, and privacy-preserving algorithms. It emphasizes the importance of incorporating ethical frameworks into AI tool development to ensure fairness, accountability, and transparency.

AI Practices AI tool developers play a critical role in ensuring responsible and ethical AI practices. This section discusses the responsibilities and ethical considerations that AI tool developers should adhere to. It emphasizes the importance of transparency, accountability, and ongoing monitoring of AI tools' performance and impacts. Furthermore, it explores the significance of collaboration between developers, researchers, policymakers, and stakeholders to collectively shape responsible AI tool development.

## Conclusion

AI tools are revolutionizing the way we approach complex problems, enabling us to tackle challenges with increased efficiency and accuracy. However, as AI tools continue to evolve, it is crucial to address the ethical, social, and regulatory considerations associated with their development and deployment. By leveraging the potential of AI tools responsibly and inclusively, we can harness the full transformative power of AI and shape a future that benefits all of humanity. AI tools have emerged as powerful resources in shaping the future of artificial intelligence. From enhancing productivity and decision-making to addressing complex societal challenges, AI tools are transforming various industries and domains. However, to realize the full potential of AI tools, it is essential to prioritize ethical considerations, user experience, and continuous improvement. By embracing responsible AI practices and fostering collaboration, we can leverage AI tools to create a positive and inclusive impact on society.

## References


1. Yudkovsky Elizer (2009). "Artificial Intelligence as a Positive and Negative Factor in Global Risk" (New York), 32-40
2. Nilsson Nils. J (2010), “The Quest For Artificial Intelligence" (Cambridge University), 13-32
3. Smith Chris, Huang Ting (2006) "The History of Artificial Intelligence" (University of Washington), 14-16
4. Sotala Kaj (2012)."Advantages of Artificial Intelligence, Uploads and Digital Minds." International Journal of Machine Consciousness. doi:10.1142/S1793843012400161.
5. Boyarsky Andrew. "The Future of Artificial Intelligence." 3-22
6. Encyclopedia Britannica (2023)
7. https://www.britannica.com/technology/artificial-intelligence
8. Goggle Cloud (2023)
9. https://cloud.google.com/learn/what-is-artificial-intelligence
10. Extentia "Information Technology" (2023)
11. https://www.extentia.com/post/top-3-impacts-of-artificial-intelligence

# একুশ শতকের সমাজ: প্রচেত গুপ্ত-এর নির্বাচিত গল্পের ভাবনায়

**ড. শুভাশিস চট্টোপাধ্যায়** *

**সারসংক্ষেপ:** আধুনিক বাংলা সাহিত্যের ভিন্ন ধারার গল্প লেখকদের মধ্যে প্রচেত গুপ্তের নাম নিঃসন্দেহে করা যায়। সাংবাদিক প্রচেত গুপ্তের গল্প পাঠে পাঠক নিজের সময়কে খুঁজে পান। একুশ শতকের সমাজের বিবিধ সংকট, সমস্যা ও সম্ভাবনায় তার রচনা ঋদ্ধ। নবীন প্রবীণের দ্বন্দ্ব, সুবিধাভোগী রাজনৈতিক নেতা, সংস্কারাছন্ন মানুষ, দারিদ্র সীমার নিচে বসবাসকারী মানুষের পাশাপাশি অভিজাত ব্যবসায়ী সমাজ, আধুনিক উচ্চাভিলাষী শিক্ষিত যুবক প্রভৃতি সমাজের কোন শ্রেণীর রূপই সাংবাদিক প্রচেত গুপ্তের দৃষ্টির আড়ালে থাকেনি। তার গল্পের সংখ্যা খুব বেশি না হলেও সীমিত চরিত্র, ঘটনার চিত্রায়নের মধ্যে তিনি নগর জীবনের সমস্যা, সংকট ও তার থেকে মুক্তির পথের সন্ধানের পথ খুঁজেছিলেন। মানুষের কথা মানুষের জন্য তুলে ধরার কৃতিত্বেই একুশ শতকের প্রধান লেখক কূলের মধ্যে তিনি অগ্রগণ্য।

**শব্দসূচক:** মধ্যবিত্ত, বন্দী জীবন, উদার অর্থনীতি, নারীর স্বনির্ভর জীবন, দেশের দুর্বলতা, শ্রেণীচেতনা।

## ভূমিকা

ভিন্নধারার গল্প লেখকদের মধ্যে একুশ শতকে প্রচেত গুপ্তের নাম বিশেষভাবেই করা যায়। নিজের সময়ের সমাজকে প্রেক্ষাপটে রেখে তিনি মধ্যবিত্তের স্বপ্নদেখা ও স্বপ্নভাঙার গল্প বলতে পারেন অবলীলাক্রমে একই ভঙ্গিতে। পেশায় সাংবাদিক হওয়ার সূত্রে সমাজ জীবনের সর্বত্র তাঁর অবাধ যাতায়াত। সেই সুত্রেই তাঁর গল্প পড়ে গল্পের মধ্যভাগে পৌছে পাঠক উপলব্ধি করেন তার নিজের সময়ের এক সংকটকে তিনি গল্পের আঙ্গিকে পড়ছেন। এই সহজ উপলব্ধি প্রচেত গুপ্তের গল্পের প্রাণশক্তি তথা জনপ্রিয়তার অন্তর্নিহিত শক্তি। তাঁর গল্প সংকলন 'পঞ্চাশটি গল্পে'র পরিচিতিতে প্রকাশক বলেছেন 'প্রচেত-র গল্পগুলির এক একটা স্তরে এক এক রকম সৌন্দর্য, এক এক রকম রহস্য। কখনও আলো পড়ে ঝলমল করে, অন্ধকারে গা ছমছম করে ওঠে কখনও বা। গভীর বলেই গল্পগুলি তৈরী করে এক ধরণের ঘোর। সেই আবেশ থেকেই আসে মুগ্ধতা।'

যে কোন শিল্পী সাহিত্যিক তাঁর সমাজ থেকে বিচ্যুত থাকতে পারেন না। বরঞ্চ ঘুরিয়ে বলা যায় সমাজ সংকটই লেখককে কলম ধরার অনুপ্রেরণা জোগায়। বিশ শতকের দ্বিতীয়ার্ধের পরের যে কোন গল্পলেখক সম্পর্কে এই কথা আরও গভীরভাবে সত্য। সামাজিক নিয়মে বন্দী মানুষের মনের গভীরে লুকিয়ে থাকা ক্ষতকে প্রচেত গুপ্তও তাঁর সমকালীন অন্যান্য গল্পকারের মতো তাঁর কলমে উন্মুক্ত করেছিলেন। লেখকের নির্বাচিত গল্পের আলোচনার পূর্বে সমকালীন সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক প্রেক্ষাপটটি সংক্ষিপ্ত ভাবে তুলে ধরা যেতে পারে।

---

* *সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, কালিনগর মহাবিদ্যালয়*

একুশ শতাব্দীতে ভারতের বাজার সারা বিশ্বের কাছে উন্মুক্ত হল। উদার অর্থনীতির প্রভাবে ভোগবাদী চেতনার ব্যাপক সমৃদ্ধি ঘটল। ভারতে উদার অর্থনীতির হাত ধরে বিদেশী বিনিয়োগে শিল্পে প্রযুক্তির ব্যবহার বিপুল হারে বেড়ে গিয়েছিল। উৎপাদনের হার বৃদ্ধি পেলেও সাধারণ শ্রমিকের চাহিদা নিম্নমুখী হল বৈশ্বিক উষ্ণতার বৃদ্ধিতে ও সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিতে পরিবেশের ব্যাপক পরিবর্তন ঘটেছিল। কৃষির অনিশ্চয়তা মানুষকে আরও দিশাহীন করলো। সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ ও অবসাদ বিপুল বৃদ্ধি পেয়েছিল। অর্থনৈতিক সংকট যুব সম্প্রদায়কে বিপথগামী করে তুলল। দারিদ্রসীমার নিচে বসবাসকারী মানুষের সংখ্যা উল্লেখযোগ্য ভাবে কমলেও, পাকা রাস্তা-জল-আলো-পরিবেশের পরিবর্তন তাদের অর্থনৈতিক আশার আলো দেখাতে পারেনি। প্রযুক্তির উন্নতি বিশেষত আল্ট্রাসাউন্ড এর মাধ্যমে পিতামাতার সন্তানের ভ্রূণ নির্ণয়ের সুযোগ পক্ষান্তরে সমাজে নারীপুরুষের জন্মহারে ব্যাপক প্রভাব বিস্তার করেছিল। নারীর শিক্ষার ও আত্মপ্রতিষ্ঠার সুযোগ বাড়লেও নারীপুরুষকে ঘিরে সনাতনী মানসিকতার বিশেষ পরিবর্তন হল না। মুঠোফোনের ও ইন্টারনেটের বিপুল ব্যবহার সারা বিশ্বকে হাতের মুঠোর মধ্যে চলে এলো। গণমাধ্যমের বিপুল প্রসার এক খবরের সত্যতা নিয়ে অসুস্থ প্রতিযোগিতার সৃষ্টি করল।

আলোচনা শুরু করা যেতে পারে নবীন-প্রবীণ মানসিকতার সংঘাতের দৃষ্টান্ত দিয়ে। ‘সাইকেল’ গল্পে স্কুল শিক্ষক শুভ্রাংশু নিজের বাড়িতে অব্যবহৃত পুরানো সাইকেল বিক্রি করতে গিয়ে এক বিচিত্র অভিজ্ঞতার সাক্ষী হয়েছে। পরিচিত বিভিন্ন ব্যক্তিকে সাইকেল বিক্রি, পরে বিনামূল্যে নেওয়ার কথা বলেও বিদ্রূপ শুনতে হয়েছে, অবশেষে লাইনের ধারের জঙ্গলে সাইকেলকে ফেলে দিতে হয়েছে। কিন্তু স্কুল মাস্টারের সাইকেল নিয়ে শুভ্রাংশু নিজের সন্তান, স্ত্রী থেকে শুরু করে বিভিন্ন পরিচিত-অপরিচিতের মনোভাবে যে বদল দেখেছে, তা শুধু সাইকেল নয়, তাঁর আজন্ম লালিত নস্ট্যালজিয়ায় আঘাত করেছে। সাইকেল তো শুধু সাইকেল নয়, শুভ্রাংশুর মনের ভেতরের পুরাতনের প্রতি আকর্ষণও বটে, যা সে এতকাল ধরে রেখেছে। অন্যান্য অনেকের মতো বাজারের বইয়ের দোকানদার সুশীলের ভাবনাতে শুধু সাইকেলের বর্তমান সময়ের অচলতা প্রতিপন্ন হয়নি, সেই সঙ্গে শুভাংশুর পুরাতনের প্রতি প্রেমও যেন ঘোর অপমানিত হয়েছে ‘এখন আর সাইকেল টাইকেল চলবে না। একটা স্কুটার নিতে হবে। কাজের জন্য অনেক দূরে দূরে যেতে হচ্ছে। শহর বড়ো হয়ে গেছে। তার ওপর সবার তাড়া। সাইকেল চালিয়ে গুটুর গুটুর করে চলার সময় কই?’ চলমান সময়ের প্রেক্ষাপটে দাঁড়িয়ে শুভাংশুর ভালোলাগা যেন লাঞ্ছিত, অপমানিত হয়েছে।

আমরা ছোটবেলায় অনেক বন্ধু একসঙ্গে লেখাপড়া করে বড়ো হলেও সময়ের সঙ্গে আমাদের জীবনের চলার পথ আলাদা হয়ে যায়। মেধা, সুযোগ এবং আরও নানা সামাজিক কারনে সকলের বড়োবেলা আলাদা হয়ে যায়। পেশা বা জীবিকা আলাদা হলেও মনের ভেতরে রয়ে যায় পরস্পরের প্রতি এক গভীর শৈশবিক টান। সেই টানের কথাই প্রচেত গুপ্ত বলেছেন ‘সব ঠিক আছে’ গল্পে পঞ্চানন সাঁতরা প্রসঙ্গে। নিজের একদা কলেজ সহপাঠী বর্তমানে পুলিশের খাতায় ফেরার পঞ্চাননের হদিশ দিলে মোটা টাকা পুরষ্কার জুটতে পারে এই আকর্ষণে কথক ছুটে গিয়েছিলেন গোপনে, থানায়, পঞ্চাননের গোপন সংবাদ জানাতে। কিন্তু যখন সেই চরম ক্ষণ এসে উপস্থিত হল, তখন কথক ছুটে

গিয়েছেন পুলিসের হাত থেকে বন্ধুকে উদ্ধার করতে। নিজের বিবেকে প্রেয় আর শ্রেয় বোধের দ্বন্দ্ব কথককে দোলাচলে আছন্ন করেছে।

প্রচেত গুপ্তের বেশ কিছু গল্পের বিষয় হয়েছে রাজনীতি, বিশেষত রাজনৈতিক নেতা। পাড়ার নেতা থেকে নির্বাচনে দাঁড়িয়ে জিতে মন্ত্রী হওয়া — রাজনীতির এক অমোঘ সত্যের গল্প বলেছেন লেখক ‘বৃংহতি’ গল্পে। মন্ত্রী হলেও তো হল না, গুরুত্বপূর্ণ দপ্তরের মন্ত্রিত্ব চাই, তা না হলে দলে গুরুত্ব থাকে না। তাঁর গল্পের পরমেশ্বর স্যানাল মন্ত্রী হয়েছেন বটে, তবে পশুমন্ত্রী। তাঁর ঘরের বাইরের নেমপ্লেটে লেখা ‘শ্রী পরমেশ্বর স্যান্যাল, পশুমন্ত্রী’। তাঁর একান্ত সহকারী বিজয় পরমেশ্বরের এই সম্মানে বেজায় অখুশি ‘স্যার, পশু কথাটা কেমন কেমন শোনাচ্ছে যেন। লোকে হাসাহাসি করছে। বলছে, অর্থ মন্ত্রী, শিক্ষা মন্ত্রী, পশু মন্ত্রী।’ মন্ত্রিত্বের দায়িত্ব নিয়ে নিজের কদর বোঝানোর জন্য পরমেশ্বর হাতি বিক্রয়ের উদ্যোগ নিয়েছেন। সেই উদ্যোগে বিপুল সারা দেখে পরমেশ্বর উৎফুল্ল ‘এতদিন পরে এই প্রথম নিজেকে মন্ত্রী মন্ত্রী লাগছে। তাই পরমেশ্বর খুব খুশি’। বর্ণনার বিষয় উপস্থাপনে লেখকের মানসিকতা গোপন থাকে না।

আধুনিক শহুরে যুবকের ভাবনায় একালের আধুনিকতাকে দেখিয়েছেন লেখক বেশ কিছু গল্পে। ‘ফাইওভার’ গল্পে আধুনিক শিক্ষিত যুবক তথাগত তাঁর পছন্দের ফ্ল্যাট নিয়েছে কলকাতার এক জনবহুল স্থানে। স্ত্রী নবনীকে এই আধুনিকতার মায়া বোঝাতে গিয়ে তথাগত বলেছে ‘চোখের সামনে সারাক্ষণ গাড়ি ছুটবে। মনে হবে ছুটছে না, উড়ছে। একটা সময় ইউ ক্যান ফিল দ্যা স্পিড। মনে হবে, তুমিও সেই গতিটাকে ছুঁতে পারছো। আমাদের ছেলেমেয়েরাও একদিন এই স্পিডটাকে নিজেদের মধ্যে নিয়ে নেবে।’

একুশ শতকে পৌছে আমরা আধুনিক আদব কায়দায় অভ্যস্ত হলেও আমাদের মনের ভেতরের সংস্কারছন্নতা, দেহ সম্পর্কে শুচিতার ধারণা যে এখনও রয়ে গিয়েছে, সেই সত্য লেখক তুলে ধরেছেন বেশ কিছু গল্পে। ‘একজন ভিতু মেয়ের গল্প’-তে বসাকদের বাগানে এক অত্যাচারিত মেয়েকে পড়ে থাকতে দেখে পাড়া প্রতিবেশী সকলে উৎকণ্ঠিত হয়েছে। অজ্ঞাতপরিচয় মেয়েটিকে নিজের মেয়ের কলেজের সহপাঠী তিথি বলে অনুমান করে মধ্যবিত্ত পরিবারটি প্রাণপণে নিজের মেয়েকে এই ঘটনা থেকে কোন যোগাযোগ না থাকলেও আড়াল করতে চেয়েছে। অবশেষে প্রকৃত সত্য উদ্ঘাটিত হয়েছে এবং সহপাঠী দুই কন্যা যুগ্মভাবে অপরাধীর বিরুদ্ধে প্রতিবাদে রুখে দাড়িয়েছে। ‘ধর্ষিতা’ গল্পেও বিদিশা নিজে মেয়ে হয়েও প্রকৃত সত্য সম্পর্কে অবগত না হয়েই অন্য একটি মেয়ের চরিত্র সম্পর্কে ভুল ভেবেছে এবং নিজের মেয়ে রিচির রক্ষণাবেক্ষণ নিয়ে নিরাপত্তাহীনতায় উৎকণ্ঠিত হয়ে চরম স্বার্থপরতার পরিচয় দিয়েছে। বিয়ের পর নিজের মেয়ে শ্বশুর বাড়ী থাকবে, বাপের বাড়ি এলে স্বামীর সঙ্গে আসবে, এটাই মধ্যবিত্ত মানসিকতার বিশ্বাস। এই দৃশ্যের যদি বদল হয়, তবে পিতা-মাতার আজও দুশ্চিন্তার কারণ হয়। এই ভাবনাই প্রকাশ পেয়েছে ‘বৃষ্টি’ ও ‘গৃহত্যাগী’ গল্পে। প্রথমটিতে মেয়ের অকারণ বাপের বাড়িতে উপস্থিতি, ফোনে গোপন প্রেমালাপ পিতার মনে যে উৎকণ্ঠা সৃষ্টি করেছিল, তার মিস্টি সমাপতন ঘটেছে মেয়ের মুখে স্বামীর সঙ্গে তাঁর রাগানুরাগের ঘটনা প্রকাশে। আর পরেরটিতে জামাতা শ্বশুরালয়ে এসেছে নিজের কদর বুঝতে। জামাতার এইরূপ আচরণ

শ্বশুরকে তুষ্ট করেনি কিন্তু জামাতার ফিরে যাওয়ার পর তিনিও জীবনে প্রথমবার শ্যালকের বাড়িতে গিয়েছেন নিজের কদর বুঝতে। নিজের সন্তানের দোষ আড়াল করে পরের মেয়ের খুঁত ধরে তাঁকে অপমানিত করার প্রয়াস যে আজও রয়ে গিয়েছে, সেই সত্যি লেখক দেখিয়েছেন 'সেলেনোফোবিয়া' গল্পে। বাঁশির স্বামী কান্তির যৌন অক্ষমতার কারনে প্রথম পক্ষের স্ত্রী তাকে ছেড়ে চলে যাওয়ার পর কান্তির বিয়ে হয় বাঁশির সঙ্গে। কিন্তু বিবাহের অল্পদিন পরেই বাঁশির স্বামীর শারীরিক দুর্বলতা বুঝতে অসুবিধা হয়নি। কিন্তু কান্তির মা পুত্রবধুর কাছে বংশের উত্তরাধিকারী চান, এবং তা না হইয়ার জন্য বাঁশিকে অপরাধী সাব্যস্ত করে পুনরায় নিজের ছেলের বিবাহ দিতে চান।

দারিদ্র-সীমার নিচে বসবাসকারী মানুষের কণ্ঠস্বর শুনতে পাই 'মার' গল্পে হাসু, 'লুচি মাংস' গল্পে শিবনাথ আর 'চারমাথার মোর' এ ভজার গল্পে। প্রথম দুইজনের অবস্থার পরিবর্তন না হলেও ভজা রাজনীতির পাশাখেলায় নিজের অবস্থার উন্নতি করতে পেরেছে। প্রথমজন নিজে অপরাধ না করেও অর্থের আশায় অন্যের অপরাধের শাস্তি নিজের মাথায় নিয়ে নির্যাতিনের স্বীকার হত। হাসুকে দরকার হত প্রলয় ভড়ের মতো নারী মাংসলোভী জানোয়ারদের, যারা প্রকাশ্য দিবালোকে নিজের ব্যবসায় জালিয়াতি করার শাস্তি কিম্বা নারী শরীর নিয়ে লাম্পট্যতাকে লুকিয়ে নিজের সম্মানরক্ষার জন্য হাসুকে নিজের ঢাল হিসেবে ব্যবহার করতে একটুকু কুণ্ঠিত হত না। হাসুর সংলাপ তাঁর অসহায়তার চরমতম স্বীকারোক্তি 'গরীব মানুষ মার খেয়ে মরে না স্যার। মার খাওয়া তার রক্তে থাকে'। দশ বছরের শিয়ালদহে ফুটপাতবাসী শিবনাথ স্বপ্ন দেখতো একটু ভালো খাবারের। শীলপাড়ায় বিয়ে বাড়িতে লুচি মাংস খাওয়ার স্বপ্ন চরম অপমানে শেষ হয়েছে আর তৃতীয়জন ভজা চারমাথার মোড় গল্পে পাড়ার সামান্য গুণ্ডা থেকে অর্থ রোজগারের আশায় রাজনীতির পাশাখেলায় পাকা অপরাধীতে পরিণত হয়েছে।

সমাজের বুভুক্ষু শ্রেণীর সাথেই বলতে হয় সমাজের শক্তিশালী অভিজাতদের কথা, বণিক শ্রেণীর কথা। 'মার' গল্পে ব্যবসায়ীর প্রলয় ভড়ের কণ্ঠ শুনি, 'আমার যা ব্যবসা, সেখানে কেড়ে নেওয়ার ব্যাপার আছে দিশা। তাই মাঝেমধ্যে মার লাগে। শক্ত মার। অসহায়, দুর্বল হয়েও কেউ কেউ কাড়তে গেলে আপত্তি করে। তাদের জন্য লাগে আরও বেশি শক্ত মার।' সীমাবদ্ধ প্রাকৃতিক সম্পদের অধিকার নিয়ে সভ্যতার শুরু থেকেই শক্তিমানেরা মারের নিদান দিয়েই দূরে রাখতে চেয়েছে সংখ্যাগরিষ্ঠ আর্থিক ভাবে ভঙ্গুর মানুষদের। প্রলয় ভড় যেন তাঁদেরই প্রতিনিধি। একটা পরিত্যক্ত ডাস্টবিন থেকে এক ভিখিরি পরিবার গয়না খুঁজে পেয়ে পুলিশের কাছে জমা দিয়েছে। এরপর রাজনৈতিক নেতা থেকে মিডিয়া, বহুজাতিক কোম্পানি সেই পরিবারকে নিজের দলের করে দেখানো ও ডাস্টবিনকে নিজেদের ঢাক পেটানোর কাজে লাগাতে ব্যস্ত। এই প্রসঙ্গে বহুজাতিক কোম্পানির কর্মী শঙ্করপ্রসাদ খাস্তগিরের সংলাপে শুনি আধুনিক বহুজাতিক সংস্থার মার্কেটিং এর রূপ 'প্রথমেই আমরা ডাস্টবিনকে কোম্পানির তরফ থেকে নিয়ে নেব। যদি দাম লাগে তাই দেওয়া হবে। যত দাম লাগে। মোদ্দা কথা হল এটার সোল রাইট হবে আমাদের। অন্য কেউ আর এটাকে ইউজ করতে পারবে না। তারপর এটার ছবি, ডিজাইন দিয়ে আমদের বিজ্ঞাপন শুরু হবে। হোডিং, কিয়স্ক, নিউজপেপার, টিভি অ্যাড। চেয়ারম্যান চাইছেন, খুব তাড়াতাড়ি এই শহরটাকে আমরা ডাস্টবিন দিয়ে ঢেকে দিই। কাজটা টপ প্রায়োরিটি দিয়ে আমাদের করতে হবে'। কোথায় গেল সেই ভিখিরি

পরিবার? না তাঁদের খোঁজ সুপ্রাচীন কাল থেকে কেউ রাখেনি, কেউ রাখে না। উদারনীতির সূত্র ধরেই শহর ছেড়ে গ্রামীণ বাজার আজ বহুজাতিক সংস্থার কাছে লাভজনক। মানুষকে মুগ্ধ করতে হবে বিপননের কৌশলে। যার অন্যতম হল ঐতিহ্যের সঙ্গে আধুনিকতার মিশেল। তাই 'রাঙাপথ' গল্পে দেখি ছাব্বিশ বছরের পেশায় ইঞ্জিনিয়ার সন্দীপের নিজের ফার্ম 'আইডিয়া অ্যাসিস্ট্যান্ট' দায়িত্ব পেয়েছে বাইপাশের ধারে এক ঝাঁ চকচকে শপিং মল তৈরীর, যার মূল ভাবনায় ছিল 'যে জিনিস বাঙালিরা আগে কোথাও দেখেনি'।

এভাবেই গল্পের পর গল্প জুড়ে গল্পকার, সাংবাদিক প্রচেত গুপ্ত তুলে ধরেছেন তাঁর সমকালীন সমাজের মানসিকতা বিভিন্ন শ্রেণী চরিত্রের মাধ্যমে। সেখানে আধুনিকতা যেমন আছে, তেমনি কুসংস্কার, অবিদ্যা, দারিদ্রের হাহাকারও প্রকাশ পেয়েছে। নারীর স্বনির্ভর, সুখী দাম্পত্য জীবনের ছবি যেমন আছে তেমনি তার উপর নির্যাতন, তাঁর বঞ্চিত যৌন জীবনের ছবিও আছে। দেশের উদারনীতির ঐশ্বর্যের রূপ যেমন আছে, তেমনি বহিরাঙ্গিক চাকচিক্যের আড়ালে তার ক্ষতের ইঙ্গিতও আছে। কলকাতা শহরের বুকে শারদোৎসবকে কেন্দ্র করে মানুষের মেতে ওঠার ছবি যেমন আছে (রাজার পার্ট), তেমনি একালের যুব সমাজের কাছে রবীন্দ্রনাথের গ্রহণযোগ্যতা কোথায়, তাও লেখক কয়েকটি গল্পে স্পষ্ট করেছেন। বলা যেতে পারে লেখকের গল্পের সংখ্যা খুব বেশি না হলেও সেই গল্পগুলিতে সমাজের প্রায় সব শ্রেণির মানুষকে তিনি তাঁর গল্পে স্থান দিয়েছেন তাঁদের জীবনযাত্রার বৈশিষ্ট্যসহ। এখানেই গল্পকার হিসেবে তাঁর অনন্যতা।

**ঋণস্বীকার**

১. গুপ্ত, প্রচেত, পঞ্চাশটি গল্প, আনন্দ, নভেম্বর, ২০২১, ISBN 9788177569582

২. গুপ্ত, প্রচেত, আগুনবাড়ির কথা, দেজ, অক্টোবর, ২০২১, ISBN 978-93-92453-45-8

৩. গুপ্ত, প্রচেত, প্রচেত গুপ্তের গল্প, মিত্র ও ঘোষ, শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ, ISBN 978-93-5020-050-6

৪. দেশ পত্রিকা, ২রা ফেব্রুয়ারী, ২০২২ সংখ্যা।

৫. Sen Gupta, Bhabini, India in the Twenty First Century, Vol 73, No-2, Asia & the Pacific, Oxford University Press, April 1997.

৬. Anant, Hardeep, Challenges facing India in the 21$^{st}$ century: An HRD perspective, International Journal of Applied Business & Economic Research, Vol-13(3), 2015, ISSN 09727302

# রবীন্দ্রনাথ ঠাকুরের 'একটা আষাঢ়ে গল্প': রূপকথার বিনির্মাণ

**ড. ঈশিতা খাঁ** *

**সংক্ষিপ্তসার:** নিম্নের লেখাটির সংক্ষিপ্তসার ছকের মাধ্যমে তুলে ধরা হলো:





**মূল শব্দাবলী:** ইলাস্ট্রেশন, Resurrection, কেন্দ্রাভিগ, কেন্দ্রাতিগ, Happy ending, একমুখিনতা, আকস্মিকতা, নাটকীয়তা, অতিকথন, রূপকথা, ছোটগল্প, কল্পনাময়তা, Projection, পরাবাস্তব, ব্যাসদেব।

---

* *সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, কালিনগর মহাবিদ্যালয়*

**কথা শুরু:** রবীন্দ্রনাথের বাংলা লোক সাহিত্যের প্রতি অনুরাগের দুটি দিক ---

একদিকে তিনি লোকসাহিত্যের উপকরণ সংগ্রহের কাজে আত্মনিয়োগ করেছিলেন। উদাহরণ -- 'লোকসাহিত্য' গ্রন্থ। এখানে তিনি 'ছেলে ভুলানো ছড়া', 'গ্রাম্য সাহিত্য'কে নিয়ে প্রাবন্ধিকের মতো তার স্বরূপ ব্যাখ্যা করেছেন। অনেক উদাহরণও দিয়েছেন।

আরেকদিকে তিনি বাংলার লোকসাহিত্যের বিভিন্ন উপকরণ নিজের সাহিত্য সৃষ্টির মধ্যে প্রয়োগ করেছেন। এই ধারায় প্রথমেই রূপকথার নাম করা যায়। নামহীন লেখকদের দ্বারা রচিত বহু পুরাতন রূপকথার গল্পের সংগ্রহ বা তার স্বরূপের ব্যাখ্যা তিনি করেননি, শুধুমাত্র রূপকথার কিছু মোটিফ, কিছু চরিত্র, কিছুটা গল্পাভাসকে তুলে এনেছেন কখনো কবিতায়, কখনো প্রবন্ধে, কখনো গল্পে, কখনো গানে, কখনো বা চিঠিপত্রে, এমনকি শিশু শিক্ষার গ্রন্থেও। এখানে শুধুমাত্র 'গল্পগুচ্ছ'-এর অন্তর্গত 'একটা আষাঢ়ে গল্পে' রবীন্দ্রনাথ কিভাবে রূপকথাকে ব্যবহার করেছেন, তা নিয়ে আলোচনা করা হল।

রবীন্দ্রনাথের ছোটগল্প সৃষ্টির প্রারম্ভলগ্নে 'গল্পগুচ্ছ'-এর গল্পগুলো রচনা করার উৎসুক্যটি নিম্নরূপ ---

"বর্ষার সমান সুরে     অন্তর বাহির পুরে
সংগীতের মুষলধারায়
মাথাটি করিয়া নিচু     বসে বসে রচি কিছু
বহুযত্নে সারাদিন ধরে --
ইচ্ছাকরে অবিরত     আপনার মনোমত
গল্পলিখি একেকটি করে।"

(বর্ষাযাপন -- 'সোনারতরী')

আর গল্পগুলোর পথপ্রসারের সূচনা -- 'পদ্মার আতিথ্যে', 'নির্জন স্বজনের নিত্য সংগমে', 'মানুষের জীবনযাত্রার বিচিত্র বিচিত্র কলরবে', 'সুখ-দুঃখের বাণীতে'। এই ধারায় উঠে এসেছে গ্রামীণ জীবন, নাগরিক জীবন, প্রকৃতির সঙ্গে ব্যক্তির নিগূঢ় যোগসাধনের কথা, রাজনীতি, চরিত্রের অন্তঃস্বভাব, ঘটনা ও কাহিনী বিরলতা, চরিত্র প্রাধান্য, গল্পের জন্য গল্প বলার প্রয়াস। গল্পের দেহ নিয়ে এই নানা রকমের ভাঙ্গাগড়ার পাশেও বলে যাওয়া গল্পের ভাষা 'জোছনায় যেন ফুল ফুটেছে'-র মায়াময়তা এগুলো নিঃশব্দে বহমান হয়েছে তার গল্পে। অর্থাৎ শৈশবে যে শিশু মুগ্ধ বিস্ময়ে শুনতো রূপকথার গল্প, তারই রূপ-রং-রস বিচ্ছুরিত হল নিজস্ব

সৃষ্টিজগতে। এই বিচ্ছুরণ পদ্ধতিটি স্পষ্টতর করা যেতে পারে 'গল্পসল্প' গ্রন্থের 'পান্নালাল' গল্পের শেষে উক্ত ছড়াটির দুটি চরণের মাধ্যমে --

"একই মসলায় তারে ভাঙে আর গড়ে,

পুরনোটা বারে বারে নূতনেতে চড়ে।"

এই হল রবীন্দ্রগল্পে তথা সাহিত্যে রূপকথার প্রয়োগ পদ্ধতি। চিত্রকলার জগতে একটি শব্দের ব্যবহার করা হয়, শব্দটি হল 'ইলাস্ট্রেশন', যার অর্থ হলো অপরের শিল্পকর্মের ব্যাখ্যা বিশ্লেষণ। কিন্তু সেই শিল্পের প্রতি আনুগত্যের শর্তও সেখানে উপস্থিত। সাহিত্যের জগতেও শব্দটি প্রয়োগ করা যেতে পারে। আর এও ঠিক যে, নবতর ব্যাখ্যার ক্ষেত্রে আনুগত্যকে সম্পূর্ণ করে মানা যায় না। যেমন মানেন নি নন্দলাল বসু রবীন্দ্রনাথের 'সহজপাঠ'-এর চিত্র অঙ্কন করতে গিয়ে। তিনি রবীন্দ্রনাথের বর্ণনার সম্পূর্ণ আনুগত্য না দেখিয়ে তার বর্ণনার বাইরে গিয়ে নিজের একটি স্বতন্ত্র চিত্রভাষার ধারণা দিয়েছিলেন।[১] প্রাচীন অনামী লেখকের রূপকথার গল্পকে রবীন্দ্রনাথ তার গল্পের জগতে তুলে এনে তাকে যখন নবতর রূপ দিয়েছেন, তখন তিনিও 'ইলাস্ট্রেশন'-ই করেছেন, কিন্তু প্রাচীনত্বের আনুগত্যে নয়, তাকে গ্রহণ করে অথচ সেখান থেকে বেরিয়ে গিয়ে অর্থাৎ রূপকথার অন্দরমহলে প্রবেশ করেও তার গল্পের রূপকথা কিন্তু সেই প্রাচীন রূপকথার নয়, সম্পূর্ণ অন্য এক সৃষ্টি।

আসলে রবীন্দ্রনাথের হাতে রূপকথার Resurrection ঘটেছে। সম্পূর্ণ নতুন এক মানসিকতায় তিনি রুপকথার চর্চা করেছেন ফলে 'গল্পগুচ্ছ'-এর 'একটা আষাঢ়ে গল্প' হয়ে উঠেছে নবতর রূপকথা। আবার রূপকথার এই নবতর বিশ্লেষণটির উপর ভিত্তি করেই গল্পটিকে দুটি বিভিন্ন অভিধান অভিহিত করা যায় --

(ক) গল্পটির বিশ্লেষণে দেখা যাবে যে তা রূপকথার মতো, কিন্তু রূপকথা নয়। অবশ্যই ছোটগল্প। তাই একে প্রায় রূপকথা বলা যেতে পারে।

(খ) যদি মনে করি গল্পটিকে না-রূপকথা বলব, তাও বলা চলে, কারণ এটি গল্প । রূপকথার গল্প নয়। শুধুমাত্র রূপকথার কিছু চরিত্র কিছু মোটিফ এবং কিছু কাহিনী ব্যবহৃত হয়েছে, কিন্তু পরিণামে সেই ছোট গল্পই হয়ে উঠেছে।

'একটা আষাঢ়ে গল্প' (সাধনা, আষাঢ়, ১২৯৯): 'একটা আষাঢ়ে গল্প' অবশ্যই একটি ছোটগল্প। ছোটগল্প বাংলা সাহিত্যের স্বতন্ত্র আঙ্গিক সমন্বিত একটি বিশিষ্ট শিল্পরূপ। আধুনিক যুগের সাহিত্যিক হিসেবে গল্পকার স্বাভাবিকভাবেই তাতে নতুন জীবনবোধ সঞ্চারিত করেছেন। আবার এরই পাশাপাশি গল্পটিতে স্থান পেয়েছে

সম্পূর্ণ ভিন্ন একটি সাহিত্যিক artform রূপকথা। তাই এই গল্প সম্পর্কিত আলোচনার ধারাকে তিনটি অংশে ভাগ করে নেওয়া যেতে পারে ---

প্রথমত, রূপকথার সঙ্গে ছোটগল্প এবং নতুন জীবনবোধ অর্থাৎ আধুনিক ধারার নির্মাণ কৌশল -- 'একটা আষাঢ়ে গল্প' রবীন্দ্রপথ ছোটগল্প, নতুন জীবনবোধ এবং রূপকথাকে সংযুক্ত করেছেন অসাধারণ কৌশলের দ্বারা। গল্পবস্তুতে রূপকথার প্রয়োগ পদ্ধতিটি কেন্দ্রাভিগ (centrifugal) এবং ছোটগল্পের সঙ্গে নবজীবনবোধের বা আধুনিকতার ধারার প্রয়োগটি কেন্দ্রাতিগ (centripetal)। অর্থাৎ গল্পটির কাহিনী দ্বারা যেমন রূপকথাকে ছুঁয়েছে তেমনি আবার আধুনিকতা বা নতুন জীবনবোধও ছোটগল্পের আঙ্গিককে স্পর্শ করেছে।

এছাড়াও এই রূপকথার প্রাচীন ধারা এবং আধুনিকতার ধারাকে মিশ্রণের বিষয়টি অন্যভাবে ব্যাখ্যা করা চলে -- এ যেন রূপকথার পাত্রে আধুনিকতার পরিবেশন। সুতরাং বলা চলে, রূপকথা আধার। আর আধুনিকতা তথা ছোটগল্প ও জীবনবোধের ধারাটি আধেয় ---

'একটা আষাঢ়ে গল্প'

আধেয় = (ছোটগল্প + নতুন জীবনবোধ) = আধুনিকতা

আধার = রূপকথা

দ্বিতীয়ত, গল্পের যে অংশে রূপকথার প্রকাশ ঘটেছে তার বর্ণনা -- এই রূপকথা অন্বয়ের বিষয়টিকে দুটি ভাগে ভাগ করতে পারি ---

(অ) নিকটতম অন্বয় -- গল্পটির দ্বিতীয়, তৃতীয় পরিচ্ছেদে এবং একেবারে শেষে এই জাতীয় অন্বয় লক্ষ্য করা যায়।

দ্বিতীয় পরিচ্ছেদে আছে দূরদেশী রাজপুত্রের কথা, যে এক দুয়োরানীর ছেলে। এখানে লেখক রাজপুত্রের পরিচয় দিয়েছেন 'দুয়োরানীর ছেলে' বলে -- শুধু যদি 'রাজপুত্র' বলতেন, তাহলে রূপকথার ভাব যুক্ত হতো কিনা সন্দেহ আছে। কেননা রাজা-রানী-রাজপুত্রের কথা ইতিহাসেও পাওয়া যায়। কিন্তু 'দুয়োরাণী' শব্দটি ব্যবহারের সঙ্গে সঙ্গে গল্পটির সঙ্গে জড়িয়ে গেল রূপকথা। কারণ দুয়োরানী একান্তভাবে রূপকথারই মোটিফ। গল্পটি আরও রূপকথা লগ্ন হয়ে উঠেছে পরিচ্ছেদের দ্বিতীয় বাক্যে, যেখানে রবীন্দ্রনাথ বললেন, 'সে তাহার নির্বাসিত মাতার সহিত সমুদ্রতীরে আপনমনে বাল্যকাল যাপন করিতে থাকে' --- এখানে 'নির্বাসিত' শব্দটি লক্ষণীয়। কারণ রূপকথার দুয়োরানীরা সাধারণত কুঁড়েঘরে থাকে, হেলাফেলার জীবনযাপন করে। এটিকেও তাই রূপকথার মোটিফ বলা চলে। এরপর এসেছে রাজপুত্রের বসে বসে মনে মনে বৃহৎ অভিলাষের

জালবোনার কথা। রূপকথার রাজপুত্রের পক্ষে এটাই স্বাভাবিক, কারণ রূপকথার 'রাজপুত্রের চোখে থাকে অজানার হাতছানি, রহস্যের আমন্ত্রণ।' এ প্রসঙ্গে মনে পড়ে যায় গ্রিম ভাইদের 'দ্য ফিশারম্যান এন্ড হিজ্ ওয়াইফ' কাহিনীটির কথা। তাছাড়া গল্পে দেখি সেই জালের বুনটের সঙ্গেই জড়িয়ে গেছে "পক্ষীরাজ ঘোড়া, সাপের মাথার মানিক, পারিজাত পুষ্প, সোনার কাঠি, রূপোর কাঠি...... সাত সমুদ্র তেরো নদীর পারে দুর্গম দৈত্যভবনে স্বপ্নসম্ভবা অলোক সুন্দরী রাজকুমারী'র কথা, যা রূপকথারই নির্দিষ্ট প্রসঙ্গোপকরণ।"

তৃতীয় পরিচ্ছেদে দেখা যায়, অচেনা-অজানার টানে 'অকূলের নাবিকগিরি করে নিরুদ্দেশ হওয়া'র জন্য 'রূপকথার দেশের সন্ধান পেতে' এবং দুয়োরানীমায়ের দুঃখমোচনের জন্য প্রস্তুত দ্বাদশতরীতে চেপে রাজপুত্র তার দুই বন্ধু কোটালপুত্র এবং সদাগর পুত্রকে নিয়ে ভ্রমণে বেরোল --

"হিরো সাগর উঠে তরঙ্গিয়া

বাতাস বহে বেগে"

ফলে নৌকা ছুটে চলল রাজপুত্রের হৃদয় বাসনার মতোই দ্রুততায়--

"দক্ষিণে চাই, উত্তরের চাই

ফেনায় ফেনায় আর কিছু নাই

........................................

অকূল মাঝে ভাসিয়ে তরী

যাচ্ছি অজানায়।" (তাসের দেশ)

তারপর একটা বিপর্যয়, ঝড়ে সমস্ত নৌকা গেল ডুবে। কেবল একটি নৌকার তিন বন্ধুকে তাসের দেশে আছড়ে ফেলে খান্ খান্ হয়ে গেল ---

"এলেম নতুন দেশে

তলায় গেল ভগ্নতরী, কূলে এলেম ভেসে।" (তাসের দেশ)

এই রাজপুত্র, কোটালপুত্র ও সদাগর পুত্রের বাণিজ্যযাত্রা -- এগুলোর রূপকথারই সুলভ উপকরণ। 'সপ্তডিঙ্গা', চৌদ্দডিঙ্গা', 'মধুকর' ও 'ময়ূরপঙ্খী'র পাশে 'দ্বাদশতরী' নবতর সংযোজন। আর 'মনপরনের দাঁড় বিশিষ্ট হিজল কাঠের নাও'-এর নক্ষত্রবেগ, বিদ্যুৎবেগকে বাদ দিয়ে দ্বাদশতরী রাজপুত্রের হৃদয় বাসনার মতো বেগমান -- একথা বলে প্রাচীন কল্পনায় নবসৌন্দর্য সঞ্চারিত করেছেন লেখক। এছাড়াও এসেছে নৌকাডুবির পর রূপকথার মতই অবিশ্বাস্যভাবে প্রাণরক্ষার প্রসঙ্গ।

সবশেষে আছে রূপকথার মতো Happy ending বা 'সব পেয়েছি'র প্রশান্তি। রাজপুত্র পেল হরতন বিবির বরণমালা, অভিষিক্ত হল তাসের দেশের সিংহাসনে। আর দুঃখিনী দুয়োরানী মা 'সোনার তরী'তে চড়ে এল রাজপুত্রের নতুন রাজ্যে। এর মধ্যে অবশ্য রাজপুত্রের তাসের দেশের সিংহাসনে অভিষিক্ত হওয়া রূপকথার অন্যতর একমাত্রা কেও তুলে আনে। সেটি হল "রাজারা ঘুম হইতে উঠিয়া যাহার মুখ প্রথম দেখেন, তাহার হাতেই নিজের 'পরমা সুন্দরী' কন্যা সম্প্রদান করিয়া দিতে পারেন, অনায়াসে অর্ধেক রাজত্ব ও রাজকন্যা তাঁহার ইচ্ছেমত যে কোন ব্যক্তির হাতে দান করিতে পারেন -- রাজপুত্র -- নিরুদ্দেশ যাত্রা করে, এরপর এক অপরিচিত রাজ্যের রাজকন্যা ও সেখানকার অর্ধেকে রাজত্ব যৌতুক স্বরূপ লাভ করিয়া সেইখানে রাজত্ব করিতে থাকেন।"

('বাংলা লোকসাহিত্য: কথা'; আশুতোষ ভট্টাচার্য)

দূরতম অন্বয় -- গল্পটির প্রথম ষষ্ঠ এবং অষ্টম পরিচ্ছেদে এই অন্বয় চোখে পড়ে।

প্রথম পরিচ্ছেদে আছে নির্দিষ্ট তাসের দেশের বর্ণনা -- আর এই রবীন্দ্রসৃষ্ট জেগে ঘুমিয়ে থাকা তাসের দেশকে ঘিরে আছে সমুদ্র, যেন 'সমস্ত দ্বীপকে নিদ্রাবেশে আচ্ছন্ন' করে শান্তি রক্ষা করছে।[২] শান্তিটা বুড়ো গাছের মতো। পোকা লেগেছে ভিতরে ভিতরে, সেটা নির্জীব অর্থাৎ তাসের দেশ বহির্ভুবন থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন জাতি-বর্ণে বিভাজিত একটি চমৎকার শৃঙ্খলাবদ্ধ দ্বৈপায়ণ সভ্যতা।

তাসগুলি সেই দেশের অধিবাসী, যাদের দেখতে মানুষের মতো কিন্তু 'এক ফোঁটা জীবন্ত পদার্থ আছে কিনা নাড়া দিয়ে' দেখতে হয়। মানুষগুলোর চলা-ফেরা, আসা-যাওয়া, ওঠা-পড়া সমস্ত নিয়মাধীন। 'হঠাৎ খেলা বলে ভ্রম হয়'। তারা ফ্যাল্ ফ্যাল্ ছবির মতো। তাদের 'কোন আশা নাই, অভিলাষ নাই, ভয় নাই, নূতন পথে চলবার চেষ্টা নাই, হাসি নাই, কান্না নাই, সন্দেহ নাই, দ্বিধা নাই... শব্দ নাই, দ্বন্দ্ব নাই, উৎসাহ নাই, আগ্রহ নাই।' --- 'নাই নাই' শব্দের বারবার ব্যবহার তাসের দেশের গভীর নিদ্রাবেশ বোঝাতে ব্যবহৃত হয়েছে। এ আমাদের জানা যে, তাসের রূপকটি রবীন্দ্রনাথ পেয়েছিলেন লিউইস ক্যারলের 'অ্যালিস ইন ওয়ান্ডারল্যান্ড' গ্রন্থ থেকে। আসলে সাহেব, বিবি, গোলাম, তিরি, দুরি, টেক্কা ইত্যাদি তাসের নানা প্রকারভেদ আছে বলেই রবীন্দ্রনাথ তাসকে বহু বর্ণে বিভাজিত সভ্যতার রূপক হিসাবে অনায়াসেই ব্যবহার করতে পেরেছিলেন। প্রথম পরিচ্ছেদে তাসের দেশের যে বর্ণনা পাওয়া গেল, দেখা যায় যে, তাতে রূপকথার কোন অনুষঙ্গই আসেনি। এই বর্ণনা পড়ে রূপকথার গল্পগুলির কথা মনেও পড়ে না। কিন্তু একটু ভেবে দেখলে বোঝা যায়, নিয়মবদ্ধ তাসের দেশ রূপকথার রাক্ষস বা দৈত্যের অন্ধকার পরিত্যক্ত দুর্গম দুর্গেরই সমরূপ।

ষষ্ঠ ও অষ্টম পরিচ্ছেদে দেখা যায়, 'নির্বাক নিরুদ্বিগ্নভাবে কর্মব্যস্ত', 'নির্বিকার মূর্তি' হরতনের বিবি, যে রাক্ষসের পুরীর নয়, তাসের দেশের নিয়মের জাদুতে বন্দি রাজকন্যা স্বরূপ --- তার মধ্যেও দেখা গেল

নারীত্ব। সমুদ্র পারের রাজপুত্র তার মনকেও জাগিয়ে দিল, মজিয়ে দিল। এ যেন বিশালাকার দৈত্যপুরীর দৈত্যকে পরাস্ত করে রাজপুত্রের সোনার কাঠির স্পর্শে রাজকন্যার ঘুম ভাঙানো ও উদ্ধারেরই কাহিনী। পরিশেষে 'রাজপুত্র' কবিতা অবলম্বনে বলা যায় --

"বন্দিনীরে করিলে উদ্ধার

করি নিল আপনার

নিয়ে গেল মুক্তির আলোকে।"

এছাড়াও রূপকথার সঙ্গে অন্বয়ের প্রসঙ্গে গল্পের নামকরণের বিষয়টিকে আনা যায় -- 'আষাঢ়ে' শব্দের একটি অর্থ হল আষাঢ় মাস কালীন। গল্পটিও লেখা হয়েছে ১২৯৯ সালের আষাঢ় মাসে। তবে রবীন্দ্রনাথ এখানে রাজপুত্রের গল্প শোনার বর্ষা প্রেক্ষিত ছাড়া আর কোথাও বর্ষার কথা আনেন নি। রবীন্দ্রনাথের অন্যান্য গল্প ও কবিতাতেও দেখা যায় যে, যতবার তিনি রূপকথার গল্প শোনার প্রসঙ্গকে এনেছেন, ততবারই বর্ষার পরিবেশ রচনা করতে ভোলেননি -- এ প্রসঙ্গে মনে আসে 'গল্পগুচ্ছ'-এর 'অসম্ভব কথা', 'কড়ি ও কোমল' কাব্যগ্রন্থের 'উপকথা', 'শিশু'র 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' ইত্যাদির কথা। সুতরাং আষাঢ় মাসে রচিত গল্পে 'তাসের দেশ'-এর কথায় ভরপুর 'একটা আষাঢ়ে গল্প'কে নব্য রূপকথা বলা চলে। আবার 'আষাঢ়ে' গল্পের আরেকটি অর্থ হলো 'অসম্ভব' -- এদিক দিয়েও গল্পটি রূপকথার একটি বৈশিষ্ট্য 'অসম্ভবতার' কাছাকাছি চলে যায়। আর সবচেয়ে বড় কথা হলো 'একটা আষাঢ়ে গল্প' নামকরণটি দেখার পরেই পাঠকের মনে গল্প শোনার যে ইচ্ছে জাগে, লেখকও তাকে পূরণ করে দিয়েছেন তাসের দেশের রূপকথায় ফুটে ওঠা রূপকথার গল্প বলে। অবশ্য এ প্রসঙ্গে যেটি অবশ্যই উল্লেখ করতে হবে সেটি হল রূপকথাও রূপকথার একটা বড় বৈশিষ্ট্য। রূপকথার আড়ালে থাকে জীবনের গল্প। সেখানে রাক্ষস-খোক্ষস, কু এবং মন্দের প্রতীক ব্যঙ্গমা-ব্যঙ্গমী মানুষের প্রতি মানুষের অযাচিত সাহায্য এবং অনুকূল দৈবযোগের প্রতীকবাহী রাজকন্যা মানুষের গোপন অন্তঃপুর-শায়িনী প্রেয়সী, রাজপুত্র মানবমনের অ্যাডভেঞ্চার স্পৃহার প্রতীক। অর্থাৎ রূপকথা হল রূপকের আশ্রয়ে মানুষের জয়যাত্রার কাহিনি।

তৃতীয়ত, গল্পের যে অংশ নতুন জীবনবোধ ও ছোটগল্পের আঙ্গিক অর্থাৎ আধুনিকতার ধারার সঙ্গে যুক্ত, তার বিশ্লেষণ এই আলোচনাকেও দুটি অংশে ভাগ করে নেওয়া যাক --

(১) ছোটগল্পের আঙ্গিক কিভাবে 'একটা আষাঢ়ে গল্পে' উঠে এসেছে? অর্থাৎ ছোট গল্প হিসেবে তা কতটা সার্থক?

এক্ষেত্রে ছোটগল্পের বৈশিষ্ট্যসূত্রে গল্পের বিচার করলে দেখা যায়---

◆ সার্থক ছোট গল্পের প্রধান বৈশিষ্ট্য হল জীবনের পুর্ণাবয়ব চিত্রের পরিবর্তে জীবনের খন্ডাংশের বা বিশেষ মুহূর্তের রসনিবিড় রুপায়ন। 'একটা আষাঢ়ে গল্প'-তেও দেখা যায়, রাজপুত্রের জীবনের একটি বিশেষ পর্যায় ফুটে উঠেছে-- সেটি হল তার পড়াশোনা সাঙ্গ করে দেশভ্রমণে বের হওয়া থেকে বিবাহ পর্যন্ত।

◆ ছোটগল্পের ধর্ম হল একমুখিনতা। এই গল্পটিতে কাহিনির একমুখী গতি কোথাও শিথিল হয়নি। বরং গল্প শুরু হওয়ার সঙ্গে সঙ্গে তা খরগতিতে এগিয়ে গেছে পরিণতির দিকে।

◆ ছোটগল্পে চরিত্রের ভিড় থাকে না। 'একটা আষাঢ়ের গল্প'-এ চরিত্র সংখ্যা অল্প --- রাজপুত্র, দুয়োরানী, সদাগরপুত্র, কোটালপুত্র, হরতনের বিবি।

◆ ছোট গল্পের মধ্যে থাকে আকস্মিকতা ও নাটকীয়তা। 'একটা আষাঢ়ে গল্প'-এ লেখক এর প্রকাশ ঘটিয়েছেন অনবদ্যভাবে। যেমন -- বাণিজ্যতরী ডুবে যাওয়া, রাজপুত্রের দিকে হরতনের বিবির মুগ্ধনেত্রে কটাক্ষপাত ও 'সলজ্জ লুণ্ঠন' ইত্যাদি। আর এর মাধ্যমে সৃষ্টি হয়েছে নাটকীয়তা।

◆ ছোটগল্পে অকারণ বিস্তৃতি বা অতিকথনের সুযোগ থাকে না। রবীন্দ্রনাথ তার 'সোনারতরী'র 'বর্ষাযাপন' কবিতায় বিষয়টিকে ব্যাখ্যা করেছেন নিম্নরূপে -- 'নাহি বর্ণনার ছটা ঘটনার ঘনঘটা' -- 'একটা আষাঢ়ে গল্প'-তে এই বৈশিষ্ট্য উপস্থিত। গল্পটিতে দেখা যায় যে লেখক খুব স্বাভাবিকভাবেই রাজপুত্রের বাণিজ্যতরীর জলে ডোবা, হরতনের বিবির রাজপুত্রের প্রতি প্রেম, তাস রাজ্যের পরিবর্তন, রাজপুত্রের বিবাহ ইত্যাদি কাহিনীকে অন্যান্য ঘটনার মতো স্বাভাবিকভাবেই পাঠককে জানিয়েছেন, তা নিয়ে বাড়াবাড়ি করেননি।

◆ ছোটগল্পের জীবনের খন্ডাংশের উপলব্ধিতে ধরা পড়ে বিপুলের আশ্বাস। শুরুতে ছোটগল্পের কাহিনি জীবনের ক্ষণবৃন্তে ফুটে উঠলেও শেষে তা ব্যঞ্জনার সৃষ্টি করে -- এই বৈশিষ্ট্যও গল্পটিতে ফুটে উঠেছে। চিরদুখিনী নির্বাসিতা দুয়োরানীর পুত্রের জীবনে জয়ী হওয়া, মাকে জয়ী করা এবং রাজমাতার সুখ দেওয়ার কাহিনি আমাদের অন্যতর উপলব্ধিতে পৌঁছে দেয়।

উপরিউক্ত আলোচনা থেকে বলা যায়, 'একটা আষাঢ়ে গল্প' অবশ্যই একটি ছোটগল্প। কিন্তু তাতে ছোটগল্পের দুটি বৈশিষ্ট্য অনুপস্থিত --

(১) রবীন্দ্র-কথিত ছোটগল্পে 'নাহি তত্ত্ব নাহি উপদেশ' গল্পটির ক্ষেত্রে প্রযুক্ত হয়নি।

(২) রবীন্দ্র-কথিত ছোটগল্পের আরেকটি বৈশিষ্ট্য

'অন্তরে অতৃপ্তি রবে সাঙ্গ করি মনে হবে
শেষ হয়েও হইল না শেষ।'

অর্থাৎ ছোট গল্প এমনভাবে অতর্কিতে সমাপ্ত হবে যে তা পাঠককে অপ্রস্তুত করে দেবে, এটিও অনুপস্থিত।

(২) গল্পটিতে পরিস্ফুট নতুন জীবনবোধ --

ছোটগল্পের আঙ্গিক কিভাবে গল্পটিতে ফুটে উঠেছে সেই আলোচনাতেই বলেছি রবীন্দ্র কথিত ছোটগল্পের বৈশিষ্ট্যকে, 'নাহি তত্ত্ব নাহি উপদেশ'-এর কথা আছে, তা এই গল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। কেননা এখানে একটি তথ্য সুস্পষ্টভাবে বিদ্যমান। সেটি হলো -- জরা ও অফুরন্ত প্রাণ -- এই দুইয়ের মধ্যে প্রাণময়তার বিজয়তত্ত্ব, যাকে রবীন্দ্র জীবনবোধ বা নতুনযুগের নতুন জীবনবোধ বলা যেতে পারে।

'একটা আষাঢ়ে গল্প'-র শুরুতেই আছে নিয়ম-শৃঙ্খলাবদ্ধ 'তাসের দেশ'-র কথা। এরপর এসেছে রাজপুত্রের কথা। গল্পটির তৃতীয় পরিচ্ছেদের শেষে দেখা গেছে রাজপুত্র তাসের দেশে এসে উপস্থিত। ফলে চতুর্থ পরিচ্ছেদ থেকে আবার সেই দেশের কথা বর্ণিত হয়েছে।

চতুর্থ পরিচ্ছেদেই তিরি, দুরির উক্তি প্রত্যুক্তির দ্বারা স্পষ্ট হয়ে উঠেছে যে, রাজপুত্র ও তার দুই বন্ধুকে নিয়ে তাসের দেশে গোলযোগ উপস্থিত। যদিও কোটাল পুত্র ও সদাগর পুত্র এই নিরানন্দ ভুমিতে, 'মরাদেশে' ছুতোরের তৈরি কাঠের কুঞ্জবনে[৩] একদণ্ড থাকতে রাজি নয়, কিন্তু রাজপুত্র সেখানেই থেকে তাদের নাড়া দিয়ে মধ্যকার মনুষ্যত্বের সন্ধান করতে চাই। এ বিষয়ে তার প্রথম পদক্ষেপ হলো 'উচ্ছ্বসিত উচ্ছৃঙ্খল অট্টহাস্য', -- যার আঘাতে ছিন্ন হয়ে যায় নিয়মে বন্দী তাস রাজ্যের শৃঙ্খল। দ্বিতীয় পদক্ষেপের পরিচয় আছে পঞ্চম পরিচ্ছেদে -- তাসের দেশের ট্যাবু ছিল 'ইচ্ছা'। এই ট্যাবু লঙ্ঘন করলে রূপকথায় অমঙ্গল সূচিত হয়। কিন্তু তারুণ্যের প্রাণশক্তির স্পর্ধায় রাজপুত্র যখন 'উৎপাতে'র দ্বারা সেই ইচ্ছা ও নিয়মের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি করল তখনই সূচিত হলো ইচ্ছার জয়। 'বেড়ার নিয়ম' ভেঙ্গে বেরিয়ে এলো 'পথের নিয়ম', 'হাওয়া দিল হালকা করে'।[৪] অর্থাৎ বাধানিষেধকে ভেঙ্গে তখনই শুভফল ফলল -- 'ইচ্ছেমন্ত্রে'র প্রভাব স্পষ্টভাবে অনুভব করার সঙ্গে সঙ্গে 'তাস রাজ্যের আগাগোড়া অল্প অল্প আন্দোলিত হইতে আরম্ভ হইল', তার নিদ্রাবেশ ভাঙতে শুরু করল। 'পুতুলে'র মধ্যে প্রথম প্রাণের সঞ্চার অনুভূত হলো। ষষ্ঠ থেকে দশম পরিচ্ছেদে দেখা গেল 'সমুদ্রপারের মন্ত্রে', 'বিদেশীর খ্যাপামির হাওয়ায়'[৫] সুপ্তোত্থিত 'তাসের দেশে যারা শুধু ছিল মানুষের মতো দেখতে, তাদের মধ্যে মনুষ্যত্বের চরিত্র বৈশিষ্ট্যও ফুটে উঠতে লাগল। তাসেরা আপন জাত খুইয়ে মানুষের মত চালচলন ধরল।' ৬ এমনকি নির্বিকার মূর্তি হরতনের বিবির মধ্যে দেখা গেল নারীত্ব। আমরা জানি, ন্যায়ের জয় সূচিত হয়। এই গল্পে যৌবনের জয় ও জড়ত্বের পরাজয়ের কথাই উঠে এসেছে -- তাসের দেশের তাসবংশীয়দের শারীরিক ক্রিয়াশীলতা থাকলেও মনের দিক থেকে তারা প্রতিক্রিয়াহীন, বা বলা চলে মন বলে কোন পদার্থ তাদের নেই।

এহেন ঘুমন্ত তাসবংশীয়দের দূরদেশের প্রাণোচ্ছ্বল রাজপুত্র এসে জাগিয়ে দিয়েছে, যা আমাদের মনে করিয়ে দেয় 'বলাকা'র 'সবুজের অভিযান' কবিতাটির কথা --

"ওরে নবীন, ওরে আমার কাঁচা

ওরে সবুজ, ওরে অবুঝ,

আধ মরাদের ঘা মেরে তুই বাঁচা।

..........................................

চিরযুবা তুই যে চিরজীবী

জীর্ণ জরা ঝরিয়ে দিয়ে

প্রাণ অফুরান ছড়িয়ে দেদার দিবি।"

আবার 'একটা আষাঢ়ে গল্প'কে অবলম্বন করে রবীন্দ্রনাথ নৃত্যগীত সম্বলিত 'তাসের দেশ' নামে যে নাটকটি রচনা করেছিলেন তার একটি গানের মাধ্যমে ও তার বংশীয়দের নির্জীবতা থেকে প্রাণবন্ত হয়ে ওঠার বিষয়টিকে বোঝানো যায় --

"বন্দী প্রাণ মন হোক উধাও

শুকনো গাঙে আসুক

জীবনের বন্যার উদ্দাম কৌতুক;

ভাঙনের জয়গান গাও।

জীর্ণ পুরাতন যাক ভেসে যাক।"

সুতরাং উপরের সমস্ত আলোচনা থেকে বলা যায় যে, গল্পটির পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম পরিচ্ছেদে আধুনিক ধারার রাহুগ্রাস রূপকথার ধারা বিলীয়মান। এছাড়াও রূপকথার সঙ্গে গল্পটির সম্পর্কহীনতার প্রসঙ্গে আরেকটি বিষয় উপস্থাপিত করা যায় -- গল্পের দ্বিতীয় পরিচ্ছেদে দেখা যায় পাঠক লেখকের কাছ থেকে গল্প শুনছে, সেই গল্পেরই একটি চরিত্র রাজপুত্রেরও গল্প শোনার অসাধারণ পরিবেশ বা আবহ সৃষ্টি হয়েছে -- ' বৃষ্টির ঝর্ ঝর্ শব্দের মধ্যে' রাজপুত্র অজানার হাতছানিতেই তার মায়ের কাছে শুনতে চেয়েছে 'একটু দূর দেশের গল্প'। আসলে 'জমাট বর্ষা'তেই তো গল্প জমে। গল্পের মধ্যে গল্প বলার কৌশল রবীন্দ্রনাথ চমৎকারভাবে এখানে প্রয়োগ করেছেন।

পাঠকের গল্প শোনার বৃত্ত



রাজপুত্রের গল্প শোনার বৃত্ত

রূপকথার কোন গল্পেই এই আঙ্গিক লক্ষণীয় নয়। এটি সম্পূর্ণরূপে আধুনিকতার দান।

সব মিলিয়ে 'একটা আষাঢ়ে গল্প' রূপকথার ঢঙে রচিত তাসের দেশের রূপকে একটি সার্থক ছোটগল্প। রূপকথার লঘু মেজাজ ও সরলভাবটা রবীন্দ্রনাথ ব্যবহার করেছিলেন যাতে তাসের দেশের প্রথাবদ্ধ প্রাচীন দুর্ভরতা ভয়াবহ না হয়ে ওঠে সেইজন্য। প্রাচীন রূপকথা রবীন্দ্রনাথের ব্যক্তিসত্তায় অধিবাসিত হয়ে আধুনিককালের প্রেক্ষিতে তাঁর সৃষ্টিসত্তার সঙ্গে মিশে রূপে, রসে একেবারে নতুন হয়ে উঠেছে। গতানুগতিক রূপকথা বা গতানুগতিক ছোট গল্প -- কোন ধাঁচেই একে বাঁধা চলে না। এখানেই তাঁর রূপকথা, ছোটগল্পের বৈশিষ্ট্য এবং নতুন জীবন বোধ প্রয়োগের অনন্যতা।

**শেষকথা:**

সাহিত্যে রূপকথার ব্যবহার রবীন্দ্রনাথের কাছে নিছক খেলা নয় বরং অগম্ভীর সৃষ্টির এক সুকঠিন অনুশীলন, যা তিনি করেছেন অত্যন্ত অনায়াসসাধ্য, অতি সরলীকৃত ভঙ্গীতেই। অবশ্য পরিণত মন নিয়ে শিশুপাঠ্য রূপকথাকে কেন্দ্র করে সাহিত্য রচনা করলেও এর পূর্ব প্রস্তুতিতে তাঁর ছেলেবেলার পরিবেশই সক্রিয় ছিল -- সেকেলে কলকাতার শ্যাকরাগাড়ি, পালকি, রাস্তার রেড়ির আলো, ধারে বাঁধানো নল দিয়ে গঙ্গা থেকে বাড়ির পুকুরে জল আসা -- এসব অনুষঙ্গেই বিরাট বনেদিবাড়িতে ভৃত্যরাজকতন্ত্রের মধ্যে সাত আট বছরের বালক রবির মন কল্পনার পাখা মেলতে শুরু করে। ঠাকুরমার আমলের একটি পরিতক্ত পালকির ভেতরে বসেই সবার অগোচরে তাঁর কল্পনা প্রয়াসের প্রথম শুরু -- "একলা বসে আছি। চলেছে মনের মধ্যে আমার অচল পালকি, হাওয়ায় তৈরি বেহারাগুলো আমার মনের নিমক খেয়ে মানুষ, চলার পথটা কাটা হয়েছে আমারই খেয়ালে। সেই পথে চলেছে পালকি দূরে দূরে দেশে দেশে, যে সব দেশের বই পড়া নাম আমারই লাগিয়ে দেওয়া।" [৭]

এছাড়া মায়ের কোন্ ছেঁড়া মলাটওয়ালা মলিন কৃত্তিবাসী রামায়ণ বইখানির পাঠ, সন্ধ্যেবেলায় রেডির তেলের ভাঙা মেজের চারপাশে সকল শিশুরা মিলে বসে ভূতপূর্ব গুরুমহাশয় ঈশ্বরের (যে 'ছেলেবেলা'য় ব্রজেশ্বর নামে পরিচিত) কাছ থেকে রামায়ণ-মহাভারতের গল্প শোনা আবদুল মাঝির বাঘ ও কুমীরের গল্প, রাত্রে দিদিমার রূপকথার গল্প, শংকরী বা পিয়ারীর গল্প -- 'জোছনায় যেন ফুল ফুটেছে' -- জীবনের এই গোড়াকার কাঠামোই তাঁর কল্পনাকে আরো পরিপুষ্টতা দান করেছিল।

তাঁর সমস্ত জীবনটাই হয়ে উঠেছিল একটা অফুরান বিশাল ছেলেবেলা, সেখানে ছেলেবেলার কল্পনা ও গল্প শোনার 'আকাশের আলো কখনো ম্লান হয়নি।' আসলে বয়সকে বাদ দিয়ে তাঁর মনটা 'নদীর স্রোতে চাঁদের আলোর মতো টানের বাইরে', আলগায় আলগোছেই থেকেছে। ফলে পালকি, গল্পশোনা, কল্পনাময়তা এগুলো 'নব নব রূপে আশ্চর্য থেকে আরো আশ্চর্য মেঘে ছোঁয়া কল্পনার পাল তুলে অজানা সাগরে সাগরে নীল দিগন্ত

সন্ধান করে ফিরেছে।' [৮] ---- সেই কল্পনাই দুলিয়ে দিয়েছে বাংলা ও সমস্ত বিশ্ব সাহিত্যের ভান্ডারকে, পরিণত মন নিয়ে যেমন বিভিন্ন সাহিত্যের ক্ষেত্রে অবাধ বিচরণ করেছেন, তেমনি অন্তরের ছেলেমানুষির তাগিদেই পাকা করে নিয়েছেন -- 'শিশু মহারাজ্যের সভায় সখাপদটি'। তবে কি এ তাঁর নিজের শৈশবকেই আরেকবার অনুভবের চেষ্টা? সে যাই হোক্ না কেন, রূপকথার ঐতিহ্য সম্পর্কে প্রগাঢ় জ্ঞান, রূপকথার রচনাকারদের মতো কল্পনাশক্তি এবং রূপকথাকে প্রকাশের দক্ষতা -- এই ত্রয়ীর মিলনেই রবীন্দ্রনাথ সৃজনশীল রূপকথা গড়ে তুলতে পেরেছেন। এ কাজে তিনি তার স্বপ্নভূমির এক আঙিনাকে সর্বক্ষণ খুঁজে বেরিয়েছেন 'এবং তার রূপকথা কেন্দ্রিক গল্পগুলি হয়ে উঠেছে তাঁর মনের জীবন্ত projection বা নকসা'। [৯]

সভ্যতার প্রারম্ভলগ্নে অনামা শ্রমজীবী সাধারণ মানুষের মুখে রূপকথার গল্পগুলোর উৎপত্তি -- রাজার দুই রানী -- সুয়োরানী ও দুয়োরানী, রাজপুত্রের রাক্ষসপুরীতে যাত্রা, পথে ব্যঙ্গমা-ব্যাঙ্গমীর কথোপকথন, রাক্ষসপুরী থেকে রাক্ষসদের হত্যা করে পক্ষীরাজ ঘোড়ায় চেপে রাজকন্যাকে নিজ রাজ্যে নিয়ে আসে ও বিবাহ করে সুখে ঘরকন্না করা -- ইত্যাদিকে কেন্দ্র করেই সেইসব রূপকথার কাহিনী গড়ে উঠেছে। আজ আমরা সেই ঊষালগ্ন পেরিয়ে সাম্রাজ্যবাদী শোষণ, দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তী সময়ের নিরাপত্তাবোধের অভাব, আতঙ্ক, আশঙ্কা, দুর্ভিক্ষ, কালোবাজারি, পুরনো মূল্যবোধের ভাঙন, এগুলোকে অতিক্রম করে বিশ্বায়নের যুগের বাসিন্দা। আজকের এই উত্তর-আধুনিক যুগের শিল্পে রূপকথা উঠে এসেছে পরাবাস্তবের আশ্লেষ" [১০] সহযোগে। সুব্রত চৌধুরীর 'ইমোশন' নামক টেবিলে বসা সবুজ ব্যাঙের মুখোমুখি নারীর ছবিতে -- ব্যাঙের ছদ্মরূপে চিত্রকর রূপকথার রাজকুমারকে কল্পনা করেছেন। আবার এই সময়েরই একটি গানে রূপকথার ভিন্নমাত্রা ধরা পড়েছে --

"যাচ্ছে উড়ে ওই ছোট্ট সে মেয়ে
পিঠে চড়ে এক পক্ষীরাজের
যাদুকাঠির আলতো ছোঁয়ায়
ভেঙে দেবে ঘুম রাজকুমারের।" [১১]

-- রাজপুত্রের বদলে রাজকন্যার পক্ষীরাজ চড়ে রাজকুমারের ঘুম ভাঙানো কি নারীর পর্দার আড়াল থেকে বেরিয়ে এসে কর্মযজ্ঞ পুরুষের সহযাত্রী হওয়ারই প্রকাশক নয়? অর্থাৎ সুদূর অতীতের সেই রূপকথার আজকে নানারূপ -- আর সেই অতীত কথা ও আজকের কথার মাঝে দাঁড়িয়ে আছেন রবীন্দ্রনাথ, যিনি তাঁর সাহিত্যের দ্বারা বাঙালি পাঠকের চিন্তন-মনন সমৃদ্ধ করেছেন। অবশ্য রবীন্দ্রনাথের ঠিক পাশে দাঁড় করানো যায় তাঁরই পরিবারের আরেকজনকে -- তিনি অবনীন্দ্রনাথ ঠাকুর। যদিও রবীন্দ্রনাথের মতো রূপকথার মোটিফকে ছোটগল্পে সর্বতারিত করে ছোটগল্প ও রূপকথা উভয়কেই অন্যতর ডাইমেনশনে নিয়ে যাওয়ায় তাঁর কৃতিত্ব নয়, বরং তাঁর কলমের সার্থকতা অতীত রূপকথার মতো পুনরায় নিটোল রূপকথা সৃজনে। সেই

রকমই একটি গ্রন্থ হল 'ক্ষীরের পুতুল' -- এটি এক রাজা, তার দুওরানি আর সুওরানি এবং জাদুকরের দেশের এক মায়া-বানর এই কটি মূল চরিত্র নিয়েই এক অবাক করা রূপকথা।" ১২ তাই বলা চলে রূপকথাকে পুরাতন রূপ থেকে নতুন রূপে গড়ে তোলার বা রূপকথাকে নতুন নতুন চিন্তাচেতনায় খণ্ডিত করার আধুনিক ধারার ব্যাসদেব হলেন রবীন্দ্রনাথ। দুই কালের মধ্যে সেতু রচনাকারী তিনি। তাঁর রূপকথাকেন্দ্রিক সাহিত্য পাঠ করেই আজ বাঙালির রুচি সম্পূর্ণরূপে সংগঠিত -- রূপকথার যেকোনো অদল-বদলকে গ্রহণ করতে তার মন সদাপ্রস্তুত।

**ঋণস্বীকার**


১। 'দেশ', কলকাতা, ১৭ মে ২০০৮, পৃ ৬৯।

২। রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্ররচনাবলী' (দ্বাদশ খন্ড), ১২৫ তম রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে প্রকাশিত সুলভ সংস্করণ, কলকাতা, বিশ্বভারতী, অগ্রহায়ণ ১৩৯৭, পৃ ২৫২।

৩। ঐ, পৃ ২৪০।

৪। ঐ, পৃ ২৪৫।

৫। ঐ, পৃ ২৪৭।

৬। ঐ, পৃ ২৪৭, ২৪৮।

৭। রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্ররচনাবলী' (ত্রয়োদশ খন্ড), ১২৫ তম রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে প্রকাশিত সুলভ সংস্করণ, কলকাতা, বিশ্বভারতী, বৈশাখ ১৩৯৮, পৃ ৭১৩।

৮। বিশ্বনাথ দে (সম্পাদিত), 'রবীন্দ্রস্মৃতি' ('সেই আশ্চর্য দেশ' / প্রেমেন্দ্র মিত্র), প্রথম প্রকাশ, কলকাতা, ক্যালকাটা বুক হাউস, ৮ মে ১৯৬১ পৃ ৩৫।

৯। বাংলা বিভাগীয় পত্রিকা, দ্বাবিংশতিতম সংখ্যা, ('রবীন্দ্রনাটকে ভাঙাগড়ার খেলা' / ড জয়ন্ত বন্দোপাধ্যায়), কলকাতা, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, নভেম্বর ২০০৪, পৃ ৪৯।

১০। 'দেশ', কলকাতা, ১৭ মে ২০০৮, পৃ ৬৯।

১১। শ্রীকান্ত আচার্য গানটি গেয়েছেন।

১২। 'দেশ', আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২ আগস্ট ২০০৯, পৃ ৪।

# বীতশোকের গদ্য: স্বতঃস্ফূর্ত অথচ সচেতন মেধা নির্ভর

**রিনি গঙ্গোপাধ্যায়** *

**সংক্ষিপ্তসার:** সত্তর দশকের নির্জনতম কবি বীতশোক ভট্টাচার্য শুধু কাব্যিক পরীক্ষা নিরীক্ষায় নয়, তার গদ্য সম্ভারের প্রাজ্ঞতা ও গদ্যগঠনের অনুশীলনের কারণেও বহু চর্চিত। শুধুমাত্র লেখক হিসেবে ভিন্ন ধারার সাহিত্য চর্চার পথিক হিসেবে দার্শনিক বিচারের মধ্যে দিয়ে এক সত্যের পথে পৌছানো তার কাঙ্ক্ষিত লক্ষ্য। এই লক্ষ্যের পথে তিনি চির ধাবমান। চর্যাপদ হোক বা বঙ্কিমচন্দ্র কেন্দ্রিক প্রবন্ধ, বণফুল হোক বা অমিয়ভূষণ, দীপেন্দ্রনাথ , শ্যামল গঙ্গোপাধ্যায় সকল বিষয়েই তার প্রাজ্ঞতা মনোমুগ্ধকর। বাংলা সাহিত্য জগত ছাড়াও আন্তর্জাতিক সাহিত্য থেকে লোককথা, ভাষাতত্ত্ব, নন্দনতত্ত্ব, প্রাচীন ভারতীয় অভিনয় থেকে আধুনিক চলচ্চিত্র, আবৃত্তির অনুষ্ঠান, স্থাননামকোষ, হাসির বানান, আধুনিকতা উত্তর আধুনিকতা শিল্প সংস্কৃতির এক বিস্তর পরিসরে বীতশোক ভট্টাচার্যের অবাধ যাতায়াত। বলিষ্ঠ প্রাবন্ধিকের মতো যুক্তিজাল বিস্তার করে আপন মনের গহীনে নিয়ে যাওয়ার ক্ষমতা রাখেন লেখক, যদিও তা পাঠককেও বিবেচনার যথেষ্ট পরিসর দেয়।

**শব্দসূচক:** নির্জনতম, পরিপূরক সত্য, চলিষ্ণু প্লট, মানবতা, ঐতিহাসিক ও ভাষা তাত্ত্বিক বিশ্লেষণ, সাবলীলতা

## ভূমিকা

জাঁক দেরিদা তার 'Of Grammatology' প্রবন্ধে (গায়ত্রী চক্রবর্তী স্পিভাক অনূদিত) লিখেছিলেন, "There is nothing outside the text." আর বীতশোক ভট্টাচার্য তাঁর 'চন্দ্রহাসের পত্র' প্রবন্ধে লেখেন, "পাঠ যতই নিবিড় হোক, সহৃদয় হোক, পঠন প্রক্রিয়ার বাইরে পাঠ্যবস্তুতে নিহিত কিছু-না-কিছু সত্য থেকে যাবে। রচিত সাহিত্যের সমূহ সত্য তন্নিষ্ঠ সমালোচকের তীক্ষ্ণ দৃষ্টিতে কখনও সম্পূর্ণভাবে ধরা দিতে পারে না।" আপাত বিরোধী এই দুই উক্তি যদি সাহিত্য-সমালোচনার দুই প্রবণতার দিক নির্দেশক হয়, তবে বলা যায় এই দুই প্রবণতাই যার লেখার মধ্যে সমভাবে প্রতীয়মান তিনি বীতশোক ভট্টাচার্য (১৯৫১-২০১২)। সত্তর দশকের এই নির্জনতম কবি শুধু কাব্যিক পরীক্ষা-নিরীক্ষাতেই নয়, তার গদ্যসম্ভারের প্রাজ্ঞতা ও গদ্যগঠনের অনুশীলনের কারণেও অবশ্য চর্চিত। দৃষ্টিভঙ্গির বিপ্রতীপতায়, যুক্তি-প্রতিযুক্তির ন্যায়সিদ্ধ প্রতিষ্ঠার মধ্য দিয়ে এক পরিপূরক বা অনুপূরক সত্যের সন্ধানই তাঁর গদ্য রচনার কাঙ্ক্ষিত অভিপ্রায়। আর সেই সত্যের সন্ধানে তিনি কখনও ঐতিহাসিক ধারাবাহিকতার পথ থেকে পাঠ্যবস্তুর অন্তরে প্রবেশ করতে চেয়েছেন কখনো বা শব্দ, প্রতীক, চিত্রকল্প, উক্তি-প্রত্যুক্তি, অনুষঙ্গের আলোকে পাঠ্যবস্তুর নিহিতার্থে পৌঁছতে চেয়েছেন। 'এবং মুশায়েরা'

* *সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, সেন্ট জেভিয়ার্স কলেজ, কলকাতা*

বীতশোক ভট্টাচার্য সংখ্যায় সন্দীপ মুখোপাধ্যায় 'বীতশোক ভট্টাচার্যের কবিতা ও গদ্য ভাবনা' প্রবন্ধে তাই জানান, "আমাদের ভাষার সমালোচনায় রীতি, অবয়ব, সমাজভাষা-বিজ্ঞান বা আর্কেটাইপ যতটা বাইরের প্রদর্শকামিতার স্মারক হিসেবে ব্যবহৃত হয়, ততটাই সমালোচনায় রচনার অন্তর প্রবেশের সহায়ক হিসেবে কাজ করে না।... আর এখানেই বীতশোকের দৃঢ়তা, তিনি সম্পূর্ণভাবে এই প্রকরণগুলিকে ব্যবহার করে এক-একজন লেখকের চরিত্রকে দৃপ্ত করে তোলেন, প্রকাশ করেন তাঁদের স্বতন্ত্রের অভিমুখগুলি।" বীতশোকের গদ্যপাঠ তাই শিক্ষিত পাঠকের একাগ্র মনঃসংযোগ দাবি করে। আর এইভাবেই গদ্যভাষিকের সঙ্গে পাঠকের উপযোগী সম্পর্কের রসায়নে সমুজ্জ্বল হয়ে ওঠে তার মননঋদ্ধ বিচিত্র বিষয়বহুল গদ্য ভাবনা।

এযাবৎ বীতশোক ভট্টাচার্যের যে প্রবন্ধ গ্রন্থগুলি প্রকাশিত হয়েছে সেগুলি হল --- 'বাংলা ভাষা ও সাহিত্যের অভিযান' (১৯৮৪), 'গদ্য সংগ্রহ ১' (১৯৯৬), 'কবিতার অ আ ক খ' (২০০১), 'জীবনানন্দ' (২০০১), 'কবিতার ভাষা কবিতায় ভাষা' (২০০৪), 'কথাজিজ্ঞাসা' (২০০৪), 'কবিকণ্ঠ' (২০০৪), 'গদ্যগঠন' (২০০৬), 'পুরাণ প্রতিমার রবীন্দ্রনাথ' (২০০৭), 'গদ্যরূপ' (২০১০), 'বিষয় কবিতা' (২০১১), 'পদচিহ্ন চর্যাগীতি' (২০১১) এই বইগুলির প্রতিটি গদ্য পাঠ করে মার্কিস্ট সমালোচক গেওর্গ লুকাচের মতো বলতে হয় প্রতিটি সমালোচনাই হল কবিতার সহোদরা। লুকাচের মতে, প্রবন্ধ শেষ বিচারে একটি বিশেষ শিল্পস্বরূপ। মুক্ত, পূর্ণ জীবনকে সাহিত্যের চর্চিত গদ্য কিছু ফিরিয়ে দিতে চায়। রূপদক্ষ গদ্যকার শিল্পীর মতোই প্রবন্ধের মুদ্রাটি রচনা করেন। আর তাই প্রায় রূপরিক্ত এ দেশে প্রবন্ধের আকুতি ও প্রাবন্ধিকের রূপভাবনা বিষয়ে লুকাচের বক্তব্য বীতশোকের প্রবন্ধ বিষয়ে প্রাসঙ্গিক মনে হয়।

চর্যাপদের প্রতি বীতশোকের বিশেষ আগ্রহ। তার জীবৎকালে শেষ প্রকাশিত গদ্যগ্রন্থ 'পদচিহ্ন চর্যাগীতি'। এছাড়াও 'চর্যাপদ' নিয়ে তার আলোচনা পাওয়া যায়, 'কবিতার ভাষা কবিতায় ভাষা' বইয়ে 'চর্যাগানে আর্কিটাইপের বিন্যাস: একটি সমীক্ষা, 'বিষয় কবিতা'য় 'কাব্য সাহিত্যে চর্যাগীতি কোষ', 'কবিকণ্ঠ'-এ 'চর্যাগান: ভূমিকা অনুবাদ ও টীকা', 'গদ্যরূপ' বইয়ের 'চর্যাগান: ফিরে দেখা' ইত্যাদি প্রবন্ধে। এই প্রবন্ধগুলি 'চর্যাপদ' বিষয়ে বীতশোকের কৌতুহল ও চর্চার পরিচায়ক। তার কাছে, চর্যাগান ভারতে বুদ্ধবাদের ইতিহাসের শেষ অধ্যায়। এই সূত্রে উঠে এসেছে চর্যাগানের বাহন নতুন ভারতীয় আর্যভাষার পূর্বাঞ্চলীয় রূপের প্রসঙ্গ; বুদ্ধের উপদেশনায় ব্যবহৃত নানা ভাষা মাধ্যমে পটভূমিটি। বুদ্ধবাদের মূল ভাষা বলে কিছু নেই। বুদ্ধবাদের স্মৃতিধার্য মৌখিক পরম্পরার সূচনাকাল থেকে নানা উপভাষায় বৌদ্ধশাস্ত্র আবৃত্তিকারদের বিভিন্ন প্রকার বাক-ব্যবহারের বৈচিত্র্য সমেত তা উচ্চারিত হয়েছে। বুদ্ধের জীবনকালেই হয়তো এই রীতি মাননীয় হয়ে উঠতে পেরেছে। তাই কোনো মান্য ভাষায় প্রকাশিত হওয়ার বিড়ম্বনা বুদ্ধবাদকে ভোগ করতে হয়নি। কখনো বলেছিলেন, 'কাব্যজীবম্ প্রতিভানম্'। চর্যাকবিদের কল্পনা-প্রতিভাও ঐ কাব্য বীজের সন্ধানী। কিন্তু তাঁরা প্রতিভাবান কবি ছিলেন না। পালি কাব্যতত্ত্ব অনুযায়ী তাঁরা ছিলেন 'অথ্ম-কবি'। বৌদ্ধদের কাছে এই 'অথ্ম' কবিদের ভূমিকা ছিল সবথেকে গুরুত্বপূর্ণ। কারণ তাদের উপদেশমূলক, নীতি-নির্ভর, ধর্ম ও দর্শনের তন্ত্রকে এইসব কবি স্বাদু

ও সরসরূপে উপস্থাপন করতেন। তবে তা উপস্থাপিত হতো সান্ধ্যভাষায়। অর্থাৎ চর্যাগীতির দুরকম পাঠ ছিল --- অন্তর্ভূত ও বহির্ভূত। কারণ একই সঙ্গে তা দীক্ষাপেক্ষ ও লোকায়ত।

ভারতীয় ভাবনাধারার পরম্পরা অনুসরণ করে চর্যাগান এক অসীম ও অনির্দিষ্ট লক্ষ্যের দিকে ধাবিত। অনির্দেশতাকে দেখানোর জন্য চর্যাগীতিকার নেতিবাচকতার আশ্রয় গ্রহণ করেছেন। ফলে নঞর্থক শব্দাবলি এক্ষেত্রে সম্মুখায়িত হয়েছে। বিশেষ্যের সঙ্গে নেতিবাচকতার যোগ এখানে বিশেষভাবে লক্ষিত হয়। যেমন --- অদুরামর, অক্লেশে, ভাবাবাব, অচিন্ত্য, অপ্রতিষ্ঠান ইত্যাদি। নঞর্থকার মধ্য দিয়ে সদর্থকতায় পৌঁছনোর এই প্রবণতা বুদ্ধবাদের ধারা বেয়ে এসে চর্যাগীতিতে আরও গতি সঞ্চার করেছে। এরই পাশাপাশি চর্যাগীতির মধ্যে একদিকে যেমন মিশে গেছে বৌদ্ধদর্শনের আত্মবাদের ভাবনা, তেমনি আবার থেকে গিয়েছে শান্তিপ্রিয় আত্মতুষ্ট বহুকালাবধি এ দেশের মৃত্তিকালগ্ন আদিবাসীদের কথা। দেশজ মানুষের পরম্পরাবাহী পরিবেশ, ভাবুকতা থেকে উদ্ভূত সংগীতে, নৃত্যে, মৃৎশিল্পে নানাভাবে বিকশিত হয়ে উঠে জাতীয় সাংস্কৃতিক ঐতিহ্যে সুস্থিত হয়ে থাকার সংবাদ। এইভাবে ঐতিহাসিক ধারাবাহিকতায় চর্যাপদের অবস্থান নির্ণয়ের পাশাপাশি চর্যাপদের ব্যবহৃত বিভিন্ন রূপকের বিশ্লেষণ করে গেছেন বীতশোক। অর্থাৎ এক্ষেত্রে একই আলোচনার মধ্যে ঐতিহাসিক সমীক্ষা ও শব্দ সমীক্ষা প্রায় ওতপ্রোতভাবে মিশে গিয়ে সমালোচনার ধারায় একটি নতুন প্রবণতাকে জন্ম দিচ্ছে।

শৈলী বিশ্লেষণীমূলক আলোচনার একটি সুনির্দিষ্ট বৃত্ত রচিত হয় বীতশোকের বঙ্কিমচন্দ্র-কেন্দ্রিক প্রবন্ধ দুটিতে। 'কপালকুণ্ডলা: কথার কাব্যতত্ত্ব' এবং 'এক স্তবক গদ্য', বাংলা ভাষায় শৈলীগত সমালোচনার একটি মানদণ্ড নির্মাণ করেছে। 'এক স্তবক গদ্য' প্রবন্ধে কপালকুণ্ডলা উপন্যাস থেকে তিনটি লাইনের একটি ক্ষুদ্র অংশকে তুলে বীতশোক উপন্যাসিক আবহের সঙ্গে বঙ্কিমচন্দ্রের শব্দ ব্যবহারের সাযুজ্যকে সমন্বিত করে দেখিয়েছেন। তাঁর মতে, "একটি অর্কেস্ট্রায় নানা যন্ত্রের নানা জট ছাড়িয়ে প্রত্যেকটি তান আলাদা করে নেওয়া কঠিন; আর এরকম শীলিত সাংগীতিক গদ্যরচনা বিন্যাস ও বিশ্লেষণের সময় তেমনই প্রখর অভিনিবেশ দাবি করে; কেননা "কথায় যদিও মায়াবী, মানুষের শ্রুতিযন্ত্র প্রায় সেই পরিমাণেই মনস্ক; সে সমগ্রতাকে অংশত ব্যবচ্ছেদ করে আবার তাকে আচ্ছন্ন সুষমায় সম্পূর্ণ মিলিয়ে নিতে পারে।" তাই দেখি 'অনন্তর সমুদ্রের জনহীন তীরে' --- 'কপালকুণ্ডলা' উপন্যাসের এই বাক্যাংশটিকে ব্যবহার করে স্বধনির বহমানতাকে প্রত্যক্ষ করেছেন লেখক। সম-জলতল থেকে তা ঢেউয়ের উথাল-পাতাল হয়ে বেলাভূমির চড়াই-উৎরাইতে কিভাবে প্রতিধ্বনিত হচ্ছে তাই-ই হল বিশ্লেষণের প্রতিপাদ্য। আবার 'কপালকুণ্ডলা: কথার কাব্যতত্ত্ব' প্রবন্ধে দেখি বামন, অমর সিংহ, রুদ্রটের কাব্য বিশ্লেষণের নিরিখে আলোচিত হয়েছে গদ্যরূপে প্রকাশিত উত্তম কাব্য কপালকুণ্ডলার আনুপঙ্খিক নিহিতার্থ সন্ধান, সেই সঙ্গে উপন্যাসের একমুখী চলিষ্ণু প্লটের আবিষ্কার। এই আবিষ্কারের মূল আশ্রয় হয়ে উঠেছে শব্দের অন্তর্গঠনের পরিচয় ও প্রতীকের ব্যবহার। তাই "কপালকুণ্ডলা একইসঙ্গে কাব্যকথা ও ইতিহাস, ইতিবৃত্তের অতীত-কথন এবং কথকের বর্তমান এ রচনা প্রতিষ্ঠিত...।" বঙ্কিমচন্দ্র কেন্দ্রিক আরও একটি প্রবন্ধ এ প্রসঙ্গে বিবেচ্য -- "বঙ্কিমচন্দ্র ও তাঁর কথা সাহিত্যে শারীরিকতা"। বীতশোকের মতে, বঙ্কিমচন্দ্রের উপন্যাসে শারীরিক সম্পর্কের প্রসঙ্গ বেশি। অন্যান্য বাঙালি উপন্যাসিকের তুলনায় হয়তো এক্ষেত্রে তিনি বেশি

আলোচিত, বিশেষ আলোচিত। 'যৌনতা শব্দ বিষয় মন্তব্য' প্রবন্ধে বীতশোক বলেছেন "বাংলায় যৌনতা শব্দটি প্রতি মুহূর্তে ধর্ষিত হচ্ছে।" কারণ ইংরেজিতে নরনারীর শারীরিক সম্পর্ক বোঝানোর জন্য প্রাত্যহিক জীবনের Sex শব্দটি যে অর্থে ব্যবহৃত হয়ে এসেছে, বাংলায় সেই প্রধান অর্থেই যৌন শব্দের চলন মেনে নেওয়া হয়েছে। বঙ্কিম অবশ্যই 'যৌন' শব্দটিকে আধুনিক অর্থে গ্রহণ করেন নি। তাঁর কাছে 'যৌন' শব্দ বৈবাহিক সম্বন্ধ বা রক্তের সূত্রে সম্পর্কের অর্থ বয়ে আনত। আপাতত মনে হতে পারে পুরুষের শরীর বর্ণনায় বঙ্কিম লজ্জাবোধ করলেও আচ্ছাদিত নারী-শরীর বর্ণনায় কুণ্ঠাবোধ করেননি। কিন্তু এ বিষয়ে শুচিতা বঙ্কিমের শেষ পর্যন্ত প্রবল ছিল। লেখকের মতে জলে নামব অথচ বেণী ভেজানো না ভঙ্গিতে বঙ্কিমচন্দ্র নারীর রূপ বর্ণনা করেছেন। ফলে এ বিষয়ে তাঁর কুণ্ঠাবোধ ঢাকা পড়ে না। রূপতপস্যাই হোক রূপলাম্পট্যই হোক, বৈধ বা অবৈধ --- প্রণয় যে রূপই হোক না কেন, শরীর নির্ভর প্রেমের আতিশয্য থেকে সোনার সংসার চুপিসারে যায়। এমন এক সাবধান বাণী যেন বঙ্কিমচন্দ্রের উপন্যাস মালায় উচ্চারিত।

একই লেখকের নানা দিকের সন্ধানে নানা প্রবন্ধের অবতারণা বীতশোকের বিষয়ী প্রবন্ধের একটি বিশেষ প্রবণতা। এই প্রবণতা একদিকে যেমন তাঁর নিবিষ্ট পাঠের প্রতি অঙ্গুলি নির্দেশ করে, তেমনি বাংলা সাহিত্যে তাঁর পছন্দের ঘরানাটিকে আবিষ্কারে সহায়তা করে। বাংলা সাহিত্যে বিশিষ্ট জনপ্রিয় সাহিত্যের পাশাপাশি অনাড়ম্বর ফল্গুর মতো বয়ে গেছে আরো একটি সাহিত্যধারা। এঁদের মধ্যে ছিলেন -- বনফুল, সতীনাথ ভাদুড়ী, অমিয়ভূষণ মজুমদার, লোকনাথ ভট্টাচার্য, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্যামল গঙ্গোপাধ্যায়, জ্যোতিরিন্দ্র মৈত্র, সোমেন চন্দ প্রমুখ। বনফুলকে নিয়ে বীতশোক লিখেছেন সাতটি প্রবন্ধ -- "বনফুল: শৈলীবিজ্ঞানের একটি সমীক্ষা", "বৃন্তলগ্ন বনফুল", "কবিরহস্য ও বনফুল", "বনফুলের পোস্টকার্ডের গল্প: কথনরীতির বিশ্লেষণ", "পাঠকের মৃত্যু: পাঠক্রিয়ার বিশ্লেষণ", "বনফুলের স্থাবর", "জঙ্গম", "বনফুল"। আবার লোকনাথ ভট্টাচার্যকে নিয়ে পাই "লোকনাথ ভট্টাচার্যের তিনটি উপন্যাস", "একলা পথিক লোকনাথ ভট্টাচার্য", "গদ্যকার লোকনাথ", "লোকনাথের উপন্যাস প্রথম পর্ব", "লোকনাথ ভট্টাচার্য" ইত্যাদি। অমিয়ভূষণকে নিয়ে লিখেছেন -- "গল্প রূপকার অমিয়ভূষণ", "চাঁদ বেনে বা অভিযাত্রিক অমিয়ভূষণ", "অমিয়ভূষণের গল্পে দৃষ্টিবিন্দু: ভাষাগত সমীক্ষা"। 'গদ্যগঠন' বইয়ের প্রবেশক প্রবন্ধ 'গদ্যগঠন প্রসঙ্গে' বীতশোক লিখেছেন, "আমার গদ্য সংগ্রহের (১৯৯৬) সমালোচক রুশতী সেন মহোদয়ার প্রশ্ন ছিল: বনফুল বিষয়ে তিনটি লেখা কেন? অন্য কেউ এবারও জিজ্ঞাসা করবেন: লোকনাথ বিষয়ে চারটি লেখা কেন? ইচ্ছে ইচ্ছে ইচ্ছে।" আবার 'ইচ্ছে' শব্দের প্রয়োগ এক্ষেত্রে বেশ তাৎপর্যপূর্ণ। বীতশোক যিনি নিজেও অন্য ধারার লেখক হিসেবে পরিচিত এই প্রায় 'অ-জনপ্রিয়' সাহিত্যিকদের দীর্ঘ আলোচনায় তিনি কি কোথাও এই সাহিত্যিকদের সঙ্গে নিজের সাহিত্য অবস্থানের সাযুজ্য সন্ধান করেন? জিজ্ঞাসা থেকে যায়। 'কলকাতা নামের সাহিত্যবীণা: আকর্ষণ এড়িয়ে' বীতশোকের নিভৃত কাব্যচর্চা সমকালে প্রতিষ্ঠা পায়নি। 'জার্ক' পত্রিকার নির্বাহী সম্পাদক প্রদীপ রায়গুপ্তকে চিঠিতে বীতশোক লিখেছিলেন, "এবার পুজোয় একটা পত্রিকাও আমার কাছে একটা কবিতা চেয়ে চিঠি দেয়নি।... আমার কবিতা

হয়তো এখন আর নাড়া দেয় না কাউকে।" এই সার্বিক হতাশাবোধ হয়তো গ্রাস করছিল আত্মপ্রচারবিমুখ, স্বভাববিবিদ্ধ — এই সংবেদনশীল কবি কে।

ইতিহাস-সমীক্ষা, সমাজ-সমীক্ষা ও শৈলী-সমীক্ষার এক অপূর্ব মিশেল ঘটেছে বীতশোকের 'বনফুল' সংক্রান্ত আলোচনাগুলির মধ্যে। বনফুলের 'Short Short Stories' বা 'পোস্টকার্ডের গল্প' একাধিক ভাবনার সমীপে নিয়ে যায়, একাধিক ব্যাখ্যার সুযোগ করে দেয়, তবু অণু-গল্প বলেই যেন পরমাণুর সারাৎসারে বিশিষ্ট হয় না এই ছোটগল্পগুলি; ইংরেজি বা ফরাসি অনুবাদেও নিশ্চিত হওয়া যায় না এর প্রতিপন্ন গল্পত্ব সম্পর্কে; আক্ষরিকভাবে গল্প শেষ করেও মনে হয় এর মূল বিষয়টি অধরা থেকে গেল। দ্বন্দ্বহারা দাম্পত্য প্রেম বা অর্থনীতিগত সংঘাত এর কোনটিকেই গল্পগুলির মৌল প্রসঙ্গ ভেবে নিতে পাঠক ইতস্তত করেন এবং এর রচনাশরীরে সে দ্বন্দ্বের সাক্ষ্য থেকে যায়। আবার নানা শৈলীর সহমিশ্রণে নিরীক্ষায় তৎপর বনফুলের উপন্যাসগুলি শুধু পূর্ববর্তী বাংলা কথাসাহিত্যের 'ভান' ভেঙে ফেলতে অগ্রসর নয়, উত্তরকালের অন্যান্য লেখকের আবিষ্কারের সম্ভাবনার পথ খুলে দিতেও নিরত। অন্নদাশঙ্কর রায়, সতীনাথ ভাদুড়ী থেকে পৃথক এক পদ্ধতিতে তাঁর উপন্যাস সৃজন। গীতিময়তার প্রবৃত্তিকে কঠোরভাবে দমন করে বনফুল দার্শনিক এবং কিছুটা নান্দনিক সংহতির অনুগত হতে চেয়েছেন সচেতনভাবে। বীতশোকের মতে, "তিনি রচনা করতে ইচ্ছুক জীবনের জ্যোতির্বলয়, তদ্গত বাস্তবতায় সবকিছু যথাযথ ভাবে দেখবার হীরের মতন কঠিন স্বচ্ছতা।"

লোকনাথ ভট্টাচার্যের সৃষ্টিশীলতায় ফরাসি সাহিত্যের অনুষঙ্গকে একটি বিশেষ মাত্রা রূপে চিহ্নিত করেছেন বীতশোক। তার মতে লোকনাথের শব্দের ভাণ্ডার বিশাল, যথাযথ শব্দের সমীচীন প্রয়োগের ক্ষেত্রে তিনি একইসঙ্গে নির্ভীক ও নিখুঁত। এমন আততিসম্পন্ন সচ্ছন্দ ভাবনা গম্ভীর গদ্যের উত্তরাধিকার তিনি হয়তো ফরাসি ভাষা থেকে অর্জন করেছিলেন। "তাঁর গদ্যে তেমন প্রৌঢ়োক্তির উজ্জ্বলতা অবশ্য নেই, তার বদলে আছে শৈলী দিয়ে -- ভাবনা বিকশিত হওয়ার আগেই যেন -- রচনার কাঠামোর একটি ধারণা সংগঠিত করবার ক্ষমতা, যাতে যে কোনও ভাব, যে কোনও পরিস্থিতি প্রকাশের পরিপূরকতা পায়। সুষমা লাভ করে।" লোকনাথ ভট্টাচার্যের রচনায়, উপন্যাসে, কবিতায় যেন স্তরের পর স্তর বর্গীকৃত হয়ে ছড়িয়ে পড়তে থাকে। কারণ তিনি চান আংশিক বিবেচনা, খন্ডবিচার, বিতর্ক স্থগিত রাখা যায় এমন বিশ্লেষণী বিতণ্ডার ভঙ্গি। প্রকৃতপক্ষে বিশ শতকের পদ্ধতির বিরোধিতার যে নতুন ঐতিহ্য তৈরি হয়েছে তার পরম্পরার সঙ্গে বাঙালি লেখকদের মধ্যে প্রথম নিজেকে খাপ খাইয়ে নিতে চেয়েছেন লোকনাথ ভট্টাচার্য। তাই দেখা যায় 'কথনের' সরল রৈখিকতার বিপরীতে এগিয়ে গিয়েছে তাঁর কথাসাহিত্য, তাঁর প্রবন্ধ সাহিত্য।

সংলাপ ও গদ্যকথন নির্ভর লেখক অমিয়ভূষণ বাংলা ভাষার সফল বিকাশের একটি ক্ষেত্র প্রস্তুত করেছেন। সমাজ ভাষাবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে আলোচিত অমিয়ভূষণ কেন্দ্রিক প্রবন্ধগুলি তাঁর গল্প উপন্যাসের নিরিখে গদ্যের চলনকে পরিচিত করবার প্রয়াস। কারণ সেই অর্থে বিশেষ কোন দৃষ্টিভঙ্গি বা মতাদর্শ দিয়ে অমিয়ভূষণকে বিচার করা যায় না। যেহেতু তাঁর রচনাগুলির মধ্যে তেমন কোনও কেন্দ্রীয় প্রত্যয় নেই, তাই

তাঁর বিশ্বাস-মূল্যবোধের ধারণাটিকেই তাঁর মতাদর্শগত দৃষ্টিবিন্দু বলা যেতে পারে। আর সেই দৃষ্টিবিন্দুর প্রকাশে তিনি শুধু বিবৃতিমূলক নয়, সংলাপ নির্ভর ও একোক্তি বা মনোকথনবাচক পদ্ধতির প্রয়োগ করেন। এই পদ্ধতিতে প্রযুক্ত শব্দের সূত্রে তাঁর রচনার প্রাসঙ্গিক ঘটনাকালের গ্রহণযোগ্যতা বা প্রত্যাখ্যানের উপযুক্ততা চিহ্নিত হয়।

মাত্র তিন দশকের লেখক ব্যক্তিত্ব দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আবিষ্কার করেছিলেন বাংলা ভাষার একটি বিপরীতধর্মী স্বভাব-বৈচিত্র্য --- এই ভাষা একই সঙ্গে অন্তরঙ্গ এবং জনগণের। একই সঙ্গে প্রাতিস্বিক অথচ সম্প্রদায় সচেতন। বীক্ষানির্ভর এবং কল্পনাপ্রবণ তাঁর এই বাংলা গদ্য ক্রমশ সুস্পষ্ট করে তুলেছিল তাঁর একান্ত নিজেকে। ফলে তিনি হয়ে উঠেছিলেন বিশেষ আর সামান্য। দ্বীপেন্দ্রনাথের গদ্যরীতির আলোচনায় মতাদর্শ ভীষণভাবে প্রাসঙ্গিক। এই মতাদর্শ কিছুটা অর্থনৈতিক সম্পর্কসমূহের প্রতিফলন। এই মতাদর্শই আবার ভাষাগঠিত বিবেচনার নানা ধারার প্রতিপালক। দীপেন্দ্রনাথ জানতেন মতাদর্শ ব্যাপারটি অনেকখানি ব্যক্তি সাপেক্ষ ও মুক্ত। রাজনীতি, অর্থনীতি ও সমাজনীতির সঙ্গে একতালে পা মেলাতে হয় মতাদর্শকে। সেক্ষেত্রে রচনারীতির সঙ্গে পদক্ষেপ মিলিয়ে ভাবাদর্শের চলন অনেক বেশি স্বচ্ছন্দ, মতাদর্শের আদলে ভাবাদর্শও ভঙ্গি পাল্টায়।

'গল্পকার শ্যামল গঙ্গোপাধ্যায়' প্রবন্ধে লেখক জানান, শ্যামল গঙ্গোপাধ্যায়ের সমকালের জীবিত গল্পকারদের এক আধজনের সাম্প্রতিক লেখা এখন পাঠের যোগ্য; এই পটভূমিতে তাঁর গল্পের ভূমিকা আরও গুরুত্বপূর্ণ। যদিও শ্যামলের কাছে এই লেখক জীবন ব্যঙ্গের এবং বেদনার সামগ্রী। তাঁর গল্পের প্রকাশভঙ্গিই তির্যক। গল্পগুলিতে প্রায়শই উঠতি লেখক চরিত্রদের পাওয়া যায়। গল্পকথকের নিজের উপস্থিতিতে রচনার অসমাপ্তি ও সীমাবদ্ধতার পটভূমিতে এ সমস্ত বহু লেখকের রচনা মূল্যায়নের এক সহৃদয় ও সমীচীন ক্ষেত্র প্রস্তুত হয়। শিল্পের শর্ত পূরণ করতে চেয়ে শ্যামল গঙ্গোপাধ্যায় এক নতুন সাপেক্ষবাদের আশ্রয় নেন। ইতিহাসের কালিকাবোধ ও বাস্তব সময়, ভূগোলের স্থানিকবোধ ও বাস্তবের অবস্থান সবই কল্পনার বিবেচনায় আপেক্ষিক সত্যতা অর্জন করে। সাধারণ বিশ্বাসযোগ্যতাকে ক্ষুন্ন করেও অসাধারণ বিশ্বাসযোগ্যতা অর্জনের এই শিল্পমূল্যে শ্যামলের গল্প গরীয়ান।

বীতশোকের কবিতা বিষয়ক আলোচনাগুলি কেবলমাত্র পূর্ব বা সমকালীন কবিদের সমালোচনা মূলক গদ্যেই সীমাবদ্ধ নয়। কবিতার গড়ন-চলন, কবিতার হওয়া-না হওয়া, পাঠ্য-অপাঠ্য কবিতা ইত্যাদি কবিতার অন্তর্গঠনমূলক ও অন্তঃসারমূলক নানা প্রশ্নে ব্যপ্ত। যুক্তির সীমার মধ্যে মানুষ ধরতে চেয়েছেন মানবতার অসীমতা; অথচ শিশুর চেয়েও চিন্তাহীন এবং আদিম মানুষের চাইতেও অযৌক্তিক কবি সে যুক্তিজাল দশ বার ছিঁড়ে ফেলতে চেয়েছে। আর এভাবেই কবি প্রস্তুত করেছেন মানবতার এক নতুন উন্মাদ বয়ান'। বীতশোকের মতে, "কবিতা সেই পোড়ামাটির পাত্র, তাতে উৎকীর্ণ জীবনের সরল আর গভীর অলংকরণ"। যদিও এই 'উন্মাদের বয়ান'ও সমালোচনার যোগ্য। শৈলীবিশ্লেষণ কবিতার মূল্য নির্ধারণে এক প্রধান মানদণ্ড। এমনকি

প্রাচীন ভারতে কাব্য বলতে কী বোঝাত তাও বর্ণনাত্মক শৈলীবিজ্ঞানের আলোচনার বস্তু হতে পারে। কবিতার অন্তর্গত ছত্রের বা বাক্যের দৈর্ঘ্য, দেশি-বিদশি প্রভৃতি শব্দভাণ্ডারের উৎস, পদ বা পদবন্ধ ইত্যাদি রূপগত বৈচিত্র্য যদিও কাব্য তাৎপর্যের সঙ্গে প্রধানভাবে অন্বিত নয়, তবু শৈলীগত পরিসংখ্যানের ক্ষেত্রে বারংবারতা ও বন্টনের সময় এইসব বৈশিষ্ট্য বিশ্লেষণের বস্তু হয়। তবে প্রযুক্তি ও পরিসংখ্যানের আধুনিকতম ব্যবহারের পরেও কবিতা শেষ পর্যন্ত "যুক্তির ভাষা নয় হৃদয়ের ভাষা, সে হৃদয়ের অবস্থান মস্তিষ্কে হলেও তা হৃদয়ের ভাষা...।" কবি তাঁর সমসাময়িক ভাষা, রচনাপ্রকরণ, ভাব-ভাবনাকে তাঁর কবিতার উপাদান করে নেন। কবির ব্যক্তিগত অভিজ্ঞতাও কবিতার রচনার প্রধান উপকরণ। তাই বলে কবির প্রাত্যহিক দিনযাপনের সমূহ অভিজ্ঞতার সমতল বিবৃতিকে কবিতা ভাবলে ভুল হবে। প্রথাগত বাস্তবতার যে রূপ মানুষ দেখতে অভ্যস্ত, সমাজব্যবস্থার যে চেহারা মানুষের কাছে বিশ্বাসযোগ্য, তা সে প্রশ্নাতীত বা তর্কাতীত নয় -- এই বোধ কবিতা পাঠের পথকে সুগম করে। কবিতা তাই প্রচলিত শব্দ থেকে অপ্রচলিত অর্থ গ্রহণের জন্য পাঠককে নিমন্ত্রণ করে। আবার এই অনতিক্রম্য অসীমতাই অভিজ্ঞতা ও কল্পনার বৈচিত্র্যকে একটি সংহত সংবদ্ধরূপ দেয় কবিতায়। কিন্তু এই মানবিক যুক্তির আস্বাদন শিক্ষায়তনের বন্ধ পরিসরে পাঠ্য কবিতার বিশ্লেষণে পাওয়া সম্ভব নয়। কারণ শিক্ষক-ছাত্র উভয়তই সেখানে পূর্ববর্তী সমালোচকের ব্যাখ্যাকে মান্যতা দেওয়ার প্রবণতা কাজ করে। সে বিশ্লেষণে সৃষ্টিশীলতা নেই। তাই শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে কবিতা আলোচনা অনেক সময়ই 'মৃত সব কবিদের শবব্যবচ্ছেদের নামান্তর হয়ে ওঠে। বীতশোকের মতে, কবিতা নামের এই অভিনব বস্তুটির নির্মাণ যেহেতু রহস্যময় একটি ব্যাপার, তাই তা বিশ্লেষণের উর্ধ্বে রাখলেই তার পবিত্রতা অস্ফুট থাকবে --- এমন নয়; বরং বিশ্লেষণের অধীন করেই যা ব্যাখ্যার অতীত তাকে স্পষ্ট করে তুলতে হবে। কবিতা লেখার মত সেও এক সৃষ্টিশীল ব্যাপার। বীতশোক ভট্টাচার্য, যিনি নিজে একাধারে কবি ও অধ্যাপক, কবি ও সমালোচক --- আলোচ্য বিষয়টি কবিতা ও তার সমালোচনা প্রসঙ্গে বীতশোকের প্রত্যক্ষ অভিজ্ঞতা স্বজ্ঞাত ধারণাটিকে স্পষ্ট করে তোলে। 'কবিতার অনুবাদ' বিষয়ে অবশ্য বীতশোক খুব একটা উৎসাহী নন। তাঁর মতে, বাংলায় যেসব বিদেশি কবিতার অনুবাদ হয় তার প্রায় সবই ইংরেজি ভাষার মধ্যবর্তিতায়; আর এই সঠিক ভাষাটির অবিকল অনুকরণের ফলে অনুবাদ কবিতায় অনেক বাড়তি শব্দ ঢুকে যায়। ফলে কবিতার চলন আড়ষ্ঠ হয়, পদান্বয়ে ক্লিষ্ট হয়ে পড়ে। প্রায় অনুরূপ সমস্যা দেখা যায় 'বাংলা কবিতার ইংরেজি অনুবাদ'-এ। আসলে কবিতার অনুবাদের পেছনে অধিকাংশ ক্ষেত্রেই প্রকাশকের ফরমান, সাহিত্য-পুরস্কার প্রতিযোগিতা, শতবর্ষের তাৎক্ষণিক পূর্তিতে চটজলদি যোগ দেওয়ার ঝোঁক, নিজেদের কবির চেয়েও বেশি বুদ্ধিজীবী প্রমাণ করার রোখ, বাঙালিত্ব-সর্বভারতীয়ত্ব থেকে আন্তর্জাতিকতায় উত্তীর্ণ হওয়ার আস্ফালন ইত্যাদি অ-কাব্যিক বিষয় কাজ করে। কিছুটা রূঢ় হলেও এই সমালোচনার মধ্য দিয়ে পুরস্কার প্রতিযোগিতা থেকে দূরে "নিঃশব্দ শব্দের চাপে নতভার হয়ে" থাকা বীতশোকের নিভৃত কণ্ঠস্বরটি শুনতে পাওয়া যায়। তাই যখন আফ্রিকার কবিতা বা 'কালোদের কবিতা' নিয়ে প্রবন্ধ লেখেন তখন তা সহমর্মিতার স্তর বেরিয়ে ইতিহাসঋদ্ধ এক মননশীল আলোচনা হয়ে ওঠে। আবার 'বিষ্ণু দে-র এলিঅট' অনুবাদের স্পষ্ট ঘোষণা করেন, 'এলিঅট ও বিষ্ণু দে দুজনের কেউ বড় কবি

নন।' অথচ পর্তুগীজ কবি 'কামোঞেস'-এর 'ওস লুসিআদাম'-এর বাংলা অনুবাদ না হওয়ায় আক্ষেপ করেন। ইতিহাস-বীক্ষা ও শৈলী-বীক্ষা যেমন বীতশোকের কথাসাহিত্য আলোচনায় দুই প্রধান অবলম্বন তেমনি কবিতা আলোচনাতেও তিনি একই সঙ্গে এই দুই প্রান্তকে ছুঁতে চেয়েছেন। 'মধুসূদন: উপনিবেশিকতা ও নব্য উপনিবেশিকতা'য় সমাজ-দেশ-কাল কবিতার নির্মাণে যেমন স্পষ্ট, তেমনি 'প্রেমের কবিতা মৃত্যুর কবিতা: জীবনানন্দ' আলোচনায় মূল ভরকেন্দ্রই হল শৈলী নিরীক্ষণ। তরুণ সান্যাল, সমরেন্দ্র সেনগুপ্ত, ভাস্কর চক্রবর্তীর কবিতা ভুবন অনুসন্ধানে যেমন সাহিত্য পরম্পরা সমসময়ের আধারে পরিবেশিত হয়েছে, তেমনি বিষ্ণু দে, অশোকবিজয় রাহা, বিনয় মজুমদারের কবিতা শব্দ সংগঠনের অভিনবত্বে বিপথ হয়েছে। সাহিত্যের নিবিড় পাঠ ও সাহিত্যের পারস্পরিক পাঠের এই বিস্তৃতি বীতশোকের মননের গভীরতা ও ব্যপ্তিকেই সুচিহ্নিত করেছে।

'পথের কবি ঈশ্বরগুপ্ত' সাংবাদিক, প্রাচীন কবিতা সংগ্রাহক হিসেবে ভ্রমণ অভিজ্ঞতার কাব্যনির্মাতা। সেই সূত্রেই তাঁর কবিতাগুলি পূর্ণ বিবেচ্য। জীবনানন্দের ভাবধারায় দেশ এবং কাল কখনো দুটি বিচ্ছিন্ন উপাদান মাত্র নয়, বরং বৃহত্তর এক সংগঠনের সূত্রে এর গড়ন ও বুনোট প্রাসঙ্গিক। জ্যোতিরিন্দ্র নন্দীর কবিতায় আছে 'অভিজ্ঞতার বিস্তার' তার ইতিহাসজ্ঞান প্রখর, সমকালীন পটভূমিই তাঁর কবিতার বিষয়। সঞ্জয় ভট্টাচার্যের কবিতা ভারতের প্রত্ন-ইতিহাস, পুরান ও বাংলার প্রাচীন সংস্কৃতিতে প্রোথিত। আবার অন্নদাশঙ্কর রায়ের কবিতা ধর্ম আর কবিতার যোগসূত্র রচনা করেছে। দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়ের কবিতার শব্দ ভান্ডার রীতিমতো ঈর্ষণীয়। কবিতার ভাষাকে সাশ্রয় দিতে চেয়ে তদ্ভব-তৎসম-বিদেশি-দেশি-অচলিত-প্রাচীন যে কোন শব্দ এবং উপভাষা-লোকভাষার যেকোনো বাহন ব্যবহারে তিনি নিরঙ্কুশ। রত্নেশ্বর হাজরা কবিতার শুদ্ধস্বর অর্জনের আকাঙ্ক্ষায় শব্দ ও নৈঃশব্দের মধ্যবর্তী এক পথের সন্ধান করেন। তরুণ সান্যালের কবিতা কিছুটা উচ্চকিত; বিশদ করে, স্পষ্ট ও সরল করে বলা তাঁর অভ্যাস। আবেগের তীব্র ও নিবিড় উপস্থাপন, সম্মোধন বাচকতায় এবং সংলাপমূলকতায়, বিষন্নতায় এবং বিপদে কবি ক্রমশ পাঠকের অন্তরঙ্গ হয়ে ওঠেন। কবি নজরুল ইসলামের কবিতা ত্রিশ-চল্লিশ-পঞ্চাশের কবিদের ঋণ স্বীকার করেও সমকালীনতায় উত্তীর্ণ হয়। কবিতা এক সৎ উচ্চারণ, আর সেই সৎ উচ্চারণের দিকে তাঁর আবেগের যাত্রা। আবেগের এই জোরালো ঝোঁক তার রচনাকে এই একুশ শতকেও (রোমান্টিক লিরিকের কাছে) সহজ স্নিগ্ধতায় ফিরিয়ে নিয়ে যায়। ভাস্কর চক্রবর্তীর কবিতার ভাষা বরাবরই তার অনুত্তরতার দেহলিজ পার হয়। সন্ত্রস্ত স্তব্ধতার সীমানা পার হয়ে, ব্যবহৃত ক্লিষ্ট আড়ষ্ট শব্দের অন্ধকার প্রাঙ্গণ অতিক্রম করে তা আলো হয়ে ওঠে। সমরেন্দ্র সেনগুপ্তের কবিতা আবার বলবান এবং তুলনায় তীব্র। সমসময়ের এক অন্য স্বর। সুচারু শিল্পায়াসে তিনি প্রথম থেকেই বৈরাগী। আর এই বৈরাগ্য থেকেই সঞ্জাত তার অধিকাংশ কবিতা। বিষ্ণু দে, সঞ্জয় ভট্টাচার্য, অরুণ মিত্র তিনজনেই প্রত্ন কবি। এঁদের মধ্যে বিষ্ণু দে কবিতাকে করে তুলতে চেয়েছেন -- স্বয়ংভর; কবি ব্যক্তিত্ব সেখানে অস্বীকৃত। সঞ্জয় ভট্টাচার্যের কবিতা হয়ে উঠেছে সম্পর্কের ব্যক্তিগত নির্ধারণ, আর অরুণ মিত্রের কবিতা হয়ে উঠেছে জনসংযোগমূলক।

এতো গেল সাহিত্যের প্রসঙ্গ, বিশেষত বাংলা সাহিত্য প্রসঙ্গ। কিন্তু এর বাইরে আন্তর্জাতিক সাহিত্য থেকে লোককথা, ভাষাতত্ত্ব, গঠনতত্ত্ব, নন্দনতত্ত্ব, প্রাচীন ভারতীয় অভিনয় থেকে আধুনিক চলচ্চিত্র, আবৃত্তির অনুষ্ঠান, স্থাননামকোষ, হাসির বানান, যৌনতা, আধুনিকতা-উত্তরাধুনিকতা --- শিল্প-সংস্কৃতির একটি বিস্তৃত পরিসরে বীতশোকের অবাধ যাতায়াত। 'শিল্প ও সাহিত্য' প্রবন্ধে তার বক্তব্য ও শিল্প সাহিত্যের সামগ্রিক আলোচনাটি নন্দনতত্ত্বের নির্বিশেষ বিমূর্ততায় যতটা না প্রকাশিত হয়, স্রষ্টা ও উপভোক্তার সমপত্রযোগে বিশেষ রচনার সৌন্দর্য বিশ্লেষণে তার থেকে নিবিড় ও গভীরভাবে প্রকাশিত হতে পারে। ভাব ও রূপের এমন সব বিশেষ আলোচনার ক্রমপুঞ্জিত পরিচয় ভাবনা ইতিহাস রচনার উপযোগী উপাদান হয়ে ওঠে। নীহাররঞ্জন রায়ের শিল্প ও সাহিত্য আলোচনার মধ্যে এই পথটি খুঁজে পাওয়া যায়। যদিও শিল্পের বিশুদ্ধি ও সাহিত্যের বিশুদ্ধি রক্ষা পরস্পরের মধ্যে মিলন ঘটানোর সম্ভব নয়, তবুও এই সংকরায়ণ বা মিশ্রণ নতুন শিল্প-সাহিত্যরূপ জন্ম দিতে পারে। চিহ্নবিদ্যায় এই শিল্প সাহিত্যলীন সৌন্দর্যসূত্রের অতি-আধুনিক-অন্বেষণ চলছে, আবার সংগঠন শাস্ত্রের মতে, শিল্প সাহিত্যের উপরিতলের তলার স্তরে এক নির্বিশেষ শিল্পভাষা আছে। সেই তলাশয়ী ভাষাই সমালোচকদের আবিষ্ট। এ বিষয়ে জেনবাদের ভূমিকাও যথেষ্ট ক্রিয়াশীল। বীতশোকের চলচ্চিত্র-বিষয়ক আলোচনাগুলিও স্বতন্ত্র নিবিষ্টতা দাবি করে। বিশ শতকের নবজাতক হয়েও চলচ্চিত্র এখন রীতিমতো প্রৌঢ় এবং পরিণত এক শিল্পকলা। শিল্প অথচ বিজ্ঞাননির্ভর, প্রযুক্তিসিদ্ধ। যার সম্ভাবনা লুকিয়ে ছিল সতেরো শতকের গুহাচিত্র অর্থাৎ দৃশ্যশিল্পের প্রাথমিক পরিস্ফুটনের মধ্যে; যা একই সঙ্গে বস্তু স্বরূপ ও জীবনের প্রকাশ। চলচ্চিত্রে তাই ব্যক্তিবিশেষের ভাবনাই প্রকাশিত হয় না, লোককথার নৈর্ব্যক্তিক ভাবনার স্ফুরণও তার মধ্যে অন্তর্লীন থাকে। চলচ্চিত্র তাই এক সংশ্লেষণী স্বভাবের কলাবিদ্যা। ছবির চিত্রধর্ম, সাহিত্যের গতি ও চিত্রনাট্য, নাটকের মঞ্চস্থ অভিনয়, ফটোগ্রাফির স্থিরচিত্রণ ও সংগীতের মূর্ছনাকে একাধারে মিলিয়ে নিয়ে সিনেমা সমন্বয়ী শিল্প হয়ে উঠেছে।

বীতশোক ভট্টাচার্যের গদ্য বাংলার শিল্প-সাহিত্য-চর্চার ধারায় এক সমৃদ্ধ সংযোজন। তাঁর চর্চার পরিধি আমাদের বিস্মিত করে। একই সঙ্গে ঐতিহাসিক ও ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ তাঁর রচনারীতির একটি প্রধান বৈশিষ্ট্য। বীতশোক বিশ্বাস করেন "শব্দবিদ্যা রীতিবিদ্যা গঠনের নির্ভর"। সেই সঙ্গে যুক্ত হয়ে যায় তুলনাগত সমীক্ষা। প্রাচ্য ও পাশ্চাত্য নানা তত্ত্বের আলোকে বিষয়কে আরো স্পষ্টতর করে তোলাই তাঁর অভিপ্রায়। আর এ বিষয়ে তিনি একেবারেই পক্ষপাতমূলক নন। বিষয় বিশ্লেষণ সংস্কৃতির বিভিন্ন প্রকোষ্ঠের মধ্যে কোন জল-চল বিভাজন স্বীকার করেন না বীতশোক। তাঁর সাহিত্য আলোচনায় তাই শিল্প চলচ্চিত্র প্রসঙ্গ অবলীলায় স্থান করে নেয়। বলিষ্ঠ প্রাবন্ধিকের মতো যুক্তিজাল বিস্তার করে ধীরে ধীরে আপন বক্তব্যে নীত হন বীতশোক। যদিও সেই বক্তব্যকে নানা সম্ভাবনার আলোকে যাচাই করে নেওয়ার অবাধ স্বাধীনতা থাকে পাঠকের। শব্দ ব্যবহারে বীতশোক বেশ সতর্ক। তাঁর শব্দ চয়ন ও বাক্য গঠন তাঁর প্রথম পর্বের গদ্যকে কিছুটা আড়ষ্ট করে তুললেও পরবর্তী পর্যায়ে তিনি সাবলীলতায় উত্তীর্ণ হতে পেরেছিলেন। ফরমায়েশি গদ্য লেখায় বীতশোকের অনীহা ছিল বরাবরই। লিখতে চেয়েছিলেন ভালোলাগার গদ্য। 'জলার্ক' পত্রিকার নির্বাহী সম্পাদক প্রদীপ

রায়গুপ্তকে ২৪ আগস্ট ১৯৯৮ এ একটি চিঠিতে বীতশোক লিখেছিলেন, "আমাকে কেউ কেউ আলোচক বলে মনে করেন, কিন্তু আমার নিজেকে যোগ্য বলে মনে হয় না। এ কথা ঠিক যে, চারপাশে যেসব অ-সাহিত্য, হবু-সাহিত্য এবং না-সাহিত্য রচিত হয়ে চলেছে, তার মাঝখানে আমার ভূমিকাটুকু সারস্বত সাক্ষ্যের উপর নির্ভরশীল, বিদ্যাবত্তানির্ভর, এক সচেতন সমালোচকের। কিন্তু সচেতন সমালোচনা আমি লিখতে চাই না। আমি লিখতে চাই গদ্য। যে গদ্য সাশ্রয়ী থেকে মুক্ত, স্বতঃস্ফূর্ত ও সৃষ্টিশীল, এবং সৃষ্টিশীল রচনা যদি অসচেতন এবং নির্জ্ঞানের লিখনও হয় তা আমার অনেক বেশি আদরের।" বীতশোকের গদ্যের এর চেয়ে সঠিক সমালোচনা বোধ হয় আর হয় না। আক্ষেপ হয় এই বহুধা বিস্তৃত মননশীল লেখকের মৃত্যুর পাঁচ বছর পরেও ছড়িয়ে ছিটিয়ে থাকা তার গদ্যগুলিকে দু-মলাটের আওতায় আনা সম্ভব হয়নি। এ ব্যাপারে অনুরাগী পাঠক ও শ্রদ্ধাবনত ছাত্রদের উদ্যোগ প্রয়োজন।

**ঋণস্বীকার**


১. গদ্য সংগ্রহ ১, বীতশোক ভট্টাচার্য (অমিত পাবলিকেশন, ১৯৯৬)

২. জীবনানন্দ, বীতশোক ভট্টাচার্য (বাণীশিল্প, ২০০১)

৩. কথাজিজ্ঞাসা, বীতশোক ভট্টাচার্য (এবং মুশায়েরা, ২০০৪)

৪. কবিকণ্ঠ, বীতশোক ভট্টাচার্য (বাণীশিল্প, ২০০৪)

৫. গদ্যরূপ, বীতশোক ভট্টাচার্য (বাণীশিল্প, ২০০৬)

৬. বিষয় কবিতা, বীতশোক ভট্টাচার্য (বাণীশিল্প, ২০১১)

৭. পদচিহ্ন চর্যাগীতি, বীতশোক ভট্টাচার্য (যাদবপুর বিশ্ববিদ্যালয়, ২০১১)

৮. কবিতা সংগ্রহ, (এবং মুশায়েরা, ২০০১)

৯. জলার্ক, বীতশোক স্মরণ সংখ্যা (কলকাতা বইমেলা, ২০১৩)

১০. এবং মুশায়েরা, বীতশোক ভট্টাচার্য সংখ্যা (জুলাই-সেপ্টেম্বর ২০১২)

১১. বীতশোক ভট্টাচার্য স্মারকগ্রন্থ (বাংলা বিভাগ, মেদিনীপুর কলেজ, জানুয়ারি ২০১৪)



*বীতশোক ভট্টাচার্যের অনেকগুলি প্রবন্ধগ্রন্থ দিয়ে আমাকে সাহায্য করেছেন লেখকের অন্যতম প্রিয় ছাত্র ও সহকর্মী ড: দেবাশিস ভট্টাচার্য। তাঁকে আমার কৃতজ্ঞতা জানাই।*

# প্লেটোর দর্শনে জ্ঞানের স্বরূপ: একটি দার্শনিক পর্যালোচনা

**মৌলী মণ্ডল** *

**সংক্ষিপ্তসার:** পাশ্চাত্য দর্শনের ইতিহাসে প্লেটোই সর্বপ্রথম জ্ঞানতত্ত্বের যুক্তিসিদ্ধ পর্যালোচনা করেন এবং জ্ঞান ও সত্যতার মধ্যে একটা নিবিড় সম্পর্ক প্রতিষ্ঠা করেন। সমকালীন সামাজিক ও রাজনৈতিক অস্থির পরিস্থিতি প্লেটোকে বাস্তব থেকে মুখ ফিরিয়ে সামান্যের বা ধারনার জগতের মধ্যেই খুঁজে পেতে হয়েছিল সত্যের সংজ্ঞা। sofist দের জ্ঞান সংক্রান্ত ভ্রান্ত মতামতকে খণ্ডন করে তিনি সত্য সম্পর্কিত তত্ত্ব প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। তিনি মত বা বিশ্বাস এর সাথে জ্ঞানের তফাৎ তুলেধরেছেন তাঁর বিভিন্ন ডায়ালগস-এ। বিভিন্ন রূপকের মাধ্যমে জ্ঞানের মাহাত্ম্য বর্ণনা করেছেন এবং সত্যের সাথে তাঁর সম্পর্ক বাখ্যা করেছেন। প্রথমে জ্ঞান কি নয় এবং পরবর্তীকালে জ্ঞান কি এই প্রসঙ্গে আলোচনা করেছেন। থিয়েটেটাস, মেনো, রিপাবলিক প্রভৃতি গ্রন্থে প্লেটো তাঁর পরিচয় দিয়েছেন। কেবলমাত্র সত্য বিশ্বাস নয়, কিংবা সত্য বচন নয়। প্লেটোর  দর্শনে এক আলাদাই স্থান তুলে ধরেছেন জ্ঞান এবং সত্যতার। এই অংশে আমরা এই বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করব।

**মূল শব্দাবলী:** সত্যতা, জ্ঞান,সফিস্ট,সামান্য, মত, রুপাক এর বিচার

## ভূমিকা

'Philosophy' এই শব্দটির অর্থ আমাদের দেশে দর্শনই। কিন্তু পাশ্চাত্যে Philosophy এবং আমাদের দেশের 'দর্শন' শব্দ দুটির অর্থ পুরোপুরি এক নয়। Philos এবং Sophia শব্দ দুটির মিলনে সৃষ্ট Philosophy কথাটির আক্ষরিক অর্থ হল জ্ঞানের প্রতি অনুরাগ। অপর দিকে দৃশ+অনট প্রত্যয় সিদ্ধ করে যে দর্শন শব্দটি নিষ্পন্ন হয় তার অর্থ হল দেখা বা প্রত্যক্ষ করা। কিন্তু অবশ্যই সকল প্রকার দেখা নয়। অর্থাৎ কেবলমাত্র চর্ম চক্ষুর দেখা নয়। মর্ম চক্ষুর দ্বারা সত্যকে দেখা বা উপলব্ধি করাই দর্শন।

পাশ্চাত্যে যা Philosophy তার অর্থ হল জ্ঞানানুরাগ। আমাদের দেশের দর্শন হল সত্য বা তত্ত্ব উপলব্ধি। জ্ঞান বা সত্য দুটোর মধ্যে পার্থক্য টানা কষ্টসাধ্য। জ্ঞান হল পথ, সত্য বা তত্ত্ব হল লক্ষ্য। জ্ঞান মাত্রই সত্যমুখী। তাই পাশ্চাত্যের জ্ঞানানুরাগকে সত্যনুরাগ বললেও চলে। সত্য কে জানতে গেলে জ্ঞানের পথেই জানতে হয়। জ্ঞানের শুদ্ধতা রক্ষার জন্য বিচার হল একমাত্র সম্বল। তাই জ্ঞান ও সত্য- দুটির ক্ষেত্রেই আলোচনার ভিত্তি হল যুক্তিগ্রাহ্য ও বুদ্ধিগ্রাহ্য বিচার বিশ্লেষণ।

অনেক গবেষকের মতে পাশ্চাত্য জ্ঞানতত্ত্বে যাকে Knowledge বলা হয়। তার কোনও  যথাযথ প্রতিশব্দ বাংলা ভাষায় নেই। যদিও জ্ঞানকে আমরা knowledge এর প্রতিশব্দ হিসেবেই পাই তা সত্যেও জ্ঞানের সঙ্গে আমরা প্রায়শই যথার্থ, অযথার্থ, সত্য, মিথ্যা বিশেষণ গুলি যুক্ত করি। তবে পাশ্চাত্য জ্ঞান মূলত যথার্থ অর্থেই ব্যবহৃত হয়। অপরদিকে ভারতীয় দর্শনে যথার্থ জ্ঞান বলতে আমরা

---

* *সহকারী অধ্যাপিকা, দর্শন বিভাগ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়*

প্রমা শব্দটির ব্যবহার করে থাকি। প্রমা অর্থে যথার্থ জ্ঞান । অর্থাৎ ভারতীয় দর্শনে অযথার্থ জ্ঞানের ও অবকাশ আছে।

তবে এই জ্ঞান কে কেন্দ্র করে পাশ্চাত্য ও ভারতীয় দর্শনে যত প্রভেদ থাকুক না কেন। জ্ঞান নামক পদার্থটি সর্ব সম্মত। পাশ্চাত্য কিংবা ভারতীয় দর্শনে দার্শনিকরা কেউই জ্ঞানের অস্তিত্ব স্বীকার না করে পারেন না। জ্ঞান প্রানীর প্রান অপেক্ষাও প্রিয়তর। দার্শনিকেরা জ্ঞানকে দার্শনিকতার জনক পোষক ও বর্ধক মনে করেন। তাই এই জ্ঞান কে অস্বীকার করা কারো পক্ষেই সম্ভব নয়। তাই পাশ্চাত্যের সংশয়বাদী Sophist রাই হোক কিংবা ভারতীয় দর্শনের মাধ্যমিক সম্প্রদায় যারা সমস্ত জাগতিক বস্তুর অপলাপ করে শূন্য নামক বস্তু স্বীকার করেছেন সেই শূন্য কে সৎ স্বরূপ না বলে জ্ঞান স্বরূপ বলতে বাধ্য হয়েছেন, সুতরাং জ্ঞানকে অস্বীকার করা কারও পক্ষেই সম্ভব নয়।

জ্ঞান কি এই বিষয়ে প্রাচীনকাল থেকেই দার্শনিকেরা চিন্তাভাবনা করেছেন। পাশ্চাত্য দর্শনে প্লেটো সর্ব প্রথম জ্ঞানের লক্ষণ প্রসঙ্গে বিস্তৃত আলোচনা করেছেন। তিনি সর্বপ্রথম জ্ঞানের লক্ষণ প্রসঙ্গে বলেন জ্ঞান হতে গেলে সত্য বিশ্বাসের অতিরিক্ত কিছু প্রয়োজন সে সম্পর্কে দৃষ্টি নিক্ষেপ করেন। প্লেটোর আবির্ভাবের পূর্বে গ্রিসে sophist নামে একটি শ্রেনীর আবির্ভাব হয়। sophist নামে একটি শ্রেনীর আবির্ভাব হয়। sophist শব্দটির অর্থ হল জ্ঞানী । এরা নিজেরাই নিজেদের জ্ঞানী বলে সম্বোধন করায় Socrates নিজেকে জ্ঞানী না বলে জ্ঞানের অনুরাগী বলতে সচ্ছন্দ  বোধ করেন। Socrates এর পরবর্তী কালে তার সুযোগ্য শিষ্য Plato জ্ঞান বিষয়ে যথার্থ আলোকপাত করেন।

Epistemology সাধারনত কতকগুলি প্রশ্ন নিয়ে আলোচনা করে জ্ঞান কি? জ্ঞান আদৌ সম্ভব কিনা? সম্ভব হলে কিভাবে সুম্ভব? এর উৎস কি? এর সীমা কি? জ্ঞানের সত্য মিথ্যা নির্ধারণ করার উপায় কি ? ইত্যাদি।

আজ থেকে আড়াই হাজার বছর আগে রচিত Plato তাঁর Dialogues গুলিতে এই প্রশ্নগুলির উত্তর অত্যন্ত সুন্দর ভাবে আলোচনা করেছেন।

সেই কারনেই আজ ও জ্ঞানতত্ত্বের আলোচনায় Plato’র মতটি অত্যন্ত গুরুত্ত্বের সাথে আলোচিত হয়।আমরা এখানে মূলত Republic কে অনুসরন করে জ্ঞান সংক্রান্ত প্লেটোর মতটি নিয়ে আলোচনা করব। এবং দেখব কেন জ্ঞান এবং সত্যতা তাঁর দর্শন বা জ্ঞানতত্ত্বে এত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

জ্ঞানতত্ত্বের প্রেক্ষাপট – দর্শনের ইতিহাসে প্লেটোর গুরুত্ব এখানেই যে তিনি এমন একটি জ্ঞানতত্ত্বের প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন যা প্রকৃত জ্ঞান এবং মতামত বা বিশ্বাসের মধ্যে তফাৎ গড়ে তুলবে। এঈ ধরনের চিন্তা ভাবনার পেছনে অনেক খানি প্রভাব কিন্তু তৎকালীন ঐতিহাসিক প্রেক্ষাপটের । প্লেটোর যৌবনকালেই এথেন্সের দুর্দিন শুরু হয়। ইতিহাস খ্যাত দীর্ঘ ত্রিশ বছরের পেলোপনেসিয় যুদ্ধের ফলে এথেন্সের অর্থনৈতিক দিকটি নিদারুন ভাবে দুর্বল হয়ে পড়ে। এই যুদ্ধের অশুভ প্রভাব গ্রীসের সকল নগর রাষ্ট্রের ওপর পড়েছিল। শুধু তাই নয় এথেন্সের রাজনৈতিক অবস্থাতেও সম্পূর্ণ ভাঙ্গন ধরে। গ্রীস পারস্যের যুদ্ধের সময় যে গনতান্ত্রিক শাসনব্যবস্থা শক্তিশালী হতে দেখা গিয়েছিল এবং

পরবরতীকালে মুখ্যতান্ত্রিক শাসন ব্যাবস্থা গড়ে ওঠে। এই দুই দলের মধ্যে অবিরাম সংঘর্ষ দেখা দেয়। এবং এই সময়তেই Sophist নামক গোষ্ঠীর  একরকম সংশয়াত্মক মনোভাবের পরিচয় পাওয়া যায়। যারা ঐশ্বরিক বিধানকে অস্বীকার করে মানুষকে স্বতঃ মুল্যবান বলে মনে করেন। এবং যাবতীয় বিচারের মাপকাঠি হিসেবে মানুষকেই প্রাধান্য দেন। এরা সকল প্রকার বিচার এবং ন্যায় কে মূল্যহীন বলতে শুরু করেন। এবং জ্ঞানের যাথার্থ্যের ওপর সন্দেহ করতে শুরু করেন। এদের মতে ভালো মন্দ, ন্যায় অন্যায় সবকিছুর মাপকাঠি হল মানুষ। প্রকৃত অর্থে ভালো মন্দ বলে কিছু নেই। বাস্তবের এইরূপ চিত্র প্লেটো কে অত্যন্ত ব্যাথিত করে। ফলত তিনি বাস্তব জগত থেকে মুখ ফিরিয়ে নেন এবং আদর্শের জগতে মনোনিবেশ করেন। সম্ভবত তিনি এই জগতের সত্য মিথ্যা নির্ধারণের জন্যে কিছু নির্দেশাবলী নিরমান করতে চেয়েছেন। এর দ্বারাই বাস্তব জীবনের দ্বন্দ্ব গুলির সমাধান করা সম্ভব হবে।

প্লেটো প্রকৃত সুন্দর , প্রকৃত অর্থে ন্যায় এবং প্রকৃত অর্থে জ্ঞানের অস্তিত্ব প্রতিষ্ঠার জন্য প্রথমে সাধারন জ্ঞানতত্ত্বের প্রশ্নের উত্তর দান করতে চেয়েছেন। এই প্রশ্নটি হল আমরা আসলে কি জানতে পারি?  তিনি তাঁর জ্ঞানতত্ত্বে এই প্রশ্নটি নিয়ে অধিক চিন্তিত ছিলেন যে আসলে কোন বিষয়ে আমাদের জ্ঞান হতে পারে।

দার্শনিকরা সবসময়তেই কিছু অনুমানমূলক পরীক্ষার পথে হাঁটতেই হয়। এরা কোনভাবেই একে এড়িয়ে যেতে পারেন না। কিন্তু এতে দার্শনিক অনুসন্ধানের ক্ষেত্রে কোনোরকম সমস্যা হয়না। তবে সকল Assumption ই যে প্রমাণসিদ্ধ হবে তা কখনই ধরে নেওয়া যুক্তিসিদ্ধ হবে না । তবে দার্শনিকদের ক্ষেত্রে যা মুখ্য তা হল কোনও একটি Assumption কে গ্রহন করা। প্লেটো এক্ষেত্রে যা ধরে নিয়েছেন তা হল মানুষ সাধারনত কিছু জ্ঞানসম্পন্ন হয়েই থাকে।  তিনি তাঁর  Meno  গ্রন্থে একজন দাস বালকের কথা তুলে ধরেন যার গানিতিক ও জ্যামিতিক জ্ঞান ছিল। সে অজ্ঞ হলেও প্রশ্নের প্ররোচনায় সে সঠিক উত্তরটি তুলে ধরে। এই বিষয়টিকে প্রমান করার জন্যে তিনি কিছু উদাহরন তুলে ধরেছেন। গনিতের ক্ষেত্র থেকে যেমন পিথাগরীয় উপপাদ্য এবং ২+২=৪ এই উদাহরন গুলির ক্ষেত্রে আমাদের মনে রাখতেই হবে যে এই গনিতের জ্ঞানগুলি স্বতঃসিদ্ধ এবং প্রমাণমূলক এক্ষেত্রে সংশয়ের অবকাশ থাকে না। এই তত্ত্ব তিকে ধরে নিয়েই প্লেটো সবথেকে বড় সমস্যার সমাধানের চেষ্টা করেছেন যা হল সকল মানুষের মধ্যে যে মতানৈক্য তার সমাধান কি যথার্থ জ্ঞানের মাধ্যমে সম্ভব। এই প্রশ্নের সমাধানের লক্ষ্যেই প্লেটো তাঁর জ্ঞানতত্ত্বের অবতারনা করেছেন।

প্লেটোর দর্শনে যেমন তাঁর সমকালীন রাজনৈতিক এবং সামাজিক অবক্ষয় অনুপ্রেরণা হিসেবে কাজ করেছে। তেমনই সক্রেতিসের দর্শনের প্রভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছে।

সক্রেতিসের জ্ঞানতত্ত্বের অভিপ্রায় হল Sophist দের জ্ঞানতত্ত্বের প্রতিবাদ এবং তাঁর অসারত্ব প্রতিপাদন করা।

সোফিস্টদের জ্ঞানতাত্ত্বিক অভিমত অনুসারে ইন্দ্রিয় প্রত্যক্ষই জ্ঞান। এবং ব্যক্তিভেদে ইন্দ্রিয়ানুভব ভিন্ন ভিন্ন হওয়ায় সব জ্ঞানই ব্যক্তিসাপেক্ষ। ব্যক্তি নিরপেক্ষভাবে জ্ঞানের বিষয় গত সত্যতা নেই। সাধারনভাবে সত্য জ্ঞান বলে কিছু নেই।

সক্রেতিস তাঁর জ্ঞানতত্ত্বের মাধ্যমে সাধারন মানুষের জ্ঞান সম্পর্কে যাথার্থ্যের প্রতি বিশ্বাস পুনঃ প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। প্লেটোর জ্ঞানতাত্ত্বিক অভিমত প্রকৃতপক্ষে সক্রেটিসের অভিমতেরই সম্প্রসারন ও পরিমার্জন। সক্রেতিসের সত্যানুসন্ধান পদ্ধতিকে তিনি নিজের দর্শনে প্রয়োগ করেছেন যে পদ্ধতিকে Dialectic পদ্ধতি বলা হয়। প্লেটোর লক্ষ্য কেবলমাত্র সত্য প্রত্যয় বা সামান্য ধারনা নির্ধারণ নয়। পাশাপাশি এই জগতের সামগ্রিক সত্যতা নির্ধারণ করা এবং এই বিভিন্ন দিকের সত্যতাকে এক ঐক্য বন্ধনে আবদ্ধ করা।

**প্লেটোর মতে জ্ঞান কি নয়**

প্লেটোর দর্শনে আমরা জ্ঞান সংক্রান্ত দুটি মত দেখতে পাই , প্রথমটি জ্ঞান কি নয় এবং দ্বিতীয়টি হল জ্ঞান কি? প্রথমটি নেতিবাচক এবং দ্বিতীয়টি ইতিবাচক।

নিছক প্রত্যক্ষ অনুভব কিংবা মতামত বা বিশ্বাস নয় কিংবা কেবলমাত্র সত্যবচনই জ্ঞান নয়। প্লেটোর মতে জ্ঞান হবে অভ্রান্ত এবং সত্তা বিষয়ক। কেবলমাত্র প্রত্যক্ষ অনুভবকে আমরা জ্ঞান বলতে পারি না, কারন এই মতটি মূলত sophist দের ,প্লেটো মনে করতেন এই প্রত্যক্ষ অভিজ্ঞতার বস্তুমাত্রই কোনো না কোনো বস্তু সত্তার অবভাসিত রূপ আবার এই অনুভব বিরোধ সমন্বিতও হতে পারে।

তাই জ্ঞানকে যদি প্রত্যক্ষ অনুভব বলা হয় তাহলে sophist মতটিকেই পরোক্ষে স্বীকার করতে হয়। কিন্তু Plato জ্ঞান এর বিষয়গত দিকটি প্রতিষ্ঠিত করতে চেয়েছেন। অনুরূপভাবে জ্ঞান সদা অভ্রান্ত, কখনো ভ্রান্ত হয় না একথা যেমন সত্য তেমনই জ্ঞান মতামত বা বিশ্বাস নয় কিংবা সত্য বিশ্বাস নয় সে সম্পর্কে প্লেটো সুনিশ্চিত ছিলেন।

প্লেটো মনে করতেন মতামত বা বিশ্বাসের মধ্যে একরকমের আত্মবিরোধিতা থাকে। একথা ঠিক যে মিথ্যা বচন জ্ঞান নয়। আবার একথাও ঠিক যে কেবলমাত্র সত্যবচনই জ্ঞান নয়, এইবচন কে যুক্তিসিদ্ধ হতে হবে অন্যথায় তা অন্ধকারে ঢিল ছোঁড়ার ন্যায়ই মিথ্যা হবার সম্ভাবনাময় হয়ে যাবে।

**প্লেটোর মতে জ্ঞান কি?**

প্লেটোর মতে কোন কিছুকে আমরা তখনই জ্ঞান বলতে পারি যখন এটা নিশ্চিত হয়। ভবিষ্যতের ক্ষেত্রেও আমরা এই তত্ত্বটিকে প্রতিষ্ঠা করতে পারি, যদিও আমরা কেউই নিশ্চিত নয় ভবিষ্যৎ কি হবে। প্রাচীনকাল থেকেই দার্শনিকেরা চিন্তাভাবনা করেছেন জ্ঞান কি? প্লেটো তাঁর থিয়েটেটাস গ্রন্থে জ্ঞান কে যুক্তিসিদ্ধ সত্য বিশ্বাস বলেছেন তবে এই নিয়ে বিস্তৃত আলোচনা করলেও এই সংলাপে তিনি এই তত্ত্বটি স্বীকার করেননি। বরং সেখানে তিনি এই তত্ত্বটি খণ্ডন করেন। এই সংলাপে প্রথমে

দেখানো হয় যে জ্ঞান নিছক সত্য মতামত বা সত্য বিশ্বাস হতে পারে না। জ্ঞান হতে গেলে সত্য বিশ্বাসের অতিরিক্ত কিছু প্রয়োজন। এই অতিরিক্ত বস্তুটি হল logos যাকে পরবর্তী দার্শনিকেরা যুক্তিসিদ্ধতা বলে অভিহিত করেছেন। সুতরাং জ্ঞান হল যুক্তিসিদ্ধ সত্য বিশ্বাস যাকে JTB বলে উল্লেখ করেছেন। শুধু থিয়েটেটাস নয় মেনো নামক অপর একটি সংলাপেও প্লেটোর বক্তব্য থেকে মনে হয় যে প্লেটো সেখানে এঈ মতটি মেনে নিয়েছেন। আবার Republic সংলাপে প্লেটো জ্ঞানের স্তর বিন্যাস করার সময় বলেন যে আমাদের জ্ঞানের চারটি স্তর আছে, যার সর্বনিম্ন দুটি স্তরকে একত্রে মতামত বা বিশ্বাস বলেছেন এবং সর্বোচ্চ দুটি স্তরকে একত্রে জ্ঞান বলেছেন। বিশ্বাস আমাদের মনোজগতের অনেক নিম্নস্তরে অবস্থান করে। প্লেটো তাঁর মেনো গ্রন্থে বলেছেন জ্ঞান ও বিশ্বাসের মধ্যে পারস্পরিক অসঙ্গতি রয়েছে। প্লেটো জ্ঞান কে কেবলমাত্র আবশ্যিক শর্ত অর্থেই গ্রহন করেছেন কিন্তু বিশ্বাসের ক্ষেত্রে সব সময় আবশ্যিক সত্যতা দাবী করা যায় না। তাই বিশ্বাসের ক্ষেত্রে বিশ্বাসের প্রকাশক বাক্যকে আবশ্যিক সত্য বলা যাবে না। বিশ্বাসের প্রকাশক বাক্য হল আপতিক সত্য। অর্থাৎ তা সত্য মিথ্যা উভয়ই হতে পারে। এদিক থেকে প্লেটোর মতে জ্ঞান ও বিশ্বাস পৃথক। তাই প্লেটোর মতে কোনও ব্যক্তির কোনও বিষয় সম্পর্কে বিশ্বাস আছে একথা বলা যাবে না । কারন জ্ঞানের বিষয় সর্বদা আবশ্যিক সত্য এবং বিশ্বাসের বিষয় আপতিক হয়। প্লেটো জ্ঞানকে সবল অর্থে গ্রহন করেছেন। সাধারন ব্যবহারে জ্ঞানকে শুধুমাত্র আবশ্যিক সত্য বলা যায়না। সাধারন মতে জ্ঞান ও বিশ্বাসের মধ্যে পার্থক্য নেই।

প্লেটোর মতে জ্ঞান এর দুটি বৈশিষ্ট্য। জ্ঞানকে হতে হবে আবশ্যিক, অভ্রান্ত এবং সদ্বিষয়ক হতে হবে।এই দুটি বৈশিষ্ট্য না থাকলে কোনও মানসিক অবস্থাই জ্ঞান পদবাচ্য হবেনা। প্লেটো মনে করেন যে বিষয় মাত্রই অস্থায়ী ও পরিবর্তনশীল এবং সেজন্য তাদের জ্ঞানের বিষয়রূপে গন্য করা যাবে না। সক্রেটিসকে অনুসরন করে প্লেটো প্রত্যয় বা সামান্য বর্ণনাকেই যথার্থ জ্ঞানের বিষয়রূপে গন্য করেছেন। কারন সেগুলি শ্বাশ্বত ও সনাতন। প্লেটোর সময়কালীন রাষ্ট্রনৈতিক প্রেক্ষাপট তার এই ধরনের চিন্তার জন্য অনেকখানি দায়ী। প্লেটোর মতে জ্ঞান কেবলমাত্র সামান্য সম্পর্কে হতে পারে যেহেতু তা অপরিবর্তনীয়। প্লেটো মনে করেন ইন্দ্রিয় প্রত্যক্ষ এবং ব্যক্তি সাপেক্ষতা কখনই যথার্থ জ্ঞানের জনক হতে পারেনা।

জ্ঞানতত্ত্বের বিচার বিশ্লেষণের জন্য দুই ধরনের রূপকের সাহায্য নিয়েছেন। বিভক্ত রেখার উপমা এবং গুহা রূপক। প্লেটোর মতে জ্ঞান একটি বিষয় সম্পর্কে যা হবে নিশ্চিত এবং নিঃসন্দিগ্ধ। আমাদের বাস্তব বিষয় সংক্রান্ত জ্ঞান গুলি যেহেতু পরিবর্তনশীল তাই এগুলি জ্ঞানের বিষয় হতে পারেনা। কারন বাস্তবের বিষয় প্রতিনিয়ত পরিবর্তিত হয়। তাই আজ যা সত্য বলে মনে হয় কাল তা মিথ্যাও হতে পারে । প্লেটো এই কারনে দেশ কালে স্থিত নয় এমন আকার কেই যথার্থ জ্ঞানের বিষয় হিসাবে স্বীকার করেন। যথার্থ জ্ঞানের নিশ্চয়তা প্রশ্নাতীত হলেও জাগতিক বিষয়গুলি প্রসঙ্গে

আমাদের জ্ঞান হতে পারে কিনা কিংবা যদি নাও হয় তাহলেও এই সম্পর্কে আমাদের জানাকে কি বলা যায়, এই প্রশ্নের উত্তর দেবার জন্য তিনি বিভক্ত রেখা এবং গুহা রূপকের সাহায্য নিয়েছেন।

অজ্ঞ ব্যক্তি অজ্ঞতার জগৎ থেকে যখন জ্ঞানের পথে অগ্রসর হয় তখন তাকে প্রথমে মত বা বিশ্বাসের স্তর অতিক্রম করতে হয়। দ্বিতীয় স্তরে গিয়ে সে বুদ্ধিলব্ধ জ্ঞান প্রসঙ্গে জানতে পারে। কিন্তু এই স্তরেও তার যথার্থ জ্ঞান হয়না যত ক্ষণ না তার পরম কল্যান বা সূর্যের জ্ঞান হয়। এই বিষয়টিকেই প্লেটো তাঁর রিপাব্লিক গ্রন্থের সপ্তম অধ্যায়ে গুহারূপকের মাধ্যমে ব্যাখ্যা করেছেন। ছায়ার জগৎ কে সত্যি ভাবলেও পরবর্তীকালে সত্যের জ্ঞান হয়।

**মূল্যায়ন:** প্লেটো তার দ্বিজাগতিক তত্ত্বে সামান্যের স্থান নির্ধারণ করে বলেছেন সত্যতার অনুরূপতার তত্ত্বের মাধ্যমেই সামান্যের সত্যতা প্রতিপাদিত হয়। অনুরূপতাবাদ অনুসারে কোনও ধারনা তখনই সত্য হবে যখন ধারনার বিষয়টি বাস্তবে থাকবে। এই কারনেই প্লেটো সামান্যকে বাস্তবে সত্য বলে মনে করেন। প্লেটো তার রিপাব্লিক গ্রন্থে বলেছেন যারা সত্যের প্রতি অনুরাগী তাদের জ্ঞান প্রেমিক বলা চলে। বাস্তবের প্রত্যেকটি বিষয় পরিপূর্ণ ভাবে সত্য নয় তাই এগুলি আমাদের সত্যের অনুসন্ধান করতে সাহায্য করে। জ্ঞানের চিরাচরিত লক্ষণ অনুসারে সত্যতা হল জ্ঞানের আবশ্যিক শর্ত। প্লেটোর মতে জ্ঞান জ্ঞান  হতে গেলে একটি বিশ্বাসকেও সত্য হতে হবে। জ্ঞান হয়েছে তাও বচনটি সত্য নয় তা বলা চলে না। সত্যের পাশাপাশি বিষয়টিকে যুক্তিসিদ্ধ ও হতে হবে। সর্বপ্রথম প্লেটোই এই মতের উল্লেখ করেন।

**ঋণস্বীকার:**


১। দে সুধাকান্ত, গনরাজ্য (১৯৯০) পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ৬-এ রাজা সুবোধ মল্লিক স্কোয়ার, কলিকাতা-৭০০০০১৩

২। সরকার প্রয়াস, জ্ঞান, সংসয়বাদ যুক্তিসিদ্ধি প্রসঙ্গে, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা, যাদবপুর দর্শন গ্রন্থমালা, চতুর্থ সিরিজ, প্যাপিরাস, গনেন্দ্র মিত্র লেন, কল-৭০০০০৪

৩। পাল শ্রী রামচন্দ্র, দর্শন পরিচয়, ১৯৭১, প্রগ্রেসিভ পাবলিশার্স কলেজ স্ট্রিট -১২

1. Ackermann Robert, Theories of Knowledge, A Critical Introduction, 1965, Tata McGraw Hill Publishing Company Limited, New Delhi.
2. Conford.F, The Republic of Plato, 1966, oxford university press.
3. Stace W.T The Critical History of Greek Philosophy, 1920 Macmillan And co. Limited st. Martin Street, London.

# সৈয়দ মুস্তাফা সিরাজের ছোটগল্পের বিষয় বিশ্লেষণ: প্রসঙ্গ মৃত্যু

**ড. সৌমেন দেবনাথ ***

**সংক্ষিপ্তসার:** কথাসাহিত্যিক সৈয়দ মুস্তাফা সিরাজের উপন্যাস, গল্প, প্রবন্ধে বারবার লক্ষিত হয় ব্যক্তিগত অভিজ্ঞতা, অধ্যয়ন ও জীবনদর্শন। সমকালীন হতাশা, বিভ্রান্তি, সংশয় জিজ্ঞাসার দুঃসহ অস্থিরতা, গ্লানিবোধকে লেখক লক্ষ্য করেছিলেন খুব কাছে থেকে, আর তাই-ই সাহিত্যে শিল্পরূপ দিয়েছেন। তাঁর মধ্যে বাস্তববোধ প্রখরভাবে ছিল বলেই তিনি মৃত্যুকে দেখেছেন মহীয়সী রূপে। মৃত্যু যেন জীবনকে নতুন করে আবিষ্কারের ফোকাস হয়ে উঠেছে। মৃত্যুর এই বৈচিত্রময়তা গল্পকারের কলমে জীবন্ত হয়েছে। তাঁর 'স্বামী ও প্রেমিক', 'বৃষ্টিরাতের আগন্তুক', 'গাছটা বলেছিল' প্রভৃতি আলোচনা প্রসঙ্গে স্পষ্ট হয়েছে মৃত্যু ও সাহিত্যের আত্মিক সম্পর্ক।

**মূল শব্দাবলী:** মৃত্যু, জীবন, হতাশা, প্রতীক, ভালোবাসা

বিংশ শতকের ষাটের দশকের অন্যতম কথাসাহিত্যিক হলেন সৈয়দ মুস্তাফা সিরাজ। মূলত তাঁর উপন্যাস, গল্প, প্রবন্ধে বারবার ফুটে উঠেছে অভিজ্ঞতা, অধ্যয়ন ও জীবনদর্শন। মুর্শিদাবাদের এক গ্রাম্য মধ্যবিত্ত পরিবারে জন্মগ্রহন করলেও তাঁর মধ্যে সাংস্কৃতিক ও শিল্পবোধ ছিল ছেলেবেলা থেকেই। ছাত্রজীবনে বামপন্থী রাজনীতি ও ভারতীয় গণনাট্য সংঘের সঙ্গে যুক্ত ছিলেন। সৈয়দ মুস্তাফা সিরাজের গল্পে বারবার এসেছে জীবনের কয়েকটি মৌলিক উপলব্ধি। এই সূত্রেই এসেছে জনজীবনের আর্থসামাজিক ও সাংস্কৃতিক রূপ, ঐতিহ্য ও আধুনিকতা, সভ্যতা ও প্রগতির দ্বন্দ্ব, মানুষের আদিসত্তার সংবেদনা, ব্যক্তির মূল্যচেতনা প্রভৃতি। ১৯৬৬-তে গ্রন্থাকারে প্রকাশিত 'নীলঘরের নটী' জনপ্রিয়তা অর্জন করলেও 'অলীক মানুষ' তাঁর শ্রেষ্ঠ উপন্যাস, যার জন্য তিনি 'ভুয়ালকা', 'আকাদেমি' ও 'বঙ্কিম' পুরস্কার পেয়েছিলেন। এছাড়া তাঁর উল্লেখযোগ্য উপন্যাসগুলি হল- 'মায়ামৃদঙ্গ', 'অমৃত প্রেমকথা', 'নিষিদ্ধ প্রান্তর', 'তৃণভূমি', 'এক বোন পারুল', 'নদীর মতন', 'কাগজে রক্তের দাগ', 'নিষিদ্ধ অরণ্য' প্রভৃতি। শুধু উপন্যাস নয়, বিদগ্ধ পাঠক ও সমালোচকদের মতে, ছোটগল্প রচনাতেই সৈয়দ মুস্তাফা সিরাজ ছিলেন সিদ্ধহস্ত। তাঁর ছোটগল্পের প্রধান উপাদান প্রকৃতি ও মানুষ। তাঁর উল্লেখযোগ্য গল্পগ্রন্থগুলি হল- 'কলকাতার কেঁদো', 'বনের আসর', 'রানীঘাটের বৃত্তান্ত' 'নিঝুম রাতের আতঙ্ক', 'কালের প্রহরী', 'মোতিবিবির দারগা', 'কর্নেলের তিন রহস্য', 'ছবির মানুষ', 'ভূত বেনাম গোয়েন্দা', 'কুয়াশার রঙ নীল' ইত্যাদি।

## এক

'উপনিষদ'-এ বলা হয়েছে- ''জাতস্য হি ধ্রুবো মৃত্যু ধ্রুবং জন্ম মৃতস্য চ।''

* *ভূতপূর্ব গবেষক, বাংলা বিভাগ, কল্যাণী বিশ্ববিদ্যালয়*

মৃত্যু জীবনের সঙ্গে অচ্ছেদ্যভাবে জড়িত। মানবজীবনের চেতনায়-অবচেতনায় জড়িয়ে আছে মৃত্যু। মানবজীবনের সকল সমৃদ্ধির মূল উদ্দেশ্যই এই মহাবিনাশের জন্য। তাই মৃত্যুকে কখনো দেখা হয় সুন্দর শ্যাম রূপে, কখনো দেখা হয় জীবনের অঙ্গ হিসেবে, কখনো মৃত্যু হয়েছে ভীতির কারণ, কখনো বা মৃত্যু হয়ে ওঠে থ্যাঁতা ইঁদুরের মত রক্তক্লেদময়। সাহিত্যে মৃত্যুকে লেখকবৃন্দ মূলত বাস্তবতার রূপ হিসেবেই দেখিয়েছেন। ফলে মৃতুচেতনা আসলে তাঁদের কাছে জীবনচেতনাই। সক্রেটিস বলেছেন- "মৃত্যু হল মানুষের সর্বাপেক্ষা বড় আশীর্বাদ।" দার্শনিক স্টিবজবস- এর মতে "মৃত্যু হল জীবনের সবচেয়ে অসাধারণ উদ্ভাবন। এটি জীবনকে পুরনো ও সেকেলে জিনিস থেকে মুক্ত করে।" শরৎচন্দ্রের 'শ্রীকান্ত- ১ম পর্ব' উপন্যাসে ইন্দ্রনাথ চরম তাচ্ছিল্যে শ্রীকান্তকে বলেছিল- "মৃত্যুকে ভয় কি, মরতে তো একদিন হবেই।" মানুষ মরণশীল। নৌকোডুবি, অ্যাকসিডেন্ট, বন্যা, ঝড়, মহামারি, নানান অসুখে প্রতিদিন শত শত মানুষের মৃত্যু হচ্ছে। মরণকে কোনো শক্তি দিয়ে আটকানো সম্ভব নয়। মরতে তো একদিন হবেই। মাইকেল মধুসূদন দত্ত বলেছিলেন- "জন্মিলে মরিতে হবে অমর কে কোথা কবে?" জীবনকে যেহেতু ধরে রাখা সম্ভব নয়, তাই মহান ব্যক্তিগণ মৃত্যুর আশায় দিন না গুনে মহৎ কার্যে নিজেকে উৎসর্গ করেছেন। এ মৃত্যু বাঁচার ও বাঁচবার জন্যই, একপ্রাণ দিয়ে লক্ষ কোটি প্রাণের রক্ষা। মৃত্যু যে জয় করেছে সেই হয়েছে মৃত্যুঞ্জয়ী।

রবীন্দ্রনাথ চিরকালই মনে করতেন মৃত্যুর মধ্যে দিয়ে ঘটে নবযুগের অরুণোদয়। তাই কবি বলেছেন-

"মরণ রে,  
তুঁহুঁ মম শ্যাম সমান।  
মেঘবরণ তুঝ, মেঘে জটা জুট  
রক্ত কমলকর, রক্ত অধর পুট  
তাপ বিমোচন করুণ কোর তব  
মৃত্যু অমৃত করবে দান  
তুঁহুঁ মম শ্যাম সমান।" ( 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' )

মৃত্যুকে কবি দেখেছেন জীবনের সম্প্রসারিত অংশ রূপে। মৃত্যু তাঁর কাছে এই জগতের বহমান গতিধারাকে নিরন্তর অব্যাহত রাখার এক অপরিহার্য দিক। কারণ মৃত্যুর মধ্যে দিয়েই জীবন পায় চলমানতার মহিমা। তাই 'প্রাণ' কবিতায় কবি বলেছেন-

"মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে  
মানবের মাঝে আমি বাঁচিবার চাই  
এই সূর্যকরে এই পুষ্পিত কাননে  
জীবন্ত হৃদয় মাঝে যদি স্থান পাই।" ('কড়ি ও কোমল' )

কবি এও মনে করেন মানুষের জীবন হচ্ছে দুঃখের মধ্যে দিয়ে সত্যকে উপলব্ধির সাধনক্ষেত্র। আর সে সাধনা চরম মূল্য পায় মৃত্যুতে। কবির মতে-

"আমৃত্যু দুঃখের তপস্যা এ-জীবন
সত্যের দারুণ মূল্য লাভ করিবারে,
মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে।" ( 'শেষ লেখা' )

কবি মৃত্যুকে জীবনের চেয়ে বড় বলে মনে করেননি। তাইতো তিনি নিজেকে ব্যাপ্ত করতে চেয়েছেন শিল্প, সংস্কৃতি ও সভ্যতার অম্লান আলোয়। হয়তো মৃত্যু মানবদেহকে নষ্ট করবে কিন্তু তাঁর সৃষ্টিকে কখনও নষ্ট করতে দেবে না। তাই কবি নিজে মৃত্যুকে জয় করেছেন এবং বলেছেন-

"যত বড় হও
তুমি তো মৃত্যুর চেয়ে বড়ো নও।
আমি মৃত্যুর চেয়ে বড়ো, এই শেষ কথা বলে
যাব আমি চলে।"

কথাসাহিত্যিক সৈয়দ মুস্তাফা সিরাজের সাহিত্যের মৃত্যু নানাভাবে লক্ষিত হয়। সমকালীন চারিদিকের হতাশা, বিভ্রান্তি, সংশয় জিজ্ঞাসার দুঃসহ অস্থিরতা, গ্লানিবোধ ইত্যাদিকে সৈয়দ মুস্তাফা সিরাজ লক্ষ্য করেছিলেন খুব কাছে থেকে, আর তাই-ই উপন্যাস ও ছোটগল্পে শিল্পরূপ দিয়েছেন। তাঁর মধ্যে বাস্তববোধ প্রখরভাবে ছিল বলেই তিনি মৃত্যুকে দেখেছেন মহীয়সী রূপে। মৃত্যু যেন জীবনকে নতুন করে আবিষ্কারের ফোকাস হয়ে উঠেছে। তাঁর ছোটগল্পে মৃত্যু হয়তো কোন একটি চরিত্রের হয়েছে ঠিকই কিন্তু এই মৃত্যু যেন গল্প রচনার পটভূমি হয়েছে। সৈয়দ মুস্তাফা সিরাজের কয়েকটি গল্প আলোচনা প্রসঙ্গে মৃত্যুর নানা মাত্রা ও তা কিভাবে গল্পে আবর্তিত হয়েছে সে বিষয়ে দেখে নেওয়া যাক।

## দুই

### "মহুয়া গতরাত্রে আত্মহত্যা করেছে"-

মহুয়ার এই আত্মহত্যাকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে সৈয়দ মুস্তাফা সিরাজের 'স্বামী ও প্রেমিক' গল্পটি। বৃষ্টিস্নাত এক সুন্দর সকালে সুকোমলের ফ্ল্যাটে জ্ঞানেশ মিত্রের আগমন, সঙ্গে বার্তা নিয়ে মহুয়ার আত্মহত্যা। কিন্তু কেন মহুয়া আত্মহত্যা করল? বিবাহিত জীবনে প্রেমিকের উপস্থিতি, নাকি অন্য কোনও মানসিক বিষাদ? মহুয়ার আত্মহত্যার কাহিনি বিশ্লেষণ করতে গিয়ে আমরা দেখবো আমাদের সমাজের চারপাশে মানুষের মধ্যে যে আত্মহত্যার প্রবণতা রয়েছে তার উৎপত্তি কোথায়।

'আত্মহত্যা' – 'আত্মহনন'- নিজেকে নিজেই শেষ করে দেওয়ার একটি পদক্ষেপ মাত্র। কোন মানুষ যখন স্বইচ্ছায় নিজেই নিজের হত্যা করে তখন তাকে আত্মহত্যা বলে। 'আত্মহত্যা' শব্দটির ইংরেজি প্রতিশব্দ 'Suicide', যার উৎপত্তি ল্যাটিন শব্দ 'Suicidium' থেকে। আত্মহত্যাকারী ব্যক্তিকে মানসিক

অবসাদগ্রস্ত বলেই ধরে নেওয়া হয়ে থাকে। সারা বিশ্বে প্রতি বছর প্রায় দশ লক্ষ মানুষ আত্মহত্যা করে থাকে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর মতে, প্রতি বছর সারা বিশ্বে যে সব কারণে মানুষের মৃত্যু ঘটে তার মধ্যে আত্মহত্যা ত্রয়োদশতম প্রধান কারণ। বিশ্বে প্রতি সেকেন্ডে একজন আত্মহত্যার প্রচেষ্টা করে এবং প্রতি মিনিটে একজন আত্মহত্যা করে।

"মানব জীবন সার, এমন পাবে না আর।"- মানুষের জীবন একটাই, তাই এই জীবনের মূল্য অনেক। কিন্তু অনেক সময় মানসিক অবসাদ, দুর্ভাগ্য, পরাজয়ের গ্লানি থেকে সহজতম মুক্তির পথের নাগাল পেতে মানুষ আত্মহত্যা করে। এই সুন্দর পৃথিবীতে আনন্দ উপভোগ করার পরিবর্তে শ্রেয় হয়ে ওঠে মৃত্যুর কালো পর্দার ওপরের জগৎ। মনোবিজ্ঞানী ফ্রয়েডের মতে মানুষের ভেতর গঠনমূলক ও ধ্বংসাত্মক দুটি সত্তা কাজ করে। ব্যক্তির ব্যক্তিত্ব অনুযায়ী এই দুটি সত্তা ক্রিয়াশীল। কখনও পরিবেশগত বা কখনও মানসিক কারণে এই দুটি সত্তা একটি অপরের ওপর প্রভাব বিস্তার করলে মানুষ দিশেহারা হয়ে পড়ে এবং জীবনকে অর্থহীন মনে করে আত্মহত্যার কাজে লিপ্ত হয়।

বর্তমান সমাজ পরিস্থিতি এতটাই জটিল আকার ধারণ করেছে তাতে মানুষের মনে আত্মহননের প্রবণতা ক্রমশ বেড়ে চলেছে। মানুষে মানুষে যোগাযোগের অভাব, একে অপরের প্রতি সৌভ্রাতৃত্ববোধ-ভালোবাসা ক্রমে তলানিতে এসে পৌঁছেছে। শৈশব অতিবাহিত লক্ষ্য পূরণের দৌড়ে, কৈশোর ও শৈশবের পথে চালিত, যৌবন বসন্তের রঙে নয় বরং কেরিয়ার তৈরির খোঁজে। ফলে মানুষের জীবনের কোনও সময়েই মানসিক স্বস্তি নেই, দম্পতির প্রেম নেই, নেই সময়, 'সময় নেই'-এর দৌড়ে ঘরে ঘরে বিষণ্ণতার বাসা। শিশুর মুখে নেই প্রকৃতির হাসি, আর থাকলেও তা দেখার সময় নেই বাবা-মা'র, নেই কল্পনায় ভাসবার। প্রেমিকের সময় নেই প্রেমিকার চোখে দুদণ্ড পাখির নীড়ের শান্তি খোঁজার। এইসব না পাওয়ার যন্ত্রণায় জন্ম দেয় এক নিরবিচ্ছিন্ন বিষণ্ণতার, হতাশা-যা ক্রমে প্ররোচিত করে একাকীত্বে। এই একাকীত্বের যন্ত্রণা থেকে মুক্তি পেতে মানুষ বেছে নেয় আত্মহত্যার মত নির্মম কাজকে। প্রতিটি আত্মহত্যার কাহিনিকে বিশ্লেষণ করলে মেলে এক রকমের অপ্রাপ্তির বেদনার কাহিনি, ফুটে ওঠে বিষণ্ণতার প্রতিচ্ছবি। এবার দেখে নেওয়ার বিষয় আলোচ্য 'স্বামী ও প্রেমিক' গল্পে মহুয়ার আত্মহত্যার পেছনে রয়েছে কোন কাহিনি কিম্বা কোন বিষণ্ণতার ছবি।

প্রায় দশ বছরের ব্যবধানে স্কুল শিক্ষক জ্ঞানেশের সঙ্গে মহুয়ার বিয়ে হয় হটকারিতার মধ্যে। বিয়ের ছয় মাস পর থেকেই মহুয়া নিজের ইচ্ছানুযায়ী চলতে শুরু করে। গ্রামের একঘেয়েমিতা দূর করতে কলকাতা চলে আসে জ্ঞানেশ ও মহুয়া। বিবাহ শুধুমাত্র দুটি শরীরের মিলনের একটি আনুষ্ঠানিক সূচনাই নয়, বিবাহ হল দুটি হৃদয়ের মিলন, একে অপরের প্রতি বিশ্বাস, সুখে দুঃখে পাশে থাকার প্রতিশ্রুতি। আর স্বামী স্ত্রীর মধ্যে এগুলি না থাকলে সে সম্পর্ক কখনই টেকে না। মহুয়া হয়তো স্বামীকে শ্রদ্ধা করত ঠিকই কিন্তু উভয়ের মধ্যে হৃদ্যতার সম্পর্ক ছিল না। তাইতো মহুয়া সন্তানসম্ভবা হলে অপারেশন করিয়ে নেয়, কারণ মহুয়া মা হতে চায় না। সংসারের কোন দায়িত্ব নিতে চায় না। সবসময় সব সিদ্ধান্ত নিয়েছে হটকারিতার মধ্যে। স্বামীর ভালোবাসা কখনও বুঝতে চায়নি, তাই

জ্ঞানেশকে সে কখনই আপন করতে পারেনি। আবার বিয়ের পর থেকেই কোনও ভাবেই নতুন পরিবেশে মানিয়ে নিতে চায়নি বা তার মধ্যে মানিয়ে নেওয়ার মানসিকতা ছিল না। ফলে জ্ঞানেশ ও মহুয়ার মধ্যে সবসময় একটা দূরত্ব ছিল।

বহরমপুরে রিফ্রেসার কোর্স করতে গিয়ে সুকোমলের সঙ্গে মহুয়ার আলাপ এবং প্রেম। সুকোমলের সঙ্গে সম্পর্ক মহুয়ার জীবনকে পাল্টে দিয়েছে। জ্ঞানেশ অবশ্য বিষয়টা জানা সত্ত্বেও চুপ থেকেছে। কারণ-

> "আসলে চেয়েছিলাম ও যা কিছু করুক আমার হয়ে থাক। আমার ধরা
> ছোঁয়ার মধ্যে অন্তত থাক।"

শরীর ও মনের পরিপূর্ণ স্বাদ মহুয়া জ্ঞানেশের কাছে পায়নি, বরং তা পেয়েছে সুকোমলের কাছে। সুকোমলকে মহুয়া দায়িত্ববান মনে করেছিল। তাইতো সে স্বামীকে বলেছে-

> "যদি আমার কোনো প্রেমিক থাকবে, জানবে সে দায়িত্ববান প্রেমিক।"

কিন্তু সুকোমল যে দায়িত্ববান ছিলনা সেই ধারণা ভেঙ্গে যায় মহুয়ার। যে প্রেমিক মহুয়াকে তার শিক্ষকতা পেশা ছাড়িয়েছে, ভালো কাজ পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে, কিন্তু তা করেনি। বরং মহুয়াকে যত পেরেছে নানান বিষয়ে প্রতিশ্রুতি দিয়েছে-

> "যদি কখনও মনে করো যে ওখানে অসহ্য লাগছে, তখনই চলে এসো।
> আমার ঘরের দরজা তোমার জন্য সবসময় খোলা। পৃথিবীতে কোথাও আশ্রয়
> না জুটলেও আমার কাছে জুটবে।"

কিন্তু এত প্রতিশ্রুতি শুধুমাত্র যে মহুয়াকে নিজের করে পাওয়ার আশায় একথা যখন মহুয়া বুঝতে পেরেছে তখন তার জীবনে আর কোন মূল্যই রইল না। ফলে সে মানসিকভাবে ভেঙ্গে পড়েছিল।

আবার স্বামী জ্ঞানেশ মহুয়ার পরকীয়া সম্পর্ক জানা সত্ত্বেও কখনও তার প্রতিবাদ করেনি। স্ত্রীকে এত ভালোবাসতো এবং হারানোর এত ভয় ছিল যে জ্ঞানেশ সব কিছু নীরবে দেখেছে, কেবল মহুয়াকে দিয়েছে মানসিক পীড়ন। আবার স্ত্রীর যাতে কোন বিপদ না হয় তার জন্য সর্বদা গোপনে তার আশে-পাশে থেকেছে। কারণ তার মনে হয়েছে সুকোমল মহুয়াকে একদিন প্রতারণা করবে আর ভুল ভেঙ্গে জ্ঞানেশকে ভালবাসবে। কিন্তু অবশ্য তা কখনই হয়নি। বরং একথা জানার পর স্বামীর প্রতি যেটুকু শ্রদ্ধা ছিল মহুয়ার তাও নষ্ট হয়ে যায়। মহুয়া মনে করেছিলো জ্ঞানেশকে শ্রদ্ধা করা যায়। কিন্তু স্বামী হিসেবে ভালোবাসা যায় না। স্বামী হওয়ার তার কোন অধিকারই নেই। কারণ যে স্বামী তার স্ত্রীর পরকীয়া সম্পর্ককে সানন্দে মেনে নিয়ে তার প্রেমের কোনও বাঁধা দেবে না সেই স্বামী পুরুষই নয়। তাইতো স্বামীর প্রতি অল্প বিস্তর যে শ্রদ্ধা ও বিশ্বাস ছিল মহুয়ার, তাও ভেঙ্গে গেল।

মহুয়া যাকে দায়িত্ববান বলে বিশ্বাস করতো সেই তাকে সবসময় ব্যবহার করেছে কিন্তু কোনও দায়িত্ব পালন করেনি। আবার যার প্রতি শ্রদ্ধা ছিল সেও শ্রদ্ধার জায়গাটা নিজের থেকে হারিয়েছে। যাকে মহুয়া ভালবেসেছিল সে কখনও তার ছিলনা। আবার যাকে অবহেলা করেছিল তার থেকে পেয়েছিল সবসময় মানসিক পীড়ন ও ভালোবাসার নানান সহ্যহীন কৌশল। স্বামী ও প্রেমিকের মাঝখানে পড়ে মহুয়া মানসিক দোটানায় ছিল, মানসিকভাবে ভেঙ্গে পড়েছিল, নিজের অস্তিত্বকে খুঁজে না পেয়ে আত্মহত্যার মত জঘন্য কাজে লিপ্ত হয়েছিলো। আর সুইসাইড নোট লিখেছিল স্বামী ও প্রেমিক উভয়কেই, যেখানে নিজের মৃত্যুর জন্য দুজনকেই দায়ী করেছিল। এ প্রসঙ্গে জ্ঞানেশ জানায়-

"আপনি করেছেন প্রতারণা, আর আমি করেছি মানসিক পীড়ন।"

মহুয়া যে স্বামী ও প্রেমিকের উপর বিশ্বাস হারিয়েই আত্মহত্যার মত জঘন্যতম কাজে লিপ্ত হয়েছিলো তা স্পষ্ট হয়েছে তার মৃত্যুর পরে স্বামী ও প্রেমিকের আচরণে। মহুয়ার উপর কোনও অধিকার না থাকা সত্ত্বেও শুধুমাত্র মিথ্যা ভালবাসার নাটক ও কতকগুলি মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে মহুয়ার শরীরকে নিজের করে পেয়েছিল সুকোমল তা স্পষ্ট হয় জ্ঞানেশের মহুয়ার আত্মহত্যার কথা শুনে কোনও প্রতিক্রিয়া না করায়। আবার স্ত্রীকে এত ভালোবাসে যে জ্ঞানেশ স্ত্রীর মৃতদেহ মর্গে রেখে স্ত্রীর প্রেমিকের সঙ্গে কথোপকথনে ব্যস্ত। তার চেহারায় বা কথায় কোথাও শোকের ছায়া পড়েনি পাঠকের কাছে। গল্পটি পড়ে পাঠকের সত্যি বুঝতে অসুবিধা হয় না যে মহুয়া স্বামী ও প্রেমিকের উপর বিশ্বাস হারিয়েই মানসিকভাবে ভেঙে পড়েছিল। সর্বগ্রাসী শূন্যতা যেন মহুয়াকে আঁকড়ে ধরেছিল। আর এই শূন্যতাকে কাটিয়ে উঠতে না পেরে মহুয়া আত্মহত্যার পথ বেছে নিয়েছিল।

## তিন

**"কাগজে লিখেছে মাথার পেছনে কয়লাভাঙা হাতুড়ির ঘা মারা হয়েছিল"-**

ছন্দা নামে এক নার্স হত্যা ও তার প্রকৃত হত্যাকারী কে? এই রহস্য নিয়েই লিখেছিলেন সৈয়দ মুস্তাফা সিরাজ 'বৃষ্টিরাতের আগন্তুক' গল্পটি। গল্পটিতে হত্যার যে রহস্যময়তা রয়েছে তা উদ্ঘাটনের পূর্বে দেখে নেওয়া যাক হত্যা কি?

"Murder means unlawful killing of Human being Intentionally committed is murder."

কোনো ব্যক্তি যখন নিজের কোনো আত্মতৃপ্তি বা নিজের স্বার্থ রক্ষা করবার জন্য অপর কোনও ব্যক্তির প্রাণনাশ করে তখন তাকে হত্যা বলে। একজন হত্যাকারী কখনই সাধারণ মানুষের মত বিবেক, বুদ্ধি বা মানসিকতা সম্পন্ন হতে পারে না। সবসময় হত্যাকারীর মানসিক ভারসাম্যহীনতার লক্ষণ বিদ্যমান। তারা নিজেদের প্রক্ষোভকে দমন করতে পারেনা। অর্থাৎ তারা তাদের রাগ, বিদ্বেষ, অতৃপ্তি, আকাঙ্ক্ষাকে সংযত করতে না পেরে অপর ব্যক্তির প্রতি আক্রোশবসত হত্যা করে মানসিক শান্তি লাভ করতে চায়। হত্যা আইনত শাস্তিযোগ্য একটি অপরাধ। কিন্তু হত্যাকারী কার্যকারণ বিচার না

করেই অপরাধ করে থাকে। অপরাধীর অপরাধ প্রবণতা তৈরি হওয়ার পিছনে হয়তো আমাদের চারপাশের সমাজও অনেকক্ষেত্রে দায়ী হয়ে থাকে। সৈয়দ মুস্তাফা সিরাজের 'বৃষ্টিরাতের আগন্তুক' গল্পটি আলোচনা প্রসঙ্গে দেখে নেওয়া যাক গল্পে উল্লেখিত হত্যার রহস্য।

বৃষ্টিরাতে টেবিলবাতির আলোয় ইংরেজি গোয়েন্দা উপন্যাস পাঠে ব্যস্ত বারীন। ঠিক সেইসময় অন্ধকার জানালা থেকে বারীনকে কেউ যেন ডেকে ওঠে, যা বারীনকে সাময়িকভাবে চমকে দেয়। কিন্তু পরক্ষণেই ভগ্নীপতি প্রতুলকে দেখে আশ্বস্ত হলেও পরক্ষণেই কিছুটা হলেও বিরক্ত হয়। কারণ বারীনের দিদির সঙ্গে প্রায় ছ'মাস প্রতুলের সম্পর্ক নেই। বারীনের স্ত্রী অনিমার কথানুযায়ী-

"ননদাই ব্যাড ক্যারেক্টার লোক।"

কিন্তু বারীন জানে দিদির জেদিভাব। তাইতো তার মনে হয়েছে উভয়ের দ্বন্দ্বটা মজ্জাগত। কিন্তু সেই ভাবনা বারীনের ভেঙে যায় যখন পেপারে দেখে প্রতুল ছন্দা নামে এক নার্স হত্যার মামলায় জেলে। একসময় দিদির কাছে ছন্দার সঙ্গে প্রতুলের সম্পর্ক বিষয়ে নানান কথা শুনেছে বারীন। একসঙ্গে কাজ করলে বন্ধুত্ব থাকাটা স্বাভাবিক। কিন্তু ছন্দা হত্যায় প্রতুল জেলে যাওয়ার ঘটনা বারীনের সব ভাবনাকে পাল্টে দিয়েছে। বারীন যতবার প্রতুলকে জিজ্ঞাসা করেছে ততবারই সে হত্যার ঘটনা অস্বীকার করেছে। তাই বিনা কারণে শাস্তি নিতে পারবে না বলেই জেল থেকে পালিয়েছে সে। এখন প্রশ্ন হল ছন্দাকে কি সত্যি প্রতুল হত্যা করেছে? প্রতুল যেহেতু হত্যার কথা অস্বীকার করেছে তাহলে প্রশ্ন জাগাটাই স্বাভাবিক যে হত্যাকারী কে? অবশ্য হত্যাকারী বিষয়ে গল্পকার সরাসরি কিছু না বললেও কিছুটা ইঙ্গিত দিয়েছেন। বারীন হত্যা প্রসঙ্গে প্রতুলকে বারবার প্রশ্ন করে উত্যক্ত করলে প্রতুল অনিমাকে বলেছে-

"বিশ্বকর্মা পুজোর দিন আপনার ননদ প্রতাপপুর গিয়েছিলো, তাই না বৌঠান?"

আর সেইদিন প্রতাপপুরে ছন্দা হত্যা হয়েছিল। বারীনের মনে প্রশ্ন জাগে তাহলে সত্যি কি প্রতুল নির্দোষ? আর প্রতুলের কথানুযায়ী হত্যার আসামী কি তাহলে তার দিদি? গল্পকার অবশ্য গল্পের শেষে এই দিকটিকেই ইঙ্গিত করেছেন। স্বামীর সঙ্গে অন্য নারীর সম্পর্ক দীপু মেনে নিতে পারেনি বলেই কয়লা ভাঙার হাতুড়ি দিয়ে ছন্দাকে হত্যা করেছে।

কয়লা ভাঙার হাতুড়িটিকে রান্নাঘরে দেখে অনিমা চমকে ওঠে। তার যেন দীপুকে সত্যি আজ স্বার্থপর বলে মনে হয়। অনিমার মনে হয়েছে সে নিজে কাউকে হত্যা করে এভাবে হয়তো নিজের দোষ ঢাকা দিয়ে নিজের স্বামীকে ফাঁসাতে পারত না। কিন্তু দীপু তা করেনি, বরং নিজের সমস্ত অপরাধ গোপন করে স্বামীর উপর সমস্ত দায় ভার চাপিয়ে দিয়েছে। নারীকে যেমন সহনশীলা, স্নেহময়ী রূপে দেখা যায় তেমনি স্বার্থপর ও প্রতিবাদী সে নারী চরিত্রের মধ্যে পরে একথা গল্পকার দীপু চরিত্রের মধ্যে দিয়ে ফুটিয়ে তুলেছেন। তাইতো স্বামীর অবহেলা ও অন্য নারীর প্রতি আসক্তি মেনে নিতে না পেরে

স্বামীর প্রেমিকাকে হত্যা করেছে সে। আবার নিজের দোষ ঢাকা দিয়ে সমস্ত দায় দিয়েছে স্বামীর উপর। গল্পকার মনে করেছেন-

"হয়তো ভালোবাসা মরে গেলে মানুষ এমনি নিষ্ঠুর হয়ে যায়।"

অর্থাৎ গল্পকার গল্পের প্রথম থেকে একটি হত্যার ঘটনাকে কেন্দ্র করে গল্পটিকে এগিয়ে নিয়ে গেছেন, যার প্রকৃত হত্যাকারী গল্পের শেষে উদ্ঘাটন করে গল্পটিকে শিল্পসার্থক করে তুলেছেন।

চার

**"........গাছটা নির্দয় বাতাসের ভাষায় তাকে বলেছিল, মর মর মর। দারুণ ভয় পেয়ে সে মরে গিয়েছিলো।"**

একটি গাছের 'মর মর মর' ধ্বনি উচ্চারণ এবং যাকে উদ্দেশ্য করে সেই উচ্চারণ তার আকস্মিক মৃত্যু – সেই মৃত্যুকে কেন্দ্র করে মানুষের মনে নানান ভাবনার প্রকাশ- এই নিয়েই লেখা সৈয়দ মুস্তাফা সিরাজের 'গাছটা বলেছিল' গল্পটি। গল্পে উল্লেখিত প্রতিটি মৃত্যুই নানান প্রতীকের প্রকাশ ঘটিয়েছে। গল্পে উল্লেখিত এই প্রতীকগুলি আলোচনার পূর্বে দেখে নেওয়া যাক প্রতীক কি?

প্রতীক হল এমন কিছু যা তার নিজরূপের আড়ালে অন্য আলাদা কিছু, অন্য আলাদা সত্তার ইশারা করে। অর্থাৎ প্রতীক এক ধরনের চিহ্ন যা একটি বার্তা বহন করে। কখনও তা পরিচিত ও সাধারণের বোধগম্য (Public Symbol), আবার কখনও তা দুরূহ ও একান্ত ব্যক্তিগত (Private Symbol).সাহিত্যের আঙিনায় এই প্রতীক নানারূপে ব্যবহার হয়ে থাকে যাতে পাঠককুল সাহিত্যের রসাস্বাদন করতে কিছুটা হলেও ভাবতে সক্ষম হয়। মৃত্যুকেও বিভিন্ন সাহিত্যিক এক বা একাধিক প্রতীক হিসেবে দেখিয়ে থাকেন, যা রচনার একটি আলাদা মাত্রা দেয়। সৈয়দ মুস্তাফা সিরাজ তাঁর একাধিক গল্পে মৃত্যুকে প্রতীকরূপে দেখিয়েছেন, যা তাঁর গল্পের বিষয় ও ভাবনাকে সুদূরপ্রসারী করেছে। 'গাছটা বলেছিল' গল্পটি আলোচনা প্রসঙ্গে মৃত্যু কীভাবে গল্পে প্রতীকধর্মী হয়ে উঠেছে তাই বিবেচ্য।

মৃত্যু-অপমৃত্যু, কারণে-অকারণে মৃত্যু সৈয়দ মুস্তাফা সিরাজের 'গাছটা বলেছিল' গল্পের সর্বাঙ্গে জড়িয়ে রয়েছে। গল্প কথক হলেন গল্পের প্রতিটি মৃত্যু কাহিনির সাক্ষী, গাছটির যাবতীয় ক্রিয়াকলাপের সাক্ষী। তাইতো কথক বলেছেন-

"......মৃত্যুর আগে আমাকে এসব কথা লিখে যেতেই হবে। আমি যে সত্যই একমাত্র সাক্ষী।"

গল্পে উল্লেখিত গাছটি একটি নির্দয় গাছ, যে মানুষের ভাষায় কথা বলতে পারে, শুধু কথা নয় গাছটি মানুষের মৃত্যু কামনা করতে পারে; বলতে পারে- 'মর মর মর'। বাতাসের সাথে ভেসে আসা এই মৃত্যুদণ্ড শুনে দারুণ ভয় পেয়ে মরে যায় গ্রামের পাঁচ পাঁচ জন মানুষ।

গল্পের শুরু এক পাতাকুড়ানো বুড়ির মৃত্যুকে নিয়ে। বুড়ি গিয়েছিল গাছটার তলায় পাতা কুড়োতে। গাছটা সহসাই তাকে বলল 'মর মর মর'। ভয় পেয়ে বুড়ি পালিয়ে এল আর মরে গেল। তখন বসন্তকাল, গাছের সবুজ সতেজতায় প্রাণের আন্দোলন, চারদিকে এক তীব্র লাবণ্যের কাল। তার মধ্যে এই পাতাকুড়ানি বুড়ির এক অপ্রত্যাশিত, আশ্চর্য ও অবিশ্বাসী মৃত্যু ভাবনার কারণও বটে।

"কিন্তু সত্যই কি গাছটা বলেছিল মর মর মর?"

বুড়ির অস্বাভাবিক মৃত্যুতে প্রশ্ন তোলে গ্রামের এক অবিশ্বাসী বুড়ো। গাছটা চ্যালেঞ্জ করে গাছটার মুখ দিয়ে শুনতে চায় নিজের মৃত্যুদণ্ডের আদেশ। এমনকি আক্রোশে গাছটার গুঁড়িতে আঘাত করতে যায়। আর তক্ষুণি মাঠের দিক থেকে ধেয়ে আসা বাতাসে গাছটায় শুরু হয় আন্দোলন, আর তারপরেই গাছটি শনশনিয়ে বলে- 'মর মর মর'। প্রচণ্ড আক্রোশে গাছটার গুঁড়িতে লাথি মারতে গিয়ে মৃত্যু হয় বুড়োর। আবার ধান চুরি করতে গিয়ে পাঁচু চোর ধরা পড়ার ভয়ে গাছটার তলায় আশ্রয় নিলে তক্ষুণি বাতাসের শব্দে ভেসে আসে তার মৃত্যুদণ্ডের আদেশ। প্রচণ্ড ভয়ে বাড়ি ফিরে মৃত্যু হয় তার। পাঁচু চোরের মৃত্যুও অস্বাভাবিক মৃত্যু। এমনকি এতগুলো মৃত্যুর তদন্ত করতে আসা দারোগার মৃত্যুও গাছটির নির্মম মৃত্যুদণ্ডে।

গ্রামের এই এত বড় মৃত্যুদূত গাছটির পরিচয় কি? গাছটি কি সত্যি কথা বলতে পারে? যেমন কোন কোন পাখি মানুষের ভাষা শেখে। তেমনি কি গাছও মানুষের ভাষা শেখে? এই সব প্রশ্নের উত্তর নিহিত আছে গল্পের অভ্যন্তরেই। গাছটির অবস্থান একটি 'নো-ম্যানস-ল্যান্ড' সদৃশ জমিতে। তার একদিকে মুসলমানপাড়া আর অন্যদিকে হিন্দুপাড়া। গাছটির অবস্থান দেখে সহজেই অনুমান করা যায় কোন দাবিদারহীন জমিতে মালিকানাবিহীন একটি গাছ। কখনও কেউ তাকে বিস্ময়কর ভাবেনি। হয়তো ভাবতো না যদি না লাটুবাবুদের ক্লাব ঘর করবার প্রস্তাবে বাধা প্রদান করা হতো কোন পক্ষ থেকে। রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্যই গাছটির নামে এমন অপবাদ প্রচার করা হয়েছে। গ্রামের মানুষের মনে কুসংস্কারে আচ্ছন্ন করে স্বার্থসিদ্ধির রাস্তা খোঁজে।

তরুণ ডাক্তার অসীম বোস এবং স্কুল শিক্ষক মনজুর হোসেনের বৈজ্ঞানিক ব্যাখ্যায় চারটি মৃত্যুরই যথাযথ কারণ উপস্থাপিত হয়। প্রথম দুটি মৃত্যু 'হার্ট অ্যাটাক' আর তৃতীয়টির মৃত্যু 'লাঙ্স বাস্ট', কারণ তার টি.বি রোগ ছিল। কিন্তু রাজনৈতিক নেতারা টাকা খাইয়েছে মৃতদের পরিবারকে আর তাই তারা শারীরিক অসুস্থতার কারণকে নস্যাৎ করে প্রমাণ করেছে গাছটির অস্বাভাবিক ক্ষমতাকে। আর দারোগা বাবুর মৃত্যুও হয়েছে 'হার্ট অ্যাটাকে'। প্রতিটি মৃত্যু ঘটনাই আগুনের মত ছড়িয়ে পড়ে মানুষের চেতনায়, গ্রাস করে বিচারবুদ্ধিকে। ছড়িয়ে পড়ে কুসংস্কার। আর যারা প্রতিরোধ করতে আসে তারাও চলে যায় চির আঁধারে – ডাক্তার অসীম বোসের মত। 'অসীম' মানে 'যার কোনো সীমা নেই'। তাই ডাক্তারের মৃত্যুর কারণকে কোনো সীমা রেখায় টানা হয়নি। গল্প কথকের বয়ান অনুসারে তরুণ ডাক্তার সদ্য প্রেমে প্রত্যাখ্যাত, মানসিকভাবে বিপর্যস্ত। ডাক্তারের ব্যক্তিগত জীবনের অপ্রাপ্তির

বেদনা ডাক্তার গাছটির কাছে মৃত্যুর আদেশ চাইতে গেল। গাছটি হয়তো বাতাসের ভাষায় মৃত্যুদণ্ড দিয়েছিল, আর বাড়ি ফিরে ডাক্তার 'সাইনাইড' খেয়েছিল, আর বিছানার পাশে লিখে রেখেছিল-

"আমার মৃত্যুর জন্য কেউ দায়ী নয়।"

ফলে বাকি চারটি মৃত্যু থেকে পৃথক শ্রেণিতে চলে যায় ডাক্তারের মৃত্যুটা। ডাক্তারের মৃত্যুর কারণ হিসেবে গাছটির ভূমিকা থাকলেও 'তিনি ডাক্তার। সাইনাইড খেয়েছিলেন।' এটাই একমাত্র সত্য।

"বৃক্ষলতা জুড়ে নো-ম্যানস-ল্যান্ডে বিশাল স্লোগান। মার মার শালাদের।

মার, মার, মার.......।"

পাঁচটি মৃত্যুর পরেও থেমে থাকে না মৃত্যু। ক্রমে বাঁধিয়ে তোলে মহামারী। পার্টির হুলটাইমার স্বপন রুদ্রর কথা ফলে যায়-

"কুসংস্কার জিনিসটা এক শ্রেণীর ভাইরাস। মহামারী বাঁধায়।"

সরকারী পদক্ষেপে গাছটিকে কেটে ফেলবার নির্দেশ আসে। পঞ্চায়েত থেকে নিয়ে আসা হয় কুঠারিয়েদের, আর তক্ষুণি ধর্ম আর রাজনীতি মানুষের মধ্যে গা ঝাড়া দিয়ে ওঠে। বেতো নরেন বাবু ছড়ি নেড়ে বলেন- "পুজো হচ্ছে, দেবতা কাটা চলবে না।"

আবার বিপরীত পক্ষ থেকে প্রতিবাদ আসে। মনজুর হোসেন চিৎকার করে জানায়-

"রেজোলিউশন! আনঅ্যানিমাসলি অ্যাক্সেপ্টেড রেজোলিউশন!"

রাজনীতি ধর্মকে হাতিয়ার করে একটা মালিকহীন জমির মালিকানা আদায়ের জন্য একটার পর একটা মৃত্যু ঘটে যায়। বোমার আঘাতে দুই পক্ষের রক্তেই রক্তাক্ত নো-ম্যানস-ল্যান্ড। এই দলাদলি মারামারি রাজনীতি যতদিন না নির্মূল হবে ততদিন শোনা যাবে মৃত্যুদণ্ডের আদেশ। গাছটির থেকে ধ্বনিত হবে- 'মর-মর ধ্বনি'। অতি প্রাচীন সেই ধ্বনির প্রতিফলন মানবিক ভাষায় 'মার মার মার...।'

গল্পে লেখক গাছটিকে একটি প্রতীকরূপে ব্যবহার করেছেন। গাছটির এই 'প্রোলেটারিয়েট' অবস্থান সমাজের বিচ্ছিন্নতা, একাকীত্বকে যেমন প্রতিফলিত করেছে তেমনই গাছের মানবিক ভাষায় মৃত্যুদণ্ডের ফরমান আসলে সমাজের অন্তর্দ্বন্দ্বের ভাষা। সমাজের মানুষের রাজনৈতিক ও ধর্মীয় অশান্তি সমাজকে দেবে একটার পর একটা নিরবচ্ছিন্ন মৃত্যু ঘটনা। ঠিক যেমনভাবে-

"গাছটা নিশ্চয় বলছিল, মর মর মর। আর লোকগুলি মরছিল। ....

চাপ চাপ রক্ত। নো ম্যানস ল্যান্ড রক্তে লাল হচ্ছিল।"

গল্পগুলি পাঠে অনুভূত হয় যেন মৃত্যু ও সাহিত্য একাত্ম হয়ে ধরা দিয়েছে। কথাকার মুস্তাফা সিরাজ তাঁর ব্যক্তিজীবনের সুখ-দুঃখের পাশাপাশি মৃত্যুভাবনাকে সাহিত্যের আঙিনায় এনে সাহিত্যের নান্দনিকতাকে যেন ভিন্নমাত্রা প্রদান করেছেন। সাহিত্য প্রকরণের নিরিখে এবং নান্দনিকতার বিচারে মৃত্যুচেতনামূলক ছোটগল্প, বিশেষ করে সৈয়দ মুস্তাফা সিরাজের এই শ্রেণির ছোটগল্পগুলি বাংলা সাহিত্যকে অনন্য করে তুলেছে এবং এই ধারায় যে তাঁর একটা স্বতন্ত্রতা রয়েছে তা নির্দ্বিধায় বলা যেতেই পারে।

**ঋণস্বীকার:**


১. সৈয়দ মুস্তাফা সিরাজ – 'সেরা ৫০টি গল্প', দ্বিতীয় সংস্করণ : মে ২০১৪, বৈশাখ ১৪২১, দে'জ পাবলিশিং, কলকাতা- ৭৩

২. সৈয়দ মুস্তাফা সিরাজ – 'শ্রেষ্ঠ গল্প', তৃতীয় সংস্করণ : জানুয়ারি ২০০৫, মাঘ ১৪১১, দে'জ পাবলিশিং, কলকাতা- ৭৩

# স্বামী বিবেকানন্দের দৃষ্টিতে উপনিষদ্

**ড. রাহুল দেব বিশ্বাস** *

**সারসংক্ষেপ:** স্বামী বিবেকানন্দ উপনিষদ গ্রন্থ সমূহের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিলেন, তা এই নিবন্ধে আলোচনা করা হয়েছে। উপনিষদ সমূহ শক্তির বৃহৎ আকর। বিভিন্ন উপনিষদ থেকে উদ্ধৃতির মাধ্যমে আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। উপনিষদে আছে ঈশ্বর, জগৎ, জীবতত্ত্ব, প্রাণতত্ত্ব, সৃষ্টিতত্ত্ব, পঞ্চকোষ প্রভৃতির রত্নরাজি। উপনিষদের বিভিন্ন রত্নরাজি থেকে স্বামীজী বেছে নিয়েছিলেন আত্মতত্ত্বকে। স্বামীজীর চিন্তাধারায় ফুটে উঠেছিল ভারতবর্ষের সর্বাঙ্গীণ উন্নতি। এবং উপনিষদের চিরন্তন সত্যগুলি সকলের নিকট উপস্থাপিত করা। বেদান্ত অর্থাৎ উপনিষদকে প্রত্যেকের গৃহে আনয়ন বিশ্ববিবেক বিবেকানন্দের জীবনব্রত ছিল। জাতীয় সংহতির বুনিয়াদকে উপনিষদ যে সুদৃঢ় করতে পারে, বিষয়টি বিবেকানন্দ সুস্পষ্টভাবে বিশ্লেষণ করেছেন।

**শব্দসূচক:** উপনিষদ, বিবেকানন্দ, আত্মতত্ত্ব, জাতীয় সংহতি, ভারতবর্ষ।

## ভূমিকা

আধুনিক ভারতবর্ষ তথা পৃথিবীর ইতিহাসে স্বামী বিবেকানন্দ এক বিস্ময়কর প্রতিভাধর ব্যক্তিত্ব। তিনি সমস্ত কিছুর মধ্যে নতুনত্বের আস্বাদ খুঁজে বের করতেন। চিরন্তন ধারণাকে তিনি বৈজ্ঞানিক যুক্তি-বিশ্লেষণের দ্বারা আধুনিক সমাজে প্রতিষ্ঠা করেছেন। বেদের জ্ঞানকান্ডই উপনিষদ নামে পরিচিত। ভারতবর্ষের সকল সম্প্রদায় যারা নিজেদের হিন্দু ধর্মের অন্তর্ভুক্ত বলে মনে করে, তারা সকলেই উপনিষদ্‌কে সর্বাগ্রে স্থান দিয়ে থাকে।

স্বামী বিবেকানন্দ সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিলেন শ্রীরামকৃষ্ণ এবং উপনিষদ্ গ্রন্থসমূহের দ্বারা। তিনি বলেছিলেন —

“I have told nothing but the upanishads.”[১]

উপনিষদের মহা-মন্ত্ররাশি তিনি পড়েছেন। স্বামীজী কথাপ্রসঙ্গে নিবেদিতাকে বলেছিলেন —

> “আমার ইচ্ছা, প্রাচীন ভারতের সদ্‌গুণগুলিই আবার জেগে উঠুক এবং তার সঙ্গে যুক্ত হোক বর্তমান যুগের যা কিছু শক্তিশালী গুণ। ....... সেজন্য, আমি উপনিষদ প্রচার করি। লক্ষ্য করে দেখলে বুঝতে পারবে, উপনিষদ্ ব্যতীত অন্য কিছু থেকে আমি কখনো প্রমাণরূপে উদ্ধৃতি করিনি। আবার উপনিষদের মধ্যেও কেবল সেই ভাবটি যা শক্তির প্রকাশক। বেদ-বেদান্তের সার ঐ একটি শব্দে নিহিত।”[২]

প্রাকৃতিক শক্তিসমূহ যেমন — সূর্য, বায়ু, অগ্নি প্রভৃতিকে মানুষ পূজো করে আসছে অনাদি

* *সহকারী অধ্যাপক, সংস্কৃত বিভাগ, কালিনগর মহাবিদ্যালয়*

কাল থেকে। বেদের প্রার্থনা —

> "তেজোऽসি তেজো ময়ি ধেহি।
> বীর্যমসি বীর্যং ময়ি ধেহি।
> বলমসি বলং ময়ি ধেহি।
> ওজোऽসি ওজো ময়ি ধেহি।"[৩]

অর্থাৎ হে তেজঃস্বরূপ, আমায় তেজস্বী কর; হে বীর্যস্বরূপ, আমায় বীর্যবান কর; হে বলস্বরূপ, আমায় বলবান কর; হে ওজঃস্বরূপ, আমায় ওজস্বী কর।

উপনিষদের প্রতি স্বামীজীর শ্রদ্ধা ও ভালবাসা অপরের ভেতরেও প্রবেশ করতো। যখন পরচর্চায় মগ্ন হয়ে আত্মচর্চা ভুলে থাকি, তখনই শুনতে পাই, — উপনিষদ্‌যুক্ত বাণীর দিব্য গম্ভীর ঘোষণা —

> "তমেবৈকং জানথ আত্মানম্ অন্যা বাচো বিমুঞ্চথা মৃতস্যৈষ সেতুঃ।"[৪]

অর্থাৎ সেই একমাত্র আত্মাকে জান, অন্য বাক্য সব পরিত্যাগ কর, তিনিই অমৃতের সেতু।

চরম সত্যের কথা বলে উপনিষদ্। বেদান্তের মূল কথা — 'ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা।' স্বামীজী উপনিষদের মতামতকে নিজের ভাষায় বলেছেন —

> 'একমাত্র সত্যই চিরস্থায়ী। হে সত্যরূপী ঈশ্বর, তুমিই আমার একমাত্র পথ-প্রদর্শক হও।' [৫]

এই সত্য সম্পর্কে ধারণা করা ও সত্যকে একমাত্র অবলম্বন করে চলা খুবই কঠিন। সত্যকে সঠিকভাবে লাভ করতে হলে শরীর মনের সম্মিলিত শক্তির প্রয়োজন। উপনিষদের শিক্ষা সম্বন্ধে স্বামীজীর অনুভূতি —

> "সমগ্র জীবনে আমি এই মহাশিক্ষা পাইয়াছি — উপনিষদ বলিতেছেন, হে মানব তেজস্বী হও, দুবর্লতা পরিত্যাগ কর। …….. জগতের সাহিত্যের মধ্যে কেবল উপনিষদেই 'অভীঃ' এই শব্দ বারবার ব্যবহৃত হইয়াছে আর কোন শাস্ত্রে ঈশ্বর বা মানবের প্রতি 'অভীঃ' বা ভয়শূন্য এই বিশেষণ প্রযুক্ত হয় নাই। 'অভীঃ' — ভয়শূন্য হও।"[৬]

স্বামীজী এই ভাবের ব্যবহারিক উপযোগিতা প্রসঙ্গে বলেন —

> "আমাদের প্রয়োজন – শক্তি, শক্তি, কেবল শক্তি। আর উপনিষদ্‌সমূহ শক্তির বৃহৎ আকর। উপনিষদ্ যে শক্তি সঞ্চার করিতে সমর্থ, সেই শক্তি সমগ্র জগৎকে তেজস্বী করিতে পারে। উহার দ্বারা সমগ্র জগৎকে পুনরুজ্জীবিত, শক্তিমান ও বীর্যশালী করিতে পারা যায়। উহা সকল জাতির, সকল মতের, সকল সম্প্রদায়ের দুর্বল দুঃখী পদদলিতকে উচ্চরবে আহ্বান করিয়া নিজের পায়ের উপর দাঁড়াইয়া মুক্ত হইতে বলে। দৈহিক, মানসিক, আধ্যাত্মিক মুক্তি বা স্বাধীনতা — ইহাই উপনিষদের মূলমন্ত্র।"[৭]

বিবেকানন্দ উপলব্ধি করেছিলেন, হিন্দুধর্ম ঋষিদের প্রবর্তিত বেদ-উপনিষদ্ উক্ত সনাতন ধর্মের দ্বারাই ভারতের ধর্মজীবনে নতুন প্রাণের সঞ্চার হবে, এদেশের সর্বাঙ্গীন কল্যাণ সাধিত হবে। তাছাড়া বিশ্ব সংস্কৃতি ভারতের এক বিশেষ অবদানের অপেক্ষায় রয়েছে। উপনিষদের মূলমন্ত্রকে এক এক জন ঋষি এক এক রকম ভাবে অনুভব করেছেন। উপনিষদে আছে ঈশ্বর, জগৎ, জীবতত্ত্ব, প্রাণতত্ত্ব, সৃষ্টিতত্ত্ব, পঞ্চকোষ প্রভৃতি রত্নরাজি। মন্ত্রের ব্যাখ্যা প্রসঙ্গে স্বামীজীর জীবনের শেষের দিকের একদিনের ঘটনা বিশেষ দৃষ্টি আকর্ষণ করে — স্বামীজীর আদেশে স্বামী শুদ্ধানন্দ পুস্তকাগার হইতে শুক্লযজুর্বেদ গ্রন্থখানি আনিয়া ভাষ্যসমেত এই মন্ত্রটিপাঠ করিতে লাগিলেন —

"সুষুমঃ সূর্যরশ্মিশ্চন্দ্রমাগন্ধর্বস্তস্য নক্ষত্রণ্যপ্সরসো ভেকুরয়ো নাম।

স ন ইদং বহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্‌তাভ্যঃ স্বাহা।।"[৮]

স্বামীজী বিভিন্ন জায়গায় শাস্ত্র থেকে মন্ত্র উদ্ধৃতি করে স্বীয় অভিমত প্রকাশ করেছেন। একইভাবে উপনিষদের বিভিন্ন রত্নরাজি থেকে স্বামীজী বেছে নিয়েছেন আত্মতত্ত্বকে। মুন্ডক উপনিষদের দুটি পাখির দৃষ্টান্ত — জীবাত্মা ও পরমাত্মা —

"দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষৎ পরিষস্বজাতে। ....

তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি।।"[৯]

অর্থাৎ এই মন্ত্রের ব্যাখ্যায় তিনি বলেন —

"মানবাত্মার ইহাই যথার্থ চিত্র। মানুষ ইহজীবনে স্বাদু ও কটুফল ভোজন করিতেছে — সে কাঞ্চনের অন্বেষণে মত্ত — সে ইন্দ্রিয়ের পশ্চাতে ধাবমান, সংসারেরর ক্ষণিক বৃথা সুখের জন্য মরিয়া হইয়া পাগলের মতো ছুটিতেছে।"[১০]

উপনিষদের মূল ভাবকে স্বামীজী মন্ত্র উল্লেখ না করেই এক স্থানে বলেছেন —

"সংসারের ধাক্কাই আমাদের জাগিয়ে দেয়, এই জগৎস্বপ্ন ভাঙবার সাহায্য করে। ঐরূপ ক্রমাগত আঘাতই এই জগতের অসম্পূর্ণতা বুঝিয়ে দেয়, আমাদের এই সংসার থেকে পালাবার-মুক্তিলাভ করবার আকাঙ্খা জাগিয়ে দেয়।"[১১]

বিশ্ববিবেক বিবেকানন্দ কঠোপনিষদের একটি মন্ত্র ব্যবহার করেছেন —

"উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত ... কবয়ো বদন্তি।"[১২]

তিনি শুধুমাত্র প্রথম অংশের ভাবকে বিশেষভাবে পরিবেশন করেছেন। গীতার মহান উপদেশের কথাই বলেছেন —

"উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মনমবসাদয়েৎ।"[১৩]

একটি বক্তৃতায় তিনি বলেন —

"সকলেরই সমক্ষে উচ্চৈঃস্বরে বলো — উত্তিষ্ঠিত জাগ্রত প্রাপ্য বরান নিবোধত'। ওঠ, জাগো – যতদিন না চরম লক্ষ্যে পৌঁছিতেছ, ততদিন নিশ্চিন্ত থাকিও না। ওঠ, জাগো – নিজদিগকে দুর্বল ভাবিয়া তোমরা যে মোহে আচ্ছন্ন হইয়া আছ, তাহা দূর করিয়া

দাও। কেহই প্রকৃতপক্ষে দুর্বল নহে — আত্মা অনন্ত, সর্বশক্তিমান ও সর্বজ্ঞ। ওঠ, নিজের স্বরূপ প্রকাশিত করো — তোমার ভিতর যে ভগবান রহিয়াছেন, তাঁহাকে উচ্চৈস্বরে ঘোষণা করো, তাঁহাকে অস্বীকার করিও না।"[১৪]

বেদ-উপনিষদের মূল তত্ত্ব ও ভাবধারায় নিষ্ণাত বিবেকানন্দ তাঁর এক সুন্দর দর্শনের কথা একদা নিবেদিতা ও পাশ্চাত্য মহিলাদের বলেছিলেন —

"সন্ধ্যা হইয়াছে; আর্যগণ সবেমাত্র সিন্ধুনদ-তীরে পদার্পণ করিয়াছেন, ইহা সেই যুগের সন্ধ্যা। দেখিলাম, বিশাল নদের তীরে বসিয়া এক বৃদ্ধ। অন্ধকার তরঙ্গের পর অন্ধকার তরঙ্গ আসিয়া তাঁহার উপর পড়িতেছে, আর তিনি ঋগ্বেদ হইতে আবৃত্তি করিতেছেন। তারপর আমি সহজ অবস্থা প্রাপ্ত হইলাম এবং আবৃত্তি করিয়া যাইতে লাগিলাম। বহু প্রাচীনকালে আমরা যে সুর ব্যবহার করিতাম, ইহা সেই সুর।"[১৫]

বেদ-উপনিষদের মূল লক্ষ্য যে আত্মজ্ঞান-লাভ তা সকলের মধ্যে সময়োপযোগী ভাষায় প্রচারের জন্য উপনিষদের প্রাচীন ঋষিরই যেন বিশ্ববিবেক বিবেকানন্দরূপে আবির্ভাব। তাই বেদের সঠিক আবৃত্তিও তিনি সুগভীর চিন্তায়, ধ্যানে ও দর্শনে আত্মস্থ করে ফেললেন। আলমোড়া যাওয়ার পূর্বে ভাগলপুরে মন্মথ চৌধুরীর গৃহে স্বামীজী প্রায় সাতদিন ছিলেন। এই সময়ের কথা তিনি পরে স্বামীজীর এক শিষ্যকে লিখেছেন —

"......তাঁহার সংস্কৃতজ্ঞান পরীক্ষা করিয়া দেখিবার জন্য আমার নিকট যে কয়েকখানি উপনিষদ্ ছিল তাহা লইয়া আসিলাম এবং ঐগুলি হইতে বাছিয়া বাছিয়া বহু কঠিন স্থানে ব্যাখ্যা শুনিতে চাহিলাম। তাঁহার প্রাঞ্জল ব্যাখ্যা শ্রবণে আমি বুঝিতে পারিলাম যে, শাস্ত্রে তাঁহার অসাধারণ ব্যুৎপত্তি আছে। অধিকন্তু তিনি যেরূপ সুললিতকণ্ঠে উপনিষদ্ বাক্যসমূহ উচ্চারণ করিলেন, তাহা বাস্তবিকই মনোমুগ্ধকর। এইরূপে ইংরেজী, সংস্কৃত ও যোগ বিষয়ে তাঁহার সমপ্রকার অত্যাশ্চর্য্য পান্ডিত্যের পরিচয় পাইয়া আমি তাঁহার প্রতি বিশেষ আকৃষ্ট হইলাম।"[১৬]

স্বামীজী শাস্ত্রের তত্ত্বসমূহকে সকল মানুষের কাছে উন্মুক্ত করেছেন।  নারী-পুরুষ ভেদ, ব্রাহ্মণ-অব্রাহ্মণ ভেদ, আরও যত প্রকার বৈষম্য আছে, সব কিছুকে তিনি ভেঙে শুধুমাত্র 'মানুষ' বলে গ্রহণ করেছেন, আর সেই মানুষের মধ্যে দেখতে চেয়েছেন সুপ্ত দেবত্বের বিকাশ। পৃথিবীর সকল মানুষের আত্মশক্তির বিকাশ ঘটাতে উদ্বুদ্ধ করেছেন। সকল বাধাকে অতিক্রম করে মোক্ষের লক্ষ্যে এগিয়ে যাবার সোপান রচনার্থে উপনিষদের প্রয়োগকে নির্দিষ্ট করে বলেন —

"যে জ্ঞানে ভবন্ধন হতে মুক্তি পাওয়া যায়, তাতে আর সামান্য বৈষয়িক উন্নতি হয় না ?"[১৭]

স্বামীজীর চিন্তা ধারায় ছিল ভারতের সর্বাঙ্গীন উন্নতি ও বেদান্তের চিরন্তন সত্যগুলি সকলের নিকট উপস্থাপিত করা। ১৮৯৫ খ্রীষ্টাব্দের মে মাসে আমেরিকা থেকে তিনি খেতড়ির মহারাজাকে লিখছেন —

"হে রাজন্, আপনি বেদান্তের উপদেশাবলী পালন করুন — অমুক ভাষ্যকারের বা

টীকাকারের ব্যাখ্যানুসারে নহে, আপনার অন্তর্যামী আপনাকে যেরূপ বুঝাইয়াছেন, সেইভাবে। সর্বোপরি এই সর্বভূতে সর্ববস্তুতে সমজ্ঞানরূপ মহান উপদেশ পালন করুন — সর্বভূতে সেই এক ভগবানকে দর্শন করুন। ইহাই মুক্তির পথ; বৈষম্যই বন্ধনের পথ। কোন ব্যক্তি বা কোন জাতি বাহিরের একত্ব-জ্ঞান ব্যতীত বাহিরের স্বাধীনতা লাভ করিতে পারে না, আর সকলের মানসিক একত্ব-জ্ঞান ব্যতীত মানসিক স্বাধীনতাও লাভ করিতে পারে না...।"[১৮]

উপনিষদের যে সমস্ত উপলব্ধির কথা লেখা আছে, সেইসব এই বর্তমান জীবনে সম্ভব তা দেখাতেই শ্রীরামকৃষ্ণের অবতাররূপে আসা। ১৮৯৫ খ্রীষ্টাব্দে স্বামীজী স্বামী রামকৃষ্ণনন্দকে লিখছেন, —

"বেদ বেদান্তে, আর আর সব অবতার যা কিছু করে গেছেন, তিনি একলা নিজের জীবনে তা করে দেখিয়ে গেছেন। তাঁর জীবন না বুঝলে বেদবেদান্ত অবতার প্রভৃতি বোঝা যায় না — কেননা, He was the explanation । তিনি যেদিন থেকে জন্মেছেন, সেদিন থেকে সত্যযুগ এসেছে। এখন সব ভেদাভেদ উঠে গেল, আচন্ডাল প্রেম পাবে। মেয়ে-পুরুষ-ভেদ, ধনী-নির্ধনের ভেদ, পন্ডিত-বিদ্বান-ভেদ, ব্রাহ্মণ-চন্ডাল-ভেদ সব তিনি দূর করে দিয়ে গেলেন।"[১৯]

উপনিষদের চরম লক্ষ্য যে জীবব্রহ্মৈক্য অনুভূতি, তাতে গভীরভাবে তিনি নিমগ্ন থাকতেন। তিনি তাঁর শিষ্য শরচ্চন্দ্র চক্রবর্তীকে বলছেন —

"... জ্ঞাতা-জ্ঞেয় বা জানাজানিভাব থেকেই দর্শন-শাস্ত্র, বিজ্ঞান সব বেরিয়েছে। কিন্তু মানব-মনের কোন ভাব বা ভাষা জানাজানির পারের বস্তুকে সম্পূর্ণরূপে প্রকাশ করতে পারছে না। দর্শন-বিজ্ঞানাদি Partial truth (আংশিক সত্য)। .... আমি ঐ অবস্থা সত্যসত্যই দেখেছি, অনুভূতি করেছি। তোরাও দেখ, অনুভূতি কর আর জীবকে এই ব্রহ্মতত্ত্ব শোনাগে।"[২০]

বিশ্ববিবেক বিবেকানন্দ যুগের বাণীরূপে অপূর্ব কথা বলে গেলেন —

"আমার আদর্শ মাত্র কয়েকটি শব্দে বলা যেতে পারে যে, জীবের মধ্যে যে ব্রহ্মভাব রয়েছে সে সম্বন্ধে তাদের সজাগ করে দেওয়া আর তা জীবনের প্রতি কার্যে কিভাবে রূপায়ণ করা যায় সে সম্পর্কে অবহিত করা।"[২১]

পরিশেষে আমরা এই কথাই বলতে পারি, তিনি খন্ডকালের হয়েও সর্বকালের। বিশেষ দেশের হয়েও সব দেশেই তাঁর সাদর প্রতিষ্ঠা। তিনি মনুষ্যত্বের সাধক। ভারত আত্মার বিগ্রহ। স্বামীজী অত্যন্ত স্পষ্টভাবে বলেছেন — ভারতবাসী যদি তার জাতীয় সংস্কৃতির সাথে পরিচিত হতে চায়, তবে তাকে কালোত্তীর্ণ প্রাচীন সংস্কৃত সাহিত্য পাঠ করতেই হবে। আর ভারতীয় সংস্কৃতি সংস্কৃতভাষাকে বাদ দিয়ে কল্পনা করা অসম্ভব। উপনিষদ পৃথিবীর সকল জাতির প্রকৃত উন্নতিকামী মানুষের একান্ত প্রয়োজন। প্রকৃত উন্নতিকামী মানুষ চায় শুভশক্তির বিকাশ, মৈত্রী, স্বাধীনতা, উন্নত চরিত্র প্রভৃতি। স্বামীজী বলেছেন —

"আত্মা প্রবুদ্ধ হইলে শক্তি আসিবে, মহিমা আসিবে, সাধুত্ব আসিবে, পবিত্রতা আসিবে — যাহা কিছু ভাল সকলই আসিবে।"[২২]

একমাত্র উপনিষদই স্বীকার করে সকল ধর্ম সত্য ও সত্যই সকলের লক্ষ্য। স্বামীজী জানতেন সত্য এমন একটি জিনিস যা মানুষ লাভ করলে মিথ্যা স্বতই চলে যাবে। আলো এলে অন্ধকার স্বাভাবিক নিয়মেই চলে যাবে। তাই যে সত্য তিনি জীবনে আত্মস্থ করেছেন, সেই উপনিষদের মর্মার্থ সমগ্র বিশ্ববাসী লাভ করুক — এই ছিল বিবেকানন্দের আকুল ইচ্ছা ও আর্তি। চিন্তনজগতে আমরা দেখতে পারছি যে, আগামী যুগ বিবেকানন্দের যুগ, উপনিষদের যুগ। বেদান্ত অর্থাৎ উপনিষদকে প্রত্যেকের ঘরে আনাই বিশ্ববিবেক বিবেকানন্দের জীবনব্রত ছিল — এটাই উপনিষদ্ ভাবনার মূল কথা। জাতীয় সংহতির বুনিয়াদকে কীভাবে উপনিষদ্ সুদৃঢ় করতে পারে, তা তিনি নানা দিক থেকে বিষয়টি পর্যালোচনা ও বিশ্লেষণ করেছেন।

**ঋণস্বীকার**


১. স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা, ৭ম খন্ড, পৃ. ৫০
২. স্বামীজীকে যেরূপ দেখিয়াছি, পৃ. ১১৮
৩. যজুর্বেদ ১৯/৯
৪. স্মৃতির আলোয় স্বামীজী, উদ্বোধন কার্যালয়, ১৪০০, পৃ. ৩৮
৫. পত্রাবলী, পৃ. ২৯৪
৬. বাণী ও রচনা, ৫ম খন্ড, পৃ. ৯৯
৭. বাণী ও রচনা, ৫ খন্ড, পৃ. ১০০
৮. বাজসনেয় সংহিতা, মাধ্যন্দিন শাখা, ১৮ / ৪০
৯. মুন্ডক উপনিষদ্ (৩.১.১ – ৩.১.৩)
১০. বাণী ও রচনা, ৫ম খন্ড, পৃ. ৯৭
১১. বাণী ও রচনা, ৪র্থ খন্ড, পৃ. ২২৮
১২. কঠোপনিষদ্ – ১.৩.১৪
১৩. গীতা, ৬ষ্ঠ অধ্যায়, ৫ম শ্লোক
১৪. বাণী ও রচনা, ৫ম খন্ড, পৃ. ৬৩
১৫. বাণী ও রচনা, ৯ম খন্ড, ১৪১৯, পৃ. ১৮৫
১৬. যুগনায়ক বিবেকানন্দ – স্বামী গম্ভীরানন্দ, ১ম খন্ড, উদ্বোধন কার্যালয়, ১৯৯১, পৃ. ২২৩
১৭. পত্রাবলী, পৃ. ৫৩৫
১৮. পত্রাবলী – স্বামী বিবেকানন্দ, উদ্বোধন কার্যালয়, ১৪০৭, পৃ. ৩২৫ – ২৬.
১৯. ঐ, পৃ. ৪২১
২০. বাণী ও রচনা, ৯ম খন্ড, ১৪০৬, পৃ. ১১৫
২১. The Complete Works of Swami Vivekananda, Advaita Ashrama, Vol. VII, 1986, p. 501.
২২. বাণী ও রচনা, ৫ম খন্ড, পৃ. ৬৩

# অদ্বৈত বেদান্ত নির্দেশিত একমাত্র সত্যের উপলব্ধির পথে মায়া বা অবিদ্যার অবস্থান

**প্রসেনজিৎ গায়েন** *

**সারসংক্ষেপ:** অদ্বৈতবাদী শঙ্করাচার্যের দর্শনের মূলকথা হলো — ব্রহ্মই একমাত্র সত্য জগত মিথ্যা এবং জীব (জীবাত্মা) ব্রহ্মা (পরমাত্মা) ভিন্ন অন্য কিছুই নয়। জীব ও ব্রহ্মের অভেদজ্ঞান প্রতিপাদনই অদ্বৈতবেদান্তের মূল প্রতিপাদ্য। আত্মজ্ঞান বা ব্রহ্মোপলব্ধিই হল শাশ্বত মুক্তি (মোক্ষ)। ব্রহ্ম হলেন অদ্বয়, নির্বিশেষ, নিরাশর, নির্গুণ, অসীম, সর্বভেদবর্জিত বিশুদ্ধচৈতন্যস্বরূপ পরমার্থিক সত্তা — যাকে সচ্চিদানন্দ-স্বরূপ বলা হয়েছে। জীব এরূপ ব্রহ্মের সাথে স্বরূপত অভিন্ন। কিন্তু অবিদ্যাবশত জীব তার ব্রহ্মস্বরূপতা হারিয়ে ফেলে। অবিদ্যা (মায়া) তার আবরণ শক্তির দ্বারা ব্রাহ্মকে আবৃত করে এবং বিক্ষেপ শক্তির দ্বারা ঐ সত্যস্থলে (ব্রহ্মস্থলে) মিথ্যা জগতের বিক্ষেপ ঘটায়। রজ্জু-সর্প ভ্রমস্থলে সত্য রোজ্জুর উপর মিথ্যা সর্প যেমন অধ্যস্ত হয় বলে রজ্জুতে সর্পভ্রম হয়, তেমনি মিথ্যা জগতও সত্য ব্রহ্মের ওপর অধ্যস্ত হয় বলে জগত ভ্রম হয়। প্রকৃতপক্ষে এই মায়া বা অবিদ্যাসৃষ্ট জগত সত্য নয়। বদ্ধজীবের কাছেই জগত আছে, কিন্তু ব্রহ্মজ্ঞানীর কাছে মায়াময় জগত নেই — আছে কেবল নির্ভুল অসম্ভব ব্রহ্ম।

**শব্দসূচক:** ব্রহ্ম, সচ্চিদানন্দ, অবিদ্যা, সদ্-অসদ্ভ্যাম্, জ্ঞানবিরোধী, আত্মসাক্ষাৎকার, বিবর্ত।

## ভূমিকা

উপনিষদীয় চিন্তায় আত্মা বা ব্রহ্মই হল পরমতত্ত্ব বা চরমসত্য (একমাত্র সত্য)। এই আত্মা জন্ম রহিত, মৃত্যুরহিত, কোন শস্ত্র দ্বারা তাকে ছেদন করা যায় না, অগ্নি দ্বারা তা দগ্ধ হয় না, জলও তাকে দ্রবীভূত করতে অক্ষম, এই আত্মা সর্বব্যাপী, অবিনাশী। এইরূপ আত্মসাক্ষাতকারই জীবের মুক্তির একমাত্র পথ। কেননা প্রতিটি জীবই এই সর্বব্যাপী আত্মাস্বরূপ।

উপনিষদীয় ভাবধারার সবথেকে গুরুত্বপূর্ণ পরিণতি হল অদ্বৈত বেদান্তী আচার্য শঙ্করের অদ্বৈতবাদ। শঙ্করাচার্যকৃত অদ্বৈতবাদের মূলতত্ত্ব বা একমাত্র সত্য উপলব্ধির পথে মায়া বা অবিদ্যার অবস্থান বা ভূমিকা কীরূপ তা উপলব্ধি করতে হলে প্রথমেই অদ্বৈতবেদান্তের মূলকথা ও তার তাৎপর্য সংক্ষেপে বুঝতে হবে। অতঃপর ব্রহ্ম ও জীবের সম্বন্ধ, মায়ার স্বরূপ ও ক্রিয়াকলাপ বোঝার মধ্য দিয়ে অবগত হতে হবে যে, কীরূপে মায়া অদ্বৈতবাদে বর্ণিত একমাত্র সত্যের উপলব্ধির ক্ষেত্রে প্রতিবন্ধকের ভূমিকা পালন করেছে।

---

* *সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ, কালিনগর মহাবিদ্যালয়*

শঙ্করাচার্য অদ্বৈতবাদের মূল বক্তব্যকে যে শ্লোকের মাধ্যমে ব্যক্ত করেছেন তা হল —

"শ্লোকার্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থকোটিভিঃ

ব্রহ্ম সত্যং জগন্মিথ্যা জীবো ব্রহ্মৈব নাপরঃ।"

তাৎপর্য হল, যে সত্য প্রতিপাদনে কোটি কোটি গ্রন্থ ব্যস্ত তা একটি শ্লোকেই প্রকাশ করা হচ্ছে - 'ব্রহ্মই একমাত্র সত্য, জগৎ মিথ্যা এবং জীব ব্রহ্মস্বরূপ অর্থাৎ জীব ব্রহ্মের সাথে অভিন্ন, ব্রহ্ম ভিন্ন অন্য কিছুই নয়। প্রকৃতপক্ষে ব্রহ্ম, জগৎ ও জীবের স্বরূপ ব্যাখ্যা ও ততসহ জীব ও ব্রহ্মের অভেদ জ্ঞান প্রতিপাদন অদ্বৈতবেদান্তের মূল প্রতিপাদ্য এবং এই দর্শনের প্রয়োজন হল শাশ্বত মুক্তি বা ব্রহ্মোপলব্ধি যা অবিদ্যার সমূলনিবৃত্তির মধ্য দিয়েই অর্জিত হতে পারে।

অদ্বৈতমতে ব্রহ্ম হল অদ্বয়, নির্বিশেষ, নিরাকার, নিরাবয়ব, নির্গুণ, সর্বব্যপক, অসীম, স্বয়ম্ভূ, স্বপ্রকাশক ও বিশুদ্ধচৈতন্য। ব্রহ্ম স্বরূপত সৎ, চিৎ ও আনন্দ হওয়ায় তা সচ্চিদানন্দস্বরূপ। এই লক্ষণটি ব্রহ্মের স্বরূপ নির্দেশক বলে এটি ব্রহ্মের স্বরূপ লক্ষণ। সৎ, চিৎ ও আনান্দ কখনোই ব্রহ্মের গুণ নয়। সৎ বলতে ব্রহ্মে অসত্তা নিষিদ্ধ হয়েছে। ব্রহ্মের স্বরূপই হল তা সনাতন সত্তা, তিনি কখনোই অসৎ হতে পারেন না। ব্রহ্ম জ্ঞানস্বরূপ বা চৈতন্যস্বরূপ অর্থাৎ ব্রহ্মে জ্ঞানাভাব নেই বা তিনি অচিৎ বা জড় নন এইরূপ বোঝাতে ব্রহ্মকে চিৎস্বরূপ বলা হয়েছে। আবার ব্রহ্ম সদা আনন্দময় অর্থাৎ আনান্দাভাব বা দুঃখস্বরূপ নন বলে তিনি আনন্দস্বরূপ।

আবার ব্রহ্মসূত্র ভাষ্যে বলা হয়েছেঃ "জন্মাদ্যস্যযতঃ" অর্থাৎ জগতের জন্ম হয়েছে যা থেকে, যেখানে জগৎ অবস্থান করে এবং যেখানে জগতের লয় হয় তাই ব্রহ্ম, অর্থাৎ 'জগতের স্রষ্টা, রক্ষক ও সংহারক হল ব্রহ্ম' – এটি ব্রহ্মের তটস্থ লক্ষণ। কেননা লক্ষণটি লক্ষ্য (ব্রহ্ম) যতকাল থাকে ততকাল লক্ষ্যে না থেকে ও লক্ষ্যকে অলক্ষ্য থেকে পৃথক করে। এই লক্ষণ কখনোই লক্ষ্যের স্বরূপের পরিচায়ক নয়। প্রকৃত বিচারে ব্রহ্ম নিষ্ক্রিয় হওয়ায় জগতের স্রষ্টা, রক্ষক ও সংহারক হতে পারেন না। বস্তুত, এই জাতীয় ব্রহ্ম (স্রষ্টা, রক্ষক, সংহারক) মায়াবিশিষ্ট ব্রহ্ম, শুদ্ধ ব্রহ্ম নয়, শুদ্ধ ব্রহ্ম সত্য, জ্ঞান ও আনন্দস্বরূপ।

অদ্বৈতবাদে সত্তাকে 'একমেবদ্বিতীয়ম' অর্থাৎ এক ও অদ্বিতীয় বলা হয়েছে। এই সত্তাই ব্রহ্ম এবং তা পারমার্থিক সৎ। শঙ্করাচার্য তিনপ্রকার সত্তার কথা বলেছেন – পারমার্থিক, ব্যবহারিক ও প্রাতিভাসিক সত্তা। যে সত্তার বাধ বা নিষেধ কালত্রয়ে (অতীত, বর্তমান ও ভবিষ্যৎ) সম্ভব নয় তা পারমার্থিক। ব্রহ্ম কোন কালেই বাধিত হন না বলে তিনি পারমার্থিক সৎ। আমাদের প্রমার বিষয়গুলি যথা জগৎ, ঈশ্বর, জীব প্রভৃতি ব্যবহারকালে অবাধিত এবং ব্রহ্মজ্ঞানের উদয় হলে এগুলি বাধিত হয়ে যায় বলে এগুলির ব্যবহারিক সত্তা স্বীকৃত। আবার ভ্রমজ্ঞানের বিষয় হল প্রাতিভাসিক সত্তা। কেননা প্রতীতিকালে এগুলি অবাধিত এবং এদের বাধের জন্য ব্রহ্মজ্ঞানের আবশ্যক হয় না। বরং যেকোনো বিরোধী জ্ঞানের দ্বারাই এদের বাধ সম্ভব। যেমন রজ্জুতে সর্পের ভ্রমজ্ঞান হলে সেই জ্ঞান বিরোধীজ্ঞান যথা- রজ্জুর জ্ঞানের দ্বারাই বাধিত হয়। শঙ্করের মতে ব্যবহারিক সত্তাসম্পন্ন ঈশ্বর হলেন নামরূপাদি

বিকার, ভেদউপাধি বিশিষ্ট সগুণ ব্রহ্ম (অপর ব্রহ্ম) আর পারমার্থিক সত্তাসম্পন্ন ব্রহ্মই হলেন নির্গুণ ব্রহ্ম (পর ব্রহ্ম) যিনিই একমাত্র প্রকৃত সত্তা ও সত্য।

শঙ্করের মতে অভেদ সত্য, ভেদ মিথ্যা; এক সত্য, বহু মিথ্যা, অদ্বৈত সত্য, দ্বৈত মিথ্যা। তাই একমাত্র সৎ চৈতন্য স্বরূপ নির্বিশেষ, নির্গুণ ব্রহ্ম সর্বভেদ বর্জিত। স্বজাতীয়, বিজাতীয় ও স্বগত ভেদের কোনোটিই ব্রহ্মে নেই। সমজাতীয় দুটি ব্যক্তি বা বস্তুর মধ্যে বিদ্যমান ভেদ হল স্বজাতীয় ভেদ। অদ্বয় ব্রহ্মের সমজাতীয় কিছু নেই বলে ব্রহ্ম স্বজাতীয় ভেদ বর্জিত। দুটি বিষম জাতীয় বস্তুর / ব্যক্তির মধ্যে বিদ্যমান ভেদ হল বিজাতীয় ভেদ। যেমন মানুষের সাথে গরুর ভেদ। যা অদ্বয় তার বিজাতীয়ও কিছু থাকে না বলে ব্রহ্মে এইজাতীয় ভেদও নেই। আবার  একই ব্যক্তি বা বস্তুর অন্তর্গত বিভিন্ন অবয়বের মধ্যে যে ভেদ তা হল স্বগত ভেদ, যথা- মানব শরীরস্থ হাত, পা, উদর প্রভৃতি ভেদ। অদ্বয় ব্রহ্ম নিরাবয়ব হওয়ায় তার বিভিন্ন অবয়বের মধ্যে ভেদের প্রশ্নই আসে না ।

সচ্চিদানন্দ ব্রহ্ম নির্গুণ। কারন কোন বিষয়ে গুণ আরোপিত হলে বিষয়টিকে সীমিত বলতে হয়, কিন্তু ব্রহ্ম তো অসীম, সর্বব্যাপী, আবার যা সবিশেষ তার একটা বিশেষণ অবশ্যই থাকে। যেমন টেবিলের বিশেষণ হল বাদামী রঙ এবং সেক্ষেত্রে বিশেষ্য টেবিল এবং বিশেষণ বাদামী রঙের মধ্যে ভেদরেখা কল্পিত হয়। তাছাড়া এরূপ ক্ষেত্রে বাদামী ও অবাদামী এই দুটি ভিন্ন জগৎ পরস্পরকে সীমিত করে। কিন্তু ব্রহ্ম সকল প্রকার ভেদরহিত ও অসীম হওয়ায় নির্বিশেষ।

এবার দেখা যাক জগতকে মিথ্যা বলার তাৎপর্য কী জগতের মিথ্যাত্ব ব্যাখ্যার নিমিত্ত শঙ্কর পরিণামবাদ প্রত্যাখ্যান করে বিবর্তবাদ গ্রহণ করেছেন। পরিমানবাদ অনুসারে কারণ সত্য সত্যই কার্যরূপে পরিণত হয়। যেমন তিল তেলে পরিণত হয়। সাংখ্য দর্শন এই মতবাদে বিশ্বাসী। কিন্তু বিবর্তবাদানুসারে কারণ বাস্তবিকই কার্যে পরিণত হয় না। কারণ কার্যরূপে প্রতিভাত হয় মাত্র। অর্থাৎ কার্য হল কারণের বিবর্ত। যেমন ভ্রমজ্ঞানে রজ্জু সর্পরূপে প্রতিভাত হয় মাত্র, সর্পে প্রকৃতই যে পরিণত হয় না তা রজ্জুজ্ঞানের দ্বারাই বোঝা যায়। তাই সর্প হল রজ্জুর বিবর্ত। অনুরূপ ভাবে জগৎ হল ব্রহ্মের বিবর্ত, অর্থাৎ ব্রহ্ম জগতরূপে প্রকৃতই পরিণত হন না। বরং জগতরূপে প্রতিভাত হন মাত্র। ব্রহ্মজ্ঞান হলে জগতের জ্ঞান বাধিত হয়ে যায় বা তখন আর জগতের জ্ঞান থাকে না। তাই জগৎ মিথ্যা। কেননা যা অবাধিত নয় তা মিথ্যা এবং যা অবাধিত তা সর্বদা সর্বত্র বিরাজিত এবং কেবল তাই সত্য, তাই পরমতত্ত্ব যথা – ব্রহ্ম।

অদ্বৈত বেদান্তে মিথ্যার অন্য একটি লক্ষণে বলা হয়েছে সৎ, অসৎ ভিন্ন যা (সদসদ্বিলক্ষণ) অর্থাৎ অনির্বচনীয় তাই মিথ্যা। জগৎ সৎ নয়, কেননা তা বাধিত হয়। আবার অসৎ বা অলীক ও নয়, কেননা অসৎ বস্তুর প্রকৃতিই হল তা নিঃস্বভাব অর্থাৎ তা ভাবরূপে কখনোই জ্ঞানে প্রতীয়মান হয় না, যেমন – আকাশকুসুম, বন্ধ্যাপুত্র, শশশৃঙ্গ প্রভৃতি। কিন্তু জগত এরূপ নয়।

অনন্তর অতিঅবশ্যই এবিষয়ে অবগত হতে হবে যে, অদ্বৈত বেদান্তে জীবের ধারণা ও জীবের সাথে ব্রহ্মের সম্বন্ধ কীরূপে ব্যক্ত হয়েছে। অন্যথায় অদ্বৈত বেদান্তের মূল বক্তব্য অধরা থেকে যাবে।

পারমার্থিক দৃষ্টিতে জীব ও ব্রহ্ম অভিন্ন, ব্রহ্ম ভিন্ন জীবের পৃথক কোন সত্তা নেই। এখন প্রশ্ন হল, ব্রহ্ম তো অদ্বয়, সেক্ষেত্রে জীব যদি ব্রহ্মস্বরূপ হয় তবে বিভিন্ন জীবে ভেদজ্ঞান হয় কেন? শঙ্কর বলেন, জীব স্বরূপতঃ ব্রহ্মের মতই চৈতন্যস্বরূপ। অনাদি অজ্ঞান বা অবিদ্যা বশতঃ জীব নিজের ব্রহ্মস্বরূপতা হারিয়ে ফেলে এবং নিজেকে দেহের সাথে অভিন্ন বলে মনে করে। সুতরাং অজ্ঞান প্রসূত দেহ, অন্তঃকরণ (মন,বুদ্ধি,অহঙ্কার) প্রভৃতি উপাধিযুক্ত আত্মাই জীব রূপে প্রকাশিত হয়। এমতাবস্থায় অন্তঃকরণ ও সসীম শরীরের সঙ্গে জীবের ভিন্নতার জ্ঞান থাকে না। ফলে জীব নিজেকে জ্ঞাতা,কর্তা ও ভোক্তা রূপে দাবী করে। এই হল অহংরূপী জীব যা কখনোই শুদ্ধ আত্মা নয়। সুতরাং অনাদি অবিদ্যার কারণে দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণ প্রভৃতির দ্বারা বদ্ধ ও সীমিত আত্মাই জীব বলে প্রতিভাত হয়। জীব ও ব্রহ্মের এইজাতীয় ভেদকে শঙ্কর ব্যবহারিক বলেছেন। প্রকৃত সত্যের জ্ঞান (ব্রহ্মজ্ঞান) উদয় হলে এইরূপ ভেদ তিরোহিত হয়। প্রকৃতপক্ষে শঙ্করাচার্যের দর্শনে ব্রহ্ম থেকে স্বতন্ত্র রূপে জীবাত্মার কোন অস্তিত্বই স্বীকৃত হয়নি।

উপরিউক্ত আলোচনায় জীব ও ব্রহ্মের সম্বন্ধ প্রসঙ্গে অবিদ্যা বা অজ্ঞান শব্দদুটির প্রয়োগ লক্ষ্য করা গিয়েছে। স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগবে যে, অবিদ্যা / অজ্ঞান কী বস্তু? এটি কোথা থেকে এসেছে? এর ক্রিয়াকলাপই বা কী? উত্তর হল অদ্বৈত বেদান্তে মায়ার সমর্থক হিসেবে উক্ত শব্দদ্বয়ের ব্যবহার দেখা যায়। তাহলে প্রশ্ন হবে মায়া কী?

বস্তুত বেদান্ত দর্শনের অন্যতম ভিত্তিস্তম্ভ হল মায়াবাদ। কারণ 'মায়া'র তাৎপর্য না বুঝলে বেদান্ত দর্শন প্রদর্শিত সত্যোপলব্ধি অসম্পূর্ণ হয়ে পড়ে। এই জগৎ সংসারে প্রতিটি ঘটনার মধ্যে সর্বত্রই বিরুদ্ধভাব লক্ষ্য করা যায়। যেমন আজ যা মঙ্গলরূপে দেখা দিচ্ছে আগামীতে তাই অমঙ্গলের হেতু হচ্ছে; আজ যা স্বপ্ন, কাল সেটাই দুঃসপ্নের কারণ হয়ে ওঠে; যেখানেই জীবন সেখানেই মৃত্যু ছায়ার মতো তাকে অনুসরণ করে চলেছে; নিজেকে যা সুখী করছে অন্যকে সেটাই দুঃখী করছে — এই বিরুদ্ধ অবস্থা সমূহের প্রতিকার আমরা পাই না। মৃত্যুকে না চাওয়া যদি আমার কাঙ্খিত হয়, তবে জন্মের প্রত্যাশাকেও বারণ করতে হবে ; দুঃখ যদি কাম্য না হয়, তবে সুখকেও কামনা করা যাবে না। মৃত্যুহীন জীবন, দুঃখহীন সুখ স্ববিরোধী — কোনটিকেই একান্তে পাওয়া যায়না। — এমন সব ভয়ঙ্কর বিরোধের মধ্য দিয়েই তৈরী হয়েছে আমাদের যাত্রাপথ, যে পথের মধ্য দিয়েই সংসারে আসা যাওয়া। এইরূপে সংসারগতির বর্ণনার নামই মায়া।

ঐশ্বর্য, ক্ষমতা, শক্তি, অহংকার, ভোগবাসনা এসবেরই চরম পরিণতি মৃত্যু। সাধু মরছে, পাপী মরছে, রাজা মরছে, প্রজা মরছে, ধনী মরছে, ভিক্ষুকও মরছে --- সকলেই মৃত্যুর অভিমুখে ধাবমান। তা সত্ত্বেও বিষম আসক্তি বর্জন করা কারুর পক্ষে সম্ভব হচ্ছে না! কিন্তু কেন? কেন আমরা জীবনের অনিবার্য সত্যরূপ মৃত্যুর কথা মাথায় না রেখে সুখ-দুঃখের জনক জাগতিক ভোগ্য সামগ্রীকে শুধুই সুখের উৎপাদক ভেবে তাদের প্রতি আসক্ত হই! কেনই বা ভাবি না আজ যেটা আমার গতদিনে সেটা অন্যের ছিল, আগামীতে তা আবার অন্য কারুর হয়ে যাবে! — এটাই মায়া। প্রসঙ্গত উল্লেখ্য, যক্ষরাজ কর্তৃক সম্রাট যুধিষ্ঠিরের নিকট এই পৃথিবীর সবথেকে আশ্চর্যের বিষয়ে জানতে চাওয়া হলে উত্তরে

সম্রাট বলেছিলেন, ‘প্রতিনিয়তই বিভিন্ন প্রান্তে মানুষের মৃত্যু ঘটে চলেছে, অথচ যারা জীবিত তাদের একবারের জন্যও মনে হয় না, তারা ও চিরকাল জীবিত থাকবে না’ — এটাই সর্বপেক্ষা আশ্চর্য। সত্যিই! আমাদের আচরণ, ব্যবহার, ভাবনা, চিন্তন যেমনভাবে সংসারে প্রকাশিত হয়ে চলেছে তা অত্যন্ত সূক্ষ্মভাবে অন্তরের জ্যোতির্ময় আলোকের স্পর্শে অনুধাবন করলে সকলের মধ্যে এই ভাবাবেগেরই ইঙ্গিত পাওয়া যায় যে, মৃত্যু যেন আমাদের জীবনকে কখনোই স্পর্শ করতে পারবে না! — এটাই মায়া যা সত্যের চোখে পট্টি বেঁধে দিয়েছে।

মায়াকে বুঝবার প্রয়াস হিসেবে উপরিউক্ত আলোচনার সাপেক্ষে অন্ততঃপক্ষে এটুকু উপলব্ধি করা যাচ্ছে যে, মায়া যেন এক মায়াবী শক্তিরূপে কাজ করে চলেছে যা সত্যকে বোঝার, উপলব্ধি করার পথে প্রতিবন্ধকরূপে দণ্ডায়মান, অজ্ঞজীব যেটাকে অতিক্রম করতে পারছে না। যাদুকর যেমন তার ছলচাতুরী দ্বারা মিথ্যাবস্তু তৈরী করে এবং আমরা অজ্ঞ দর্শকবৃন্দ তাতে বিস্মিত হয়ে মিথ্যাকে সত্য জ্ঞান করি, এই মায়াশক্তি তেমনই মিথ্যাবস্তুকে সত্য বলে ভাবতে বাধ্য করে।

শঙ্করাচার্য মায়াকে এক ভ্রম উৎপাদনকারী শক্তি বলেছেন যে শক্তি সত্যকে (ব্রহ্ম) আবৃত করে এবং মিথ্যাকে (জগত প্রপঞ্চ) সেই সত্যের উপর আরোপ করে। ফলতঃ মিথ্যা জগৎ প্রপঞ্চকে আমরা সত্যরূপে বোধ করি, আর প্রকৃত সত্য মিথ্যার আস্তরণে ঢাকাই থেকে যায়। এই প্রসঙ্গে শঙ্কর মায়ারূপ শক্তির দুটি ক্রিয়ার কথা বলেছেন – আবরণ ও বিক্ষেপ। আবরণ শক্তির কাজ হল পারমার্থিক সৎ ব্রহ্মের স্বরূপের প্রকাশকে রুদ্ধ করে রাখা। আর বিক্ষেপ শক্তির কাজ হল সত্যের প্রকাশের রুদ্ধদ্বারে মিথ্যাকে প্রকাশ করা। কাজেই অবিদ্যা / মায়া বিক্ষেপের দ্বারা ব্রহ্মের স্থলে মিথ্যা জগতকে আরোপ করে। অর্থাৎ মায়া তার আবরণ শক্তির দ্বারা প্রথমেই সত্যকে আবৃত করে, পরে বিক্ষেপ শক্তির দ্বারা সত্যের অধিষ্ঠানে মিথ্যার আরোপ করে। এইরূপে মায়ার দ্বারা সত্য ব্রহ্মে মিথ্যা জগৎ আরোপিত হওয়াতে মিথ্যা জগত আমাদের নিকট সত্যরূপে প্রতিভাত হয়। এজন্যই জগৎ হল ব্রহ্মের বিবর্ত। রজ্জু-সর্প ভ্রমস্থলে সত্য রজ্জুর উপর মিথ্যা সর্প যেমন অধ্যস্ত হয় বলে সর্পভ্রম হয়, মিথ্যা জগৎও তেমনি সত্য ব্রহ্মের উপর অধ্যস্ত হয় বলে জগৎ ভ্রম হয়। কাজেই লক্ষণীয় এই অজ্ঞান বা মায়াই এই সকল ভ্রমের কারণ। এই মায়ার কারনেই যা নেই তাকে আছে বলে মনে হয়; যা মিথ্যা তাকে সত্য বলে মনে হয়।

উক্তরূপে মায়া নিজের ক্রিয়াকে ব্রহ্মে আরোপ করায় ব্রহ্মের উপাধিও বলা হয়ে থাকে মায়াকে। লালবর্ণের জবাকুসুম যেমন সমীপস্থ কাঁচের উপর নিজস্ব লাল রঙকে আরোপ করায় স্বচ্ছ সাদা কাঁচটির স্বরূপ যেমন লাল বর্ণের দ্বারা আচ্ছন্ন হয়ে থাকে তেমনই মায়ারূপ উপাধি সমীপস্থ ব্রহ্মের উপর নিজস্ব গুণ আরোপ করায় ব্রহ্মস্বরূপতা মায়ার দ্বারা আচ্ছন্ন হয়ে থাকে। সুতরাং অদ্বৈত বেদান্তে সৃষ্টি বলতে আরোপকে বোঝায়।

শঙ্করাচর্য মায়া বা অবিদ্যার যেরূপ স্বরূপের কথা বলেছেন তা সদানন্দ যোগীন্দ্রকৃত মায়ার লক্ষণের মধ্যে উল্লেখিত হয়েছে। লক্ষণটি হল —

"অজ্ঞানন্তু সদ্- অসদ্ভ্যাম্ অনির্বচনীয়ম্ ত্রিগুনাত্মকম্

জ্ঞানবিরোধী ভাবরূপম্ যদ্‌কিঞ্চিদিতি।"

তাৎপর্য হল মায়াকে সৎ বা অসৎ কোনটাই বলা যায় না। মায়া সৎ নয়, কেননা সৎ হবে কেবল তাই যা ত্রিকাল অবাধিত। সৎ ব্রহ্মের জ্ঞান হলেই মায়ার জ্ঞান বাধিত হয়ে যায়। আবার মায়াকে অসৎ ও বলা যায় না, কেননা আকাশকুসুম, বন্ধ্যাপুত্র প্রভৃতি অসৎ বস্তু কখনোই জ্ঞানের বিষয় হয় না কিন্তু অজ্ঞানের বিষয় প্রত্যক্ষীভূত ঘটনা, যথা রজ্জুতে সর্পভ্রম। তাই অজ্ঞান/মায়া হল সদ্-অসদ্ভ্যাম বা সদসদ্বিলক্ষণ অর্থাৎ অনির্বচনীয়। আর যা অনির্বচনীয় তা মিথ্যা, যেমন- জগৎ। এই মায়াই সগুণ ব্রহ্ম বা ঈশ্বরের শক্তিরূপে জগৎ সৃষ্টির কারণ।

অদ্বৈতমতে অবিদ্যাতে সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয় বিদ্যমান। ফলে অবিদ্যা/অজ্ঞান সৃষ্ট জগৎ ও জাগতিক যাবতীয় পদার্থেই এই তিনপ্রকার গুনের উপস্থিতি। তবে অদ্বৈতবেদান্তে এই ত্রিগুণাত্মক মায়ার স্বতন্ত্র অস্তিত্ব স্বীকৃত নয়।

মায়াকে জ্ঞানবিরোধীও বলা হয়েছে। মায়া উপহিত সগুন ব্রহ্ম বা ঈশ্বরের মায়া শক্তিকে কাজে লাগিয়ে এই মিথ্যা বিচিত্র জগৎ রচিত হয়েছে। আর বদ্ধ জীব অজ্ঞান বশত এই মায়াসৃষ্ট মিথ্যা জগতকেই সত্য বলে মনে করে চলেছে। সুতরাং মায়াই জীবের কাছে প্রকৃত সত্যের উদয় হতে দিচ্ছে না, প্রকৃত সত্যকে আবৃত করে সেস্থলে মিথ্যাকে প্রকাশ করে চলেছে। কাজেই তা জ্ঞান বিরোধী।

মায়া আবার 'ভাবরূপম' ও বটে। অর্থাৎ তা কেবল অভাবকে সূচিত করে না, ভাবকেও সূচিত করে। আবরণ শক্তির দ্বারা সৎ অধিষ্ঠানকে (ব্রহ্ম) আবৃত করাটা মায়ার অভাবাত্মক অবস্থা। আবার বিক্ষেপ শক্তির দ্বারা সত্যস্থলে মিথ্যা জগতের আরোপ বা বিক্ষেপ হয়। এটাই মায়ার ভাবাত্মক অবস্থা। তবে মায়া ব্রহ্মের ন্যায় ভাব পদার্থ নয়। কেননা সেক্ষেত্রে অজ্ঞানের বিনাশ কখনোই সম্ভব হত না। কিন্তু পারমার্থিক ভাব পদার্থ ব্রহ্মের জ্ঞান হলে অজ্ঞান বিনষ্ট হয়।

'যৎকিঞ্চিৎ' বিশেষণের দ্বারা মায়া যে অলীক নয় বা তা যে নিছক শূন্যতা নয়, তা কিছু একটা সেকথাই বোঝানো হয়েছে। কেননা মায়া মিথ্যা, আর মিথ্যা বলতে যে শূন্যতা বোঝায় না তা পূর্বেই দেখানো হয়েছে। কাজেই শঙ্কর মায়াময় জগত প্রপঞ্চের ব্যবহারিক সত্তা স্বীকার করেছেন।

উল্লেখ্য 'যদকিঞ্চিদিতি' শব্দস্থ 'ইতি' অর্থে ইত্যাদি বোঝানো হওয়ায় বুঝতে হবে উপরোক্ত বৈশিষ্ট্যগুলি ছাড়া ও মায়ার আরো কিছু বৈশিষ্ট্য আছে। সেগুলি নিম্নরুপ –

মিথ্যা জগৎ প্রপঞ্চের উৎপত্তির কোন ক্ষণ বলা যায় না অর্থাৎ তা অনাদি। ফলে জগতের কারণ অজ্ঞান ও অনাদি। কিন্তু ব্রহ্মজ্ঞানের দ্বারা অজ্ঞানের নাশ সম্ভব বলে তা অনন্ত নয়। অজ্ঞানের নাশে অজ্ঞান দ্বারা আরোপিত মিথ্যা জগতের জ্ঞান ও আর থাকে না।

অজ্ঞান বা মায়া আবার অবলম্বনহীন হয়ে থাকতে পারে না। তাহলে প্রশ্ন হবে মায়ার আশ্রয় বা অবলম্বন কী? অলীক/অসৎ বস্তু কোন কিছুর আশ্রয় হতে পারে না, কেননা যা নিজেই জ্ঞানের বিষয় নয় তার পক্ষে অন্য কিছুর অবলম্বন হওয়া অসম্ভব। কাজেই সৎ কোন কিছুকেই মায়ার আশ্রয় হতে হবে। আর ব্রহ্মই একমাত্র সৎ হওয়ায় তাকেই মায়ার আশ্রয় বলা হয়েছে। সংশয় হতে পারে যে, ব্রহ্ম যদি মায়ার আশ্রয় হয় তবে ব্রহ্ম কি করে মায়া স্বরূপ না হয়ে মায়া থেকে ভিন্ন হবে!

এইরূপ সংশয় নিরসনের জন্য অদ্বৈতবেদান্তে বলা হয়েছে, যাদুকরের যাদু শক্তির দ্বারা যেমন শুধু অজ্ঞ দর্শকবৃন্দ প্রতারিত হলেও যাদুকর নিজে প্রতারিত হন না, আকাশে আরোপিত নানা বর্ণ যেমন আকাশকে স্পর্শ করতে পারে না, তেমনই অজ্ঞান ব্রহ্মে আশ্রিত হলেও তা ব্রহ্মকে স্পর্শ করতে পারেনা। অর্থাৎ মায়াশক্তির দ্বারা অপরিনামী ব্রহ্মের কোনরূপ পরিবর্তন সাধিত হয় না। যাদুকরের মায়াজালে যেমন দর্শকবৃন্দ প্রতারিত হয়ে একটি বস্তুর জায়গায় বহুবস্তুকে সত্য বলে মনে করে, তেমনি মায়ার দ্বারা প্রতারিত হয়ে বদ্ধজীব এক এবং কেবলমাত্র একটি সত্যের (ব্রহ্ম) স্থলে বহু জাগতিক মিথ্যাকে সত্য মনে করে।

কাজেই যতক্ষণ মায়ার প্রভাব থাকে ততক্ষণ মিথ্যা জগৎ সত্যরূপে প্রকাশিত থাকে। আত্মসাক্ষাৎকার বা ব্রহ্মজ্ঞান হলেই মায়ারূপ মিথ্যাজ্ঞান ও সেই সাথে মিথ্যা জগতের জ্ঞান মরীচিকার মতো বিলীন হয়ে যায়। আর আত্মসাক্ষাতকারই মোক্ষ বা মুক্তি। আত্মসাক্ষাৎকারের মাধ্যমে মুক্তি বলতে কিন্তু ব্রহ্ম বা আত্মার নতুন প্রাপ্তি বোঝায় না, কেননা জীব তো নিত্যমুক্ত, সে আত্মস্বরূপ। তাই আমরা আত্মাকে পেয়েই বসে আছি, তাকে নতুন করে পাওয়ার প্রশ্নই নেই। কেবল তার উপর যে ময়লার আস্তরণ পড়েছে তা পরিষ্কার করে তাকে দর্শন করতে হবে। আর এই আবর্জনা টাই অজ্ঞান। এটাই সত্য দর্শনের পথে মূল প্রতিবন্ধক।

বেদান্তে নির্ভীকভাবে ঘোষিত হয়েছে যে, ‘আমরা যদি মনে করি আমরা বদ্ধ তবে আমরা বদ্ধই থেকে যাবো। ‘কাজেই আমাদেরকে এই অনুভূতির অধিকারী হতে হবে যে, আমরা সর্বদাই মুক্ত ছিলাম, মুক্তই আছি, চিরদিনই মুক্তই থেকে যাবো, আমাদের কোন পরিবর্তন নেই, নেই কোন পরিণামও, আমরা জন্মগ্রহণ করি না, করিনা মৃত্যুবরণও। কেননা আমরা (জীব) চিরমুক্ত পারমার্থিক সৎ ব্রহ্মস্বরূপ। কাজেই ব্রহ্মসাক্ষাৎকাররূপ মোক্ষপ্রাপ্তি হল আসলে প্রাপ্তের প্রাপ্তি। জীব বন্ধনদশায় যতদিন থাকবে ততদিন আত্মোপলব্ধি বা মুক্তি সম্ভব নয়। আর তার জন্য প্রয়োজন হয় বন্ধনের কারণ অজ্ঞানের তিরোধান। শঙ্কর বলেন, অজ্ঞান বা মায়ার সম্পূর্ণ বিলোপের নিমিত্ত শুদ্ধচিত্তে বেদান্ত পাঠ একান্ত প্রয়োজন। আর চিত্ত শুদ্ধির জন্য অদ্বৈতবেদান্তে সাধন চতুষ্টয়ের কথা উল্লিখিত হয়েছে। তবে সেগুলির বিস্তারিত আলোচনা আমার আলোচ্য প্রতিপাদ্য বিষয় প্রতিষ্ঠার নিরিখে অতিরিক্ত সংযোজন ভেবে সেই আলোচনা থেকে বিরত থাকছি।

সত্য উন্মোচনের প্রতিবন্ধকস্বরূপ মায়াতত্ত্ব সম্বন্ধে আরেকটু স্বচ্ছ ধারণার জন্য নিম্নোক্ত আলোচনা দিয়েই লেখার ইতি টানছি। উপরোক্ত যাবতীয় আলোচনা থেকে এটা স্পষ্ট হল যে, মায়া একটি আবরণ বা পর্দা স্বরূপ যার বহির্ভাগে রয়েছে প্রকৃত সত্য। এখন এই পর্দাটিতে একটি ক্ষুদ্র ছিদ্রের

কল্পনা করা যাক যার ভিতর দিয়ে বাইরের সত্যটির কিছুটা আমাদের দৃষ্টিগোচর হচ্ছে। এখন এই ছিদ্রটি যতই বড়ো হতে থাকবে সত্যের রূপটি ততই বেশী করে দৃষ্টিগোচর হতে থাকবে এটাই স্বাভাবিক এবং পর্দাটি সম্পূর্ণ যখন থাকবে না তখন সমগ্র সত্যের প্রকৃতরূপের সাক্ষাৎ সম্ভব হবে। এমনক্ষেত্রে অদ্বৈতবেদান্তের দৃষ্টিতে বলতে হবে পর্দাটির অপর প্রান্তে থাকা এই প্রকৃত সত্যটিই হল আত্মা (ব্রহ্ম), পর্দাটি হল মায়া/অবিদ্যা এবং দর্শকবৃন্দ হলাম বদ্ধজীবরূপী আমরা। বস্তুতঃ এই উপমায় দর্শক (জীব) ও দৃশ্য (ব্রহ্ম) অভিন্ন। কিন্তু সেই অভিন্নতা সাক্ষাৎকারের পথে এই দুইয়ের মধ্যে প্রাচীর হয়ে দণ্ডায়মান পর্দারূপী অবিদ্যা বা মায়া।

সুতরাং আমাদের সমস্ত সংগ্রাম ও প্রচেষ্টার লক্ষ্য হবে ঐ মায়ারূপী পর্দার ছিদ্রটিকে ক্রমশ বৃহৎ করতে করতে অবশেষে পর্দাটিকে ছিন্ন করা। তবেই তো প্রকৃত সত্যের সাক্ষাৎকার সম্ভব। অর্থাৎ আমাদের কাজ আত্মাকে বা নিজেকে মুক্ত করা নয়, কেননা আত্মা (জীব) তো স্বতঃই মুক্ত। বরং আমাদের কাজ হবে নিজেদেরকে বন্ধন মুক্ত করা অর্থাৎ পর্দারূপ মায়াজাল ছিন্ন করা। অন্যভাবে বলা যায়, সূর্য কখনো কখনো মেঘের দ্বারা ঢেকে থাকার কারণে পৃথিবীতে আলোর মাত্রা হ্রাস পায়, কিন্তু তার অর্থ এই নয় যে, সূর্যের মধ্যে পরিবর্তন সাধিত হচ্ছে। কেননা মেঘগুলি যতই বায়ুর সাহায্যে সরে যেতে থাকবে সূর্যালোক ততই প্রকট হতে থাকবে। আর মেঘগুলি সূর্যের উপর থেকে যখন সম্পূর্ণরূপে অপসারিত হবে তখন সূর্যকে তার সমগ্র জ্যোতি প্রকাশের মাধ্যমে স্বসরূপে দেখা যাবে। আমাদের কাজ হবে সূর্যরূপ ব্রহ্মের সাক্ষাৎকারের জন্য মেঘরূপ মায়াকে সমূলে নিবারণ করা। আর সেজন্য বায়ুর সাহায্যে নিতে হবে। এক্ষেত্রে শুদ্ধচিত্তে বেদান্ত অধ্যায়নই হবে বায়ুর নামান্তর।

সবশেষে একথা নিঃসন্দেহে বলা যেতে পারে যে, ভাবরূপে প্রতিভাত বা ব্যবহারিক সৎ মিথ্যা জগৎকে যথাযথ ব্যাখ্যার জন্য এবং একইসাথে পারমার্থিক সৎ ব্রহ্মের স্বরূপ উপলব্ধিসহ জীবের সঙ্গে ব্রহ্মের সম্বন্ধ ও জীবের মুক্তি সম্পর্কে যথাযথ অবগতির নিমিত্ত মায়াতত্ত্বের মর্মার্থ হৃদয়ঙ্গম করা অনস্বীকার্য।

**ঋণস্বীকার**


১. সদানন্দযোগীন্দ্রকৃত বেদান্তসার- সম্পাদনাঃ লোকনাথ চক্রবর্তী, প্রকাশকঃ পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ।

২. বেদান্ত মুক্তির বাণী-- সম্পাদকঃ স্বামী চেতনানন্দ, প্রকাশকঃ স্বামী নিত্যমুক্তানন্দ, উদ্বোধন কার্যালয়।

৩. ভারতীয় দর্শন – ডঃ সমরেন্দ্র ভট্টাচার্য ।

৪. ভারতীয় দর্শন – দেবব্রত সেন ।

৫. ভারতীয় দর্শন – প্রদ্যোত কুমার মণ্ডল ।

৬. ভারতীয় দর্শন – দীপক কুমার বাগচী ।

# লেখক পরিচিতি

- Dr. Ishani Ghosh, Associate Professor, Department Of History, Kalinagar Mahavidyalaya. Published works: The Riyasat of Murshidabad : A Tale of its Departed Glory.
- Dr. Amit Dey, Asutosh (Chair) Professor of Medieval and Modern Indian History, Department of History, Centre for Advance Studies, University of Calcutta. Published works include Sufism in India (1996), The Image of the Prophet in Bengali Muslim Piety: 1850-1947, Islam in south Asia, Co-Edited book Between tradition and Modernity: Aspects of Islam in South Asia etc.
- Dr. Aninda Chakraborty, Department of Mathematics, Government General Degree College, Chapra, University of Kalyani
- Arijit Chowdhury, Assistant Professor, Department of Political Science, Srikrishna College, University of Kalyani
- Dr. Ishita Khan, Assistant Professor, Department of Bengali, Kalinagar Mahavidyalaya
- Iman Sk, Assistant Teacher, Chakdignagar T.M. High School, Krishnanagar, Nadia, West Bengal & Dr. Kalyan Kumar Mandal, Assistant Professor, Department of Geography, Kalinagar Mahavidyalaya.
- Mouli Mandal, Assistant Professor, Department of Philosophy, Bajkul Miloni Mahavidyalaya, East Medinipur, West Bengal.
- Niladri Purkait, Librarian, Kalinagar Mahavidyalaya
- Prosenjt Gayen, Assistant Professor, Department of Philosophy, Kalinagar Mahavidyalaya
- Priyanka Ganguly, Psychological Counselor, & Sanjay Dutta, Assistant Professor, Madhyamgram B.Ed College, Madhyamgram, Kolkata
- Dr.Rahul Dev Biswas, Assistant Professor, Department of Sanskrit, Kalinagar Mahavidyalaya
- Dr. Rini Gangopadhyay, Assistant Professor, Department of Bengali, St. Xavier's College, Kolkata, and Published works include Bangla Sahitya Itihaser Itihas, Caronar Dinguli O Prem.
- Dr. Sandip Chatterjee, Assistant Professor, Department of History, (Hindi Shift) Banwarilal Bhalotia College, Asansol, West Bengal
- Dr. Soumen Debnath, Ex-Research Scholar, Department of Bengali, University of Kalyani
- Dr. Subhashis Chatterjee, Assistant Professor, Department Of Bengali, Kalinagar Mahavidyalaya, and published works include Madhusudaner Bhabna Boloy: Prasango Natok, Edited Book : Ekei ki bole sabhyota O buro saliker ghare row.